

Rural Governance Glimpses from India and Bangladesh

Ensuring development had indeed been an uphill task before the impoverished Indian state in 1947, just freed from centuries of colonial servitude. Ever since, the strategy for moving forward hinged upon rejuvenation of the vast countryside so as to lay the foundation of a resurgent India. Governing rural India has been and continues to be of pivotal importance to meet developmental objectives.

The Department of Political Science, Ramakrishna Mission Vidyamandira, in collaboration with an NGO, Nivedita Community Care Centre, Village Ichhapur, PO Gopinagar, District Hooghly, organised a Seminar at the Centre on 22 November, 2016 where our students studying Public Administration as part of their syllabus presented papers on issues of rural governance in West Bengal in India and also in the neighbouring state of Bangladesh. Resource persons such as Faculty from Vidyamandira, government officials, Panchayat functionaries and development practitioners had a direct face to face interaction with the students at the rural setting faraway from urban life. The present volume is a collection of papers presented by resource persons and our students, and is an attempt to obtain a nuanced understanding of rural lives and livelihoods.

Rs. 120/-



Rural Governance
Glimpses from India and Bangladesh

Edited by: Indrashis Banerjee
Satyam Chakraborty
Ajoy Kumar Bera



Edited by
Indrashis Banerjee
Satyam Chakraborty
Ajoy Kumar Bera



Department of Political Science
Ramakrishna Mission Vidyamandira
(An Autonomous Residential College affiliated to Calcutta University)
Belur Math, Howrah – 711202, West Bengal

Rural Governance
Glimpses from India and Bangladesh

Edited by
Indrashis Banerjee
Satyam Chakraborty
Ajoy Kumar Bera



Department of Political Science
Ramakrishna Mission Vidyamandira
(An Autonomous Residential College affiliated to Calcutta University)
Belur Math, Howrah - 711202, West Bengal

Published by:

Swami Shastrajnananda

Principal

Ramakrishna Mission Vidyamandira

Belur Math, Howrah – 711202, West Bengal

Phone: 033-2654-9181

Email: vidyamandira@gmail.com

Website: www.vidyamandira.ac.in

First Edition

First Published : January, 2018

Copyright:

Principal

Ramakrishna Mission Vidyamandira

Belur Math, Howrah – 711202, West Bengal

ISBN: 978-81-934762-4-6

Cover Design : Niladri Shekhar Chakrabortty

Cover Photographs: Editors & Ashutosh Dutta

Rs. 120/-

Printed by:

Soumen Traders Syndicate

9/3, K. P. Coomer Street, Bally

Howrah – 711201, Phone: 033-2654-3526

Email: stsbally@gmail.com

Publisher's Note

For India to move on in its journey to end poverty and ensure security and development for all, it is essential to emphasise on development of the vast countryside and the people who inhabit it. Ever since independence, therefore, governing rural India to achieve the goals of inclusive and sustained development has been a crucial area for governmental and non-governmental initiatives.

The Department of Political Science, Ramakrishna Mission Vidyamandira had taken up a novel endeavour in collaboration with Nivedita Community Care Centre, Village Ichhapur, PO Gopinagar, District Hooghly whereby our students studying Public Administration in India as part of their syllabus conducted field studies in different areas and presented papers on issues of rural governance in West Bengal in India and also in the neighbouring state of Bangladesh at a Seminar at the Centre on 22 November, 2016. Resource

persons such as Faculty from Vidyamandira, government officials, Panchayat functionaries and development practitioners had a direct face to face interaction with the students at the rural setting faraway from urban life. The present volume is a collection of papers presented by resource persons, and most importantly, our students.

We acknowledge with gratitude the contributions of the writers, the local administration, Panchayat members and office bearers, the Nivedita Community Care Centre, the printer and all those who have stood by us so that this volume can see the light of day.

Publisher

Vidyamandira

Belur Math

Date: 25 December, 2017

Contents

Rural Governance: a Prologue	
Indrashis Banerjee	1
গ্রামোন্নয়ন	
সত্যম চক্রবর্তী	8
Government & Governance: A Conceptual Framework	
Sudipto Karmakar	14
গ্রামোন্নয়ন ও আমি	
বিজলী মাঝি	20
আমার পঞ্চগয়েত ও উন্নয়ন ধারাঃ পাড়ামুয়া সাহাবাজার গ্রাম পঞ্চগয়েত	
কৃষ্ণচন্দ্র মুখার্জী	25
গ্রামবাংলার উন্নয়ন ও ইছাপুর গ্রাম	
সমিত ভট্টাচার্য্য	30
Local Self-Government in Bangladesh	
Amit Saha	37

গ্রামীণ স্বায়ত্তশাসনঃ প্রসঙ্গ বাংলাদেশ আশুতোষ দত্ত	59
Local Self Government : A Rural Picture (With special emphasis on Seventy-third Amendment Act 1992) Upamanyu Basu	86
পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চায়েতের আয়ের উৎস এবং স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা বিকাশ মাখাল	103
সুশাসন, পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠান ও মহিলাদের ক্ষমতায়নঃ একটি পর্যালোচনা অজয় কুমার বেরা	120
মুর্শিদাবাদ জেলার দাদপুর শিশু শ্রমিকদের একটি সাম্প্রতিক চিত্র সৌরভ সাহা	135
আয়লা পরবর্তী সুন্দরবনের একটি গ্রামের কথা মিন্টু দাস	154
আয়লা ও সুন্দরবনের মৎসজীবীঃ অবস্থা ও অবস্থান মিলন বাইন	176

Rural Governance: a Prologue

Indrashis Banerjee

Head, Department of Political Science,
Ramakrishna Mission Vidyamandira

Addressing the concerns and enhancing the quality of life of all sections of the population across the length and breadth of this vast and ancient land of ours is fundamental to ensuring peace and prosperity. With a very long history of colonial exploitation, the task before the impoverished newly independent Indian state in 1947 was indeed extremely difficult. The task of feeding the millions, providing shelter and security and extending even the very basic of amenities to the teeming multitude were huge, and in meeting these challenges, the Indian state started its journey by organising, conducting and nurturing development initiatives. In this effort, the support and active assistance of other development agencies alongside the state helped address the development issues to a considerable extent.

India, as is often said, lives in its villages, and aptly, the development initiatives focussed upon developing the country side primarily, as a first step. In other words, in the stress on rural development lay the foundation of a future India, secure and peaceful. Units of rural local government were formed through

legislations and movements in order to manage development in rural areas so as to achieve desirable goals and objectives that would stand by the poor, the needy and the disadvantaged. Governing rural India, thus, has been and continues to be of pivotal importance in India's journey of progress and in striving to wipe the tear from every eye.

The Department of Political Science, Ramakrishna Mission Vidyamandira had taken up a novel endeavour whereby students studying Public Administration as part of their syllabus conducted field studies as well. They presented papers on issues of rural governance in West Bengal in India and also in the neighbouring state of Bangladesh in collaboration with Nivedita Community Care Centre, Village Ichhapur, PO Gopinagar, District Hooghly at the Centre. This non-governmental organisation was established in 1975. Resource persons included Faculty from Vidyamandira, government officials and sub-district level Panchayat functionaries such as the Karmadhyakshya as also the lady-member of the Panchayat Samity, the elected Members of the Gram Panchayats, and so on. The direct interface between the academic community of teachers and students and development practitioners at a rural setting far removed from urban life had been a rewarding experience. The present volume is a collection of papers presented by resource persons, elected representatives,

and most importantly, our students, whose contributions focus upon conceptual issues as also hinge upon field-based in-depth analysis of the maze of issues that development in general, and governance in particular in the context of the *rural* in India and Bangladesh.

A nuanced understanding of any issue calls for a larger framework of academic understanding that makes deliberation meaningful and a contributory factor in the development enterprise. This framework rests upon creating a conceptual and definitional template. In his paper titled '*Gramonnoyon*' (in Bengali), the author Satyam Chakraborty sets the tone of the publication, providing a canvass in which is seamlessly painted the papers that follow. The submission by Sudipto Karmakar, 'Government and Governance: a Conceptual Framework' explores the notions of 'government' and 'governance', two similar sounding, yet conceptually not entirely similar words in an academic exercise aimed at conceptual clarity.

The elected representative of the intermediate level of the three-tier Panchayat Raj Institutions, the Panchayat Samity, Bijoli Majhi, in her article, '*Gramonnoyon o ami*' (in Bengali) traces how she had been drawn into rural development initiatives in a political career spanning years and across different political dispensations in Dhaniakhali Panchayat Samity of Hooghly district of West Bengal. Krishna Chandra

Mukherjee, elected Member of Parambua Gram Panchayat, Hooghly district in his presentation, '*Amar Panchayat o Unnayon dhara: Parambua Sahabazar Gram Panchayat*', focuses upon the steps undertaken to attain the objectives of development in his locality. Samit Bhattacharya, the elected representative and Member of Gopinathpur I Gram Panchayat dwells upon development issues at large in the Ichhapur village of his area, highlighting, interestingly, the role played by Nivedita Community Care Centre, an NGO established in 1975 in Ichhapur village, especially in the areas of health care for the mother and the child in his contribution, '*Grambanglar Unnayon o Ichhapur Gram*' (in Bengali).

A marked feature of this volume is the contribution based on secondary data as also direct first-hand experience of governance and development in the sprawling countryside in the neighbouring state of the People's Republic of Bangladesh by two of our international students, both of them being Bangladeshi citizens. '*Local Self-Government in Bangladesh*' by Amit Saha and '*Grameen shayattashashon: Prasanga Bangladesh*' (in Bengali) by Ashutosh Dutta are riveting reads, highlighting the trajectories of rural development initiatives and institutional arrangements in that country.

Upamanyu Basu's '*Local Self Government : A Rural Picture* (With special emphasis on 73rd

Amendment Act 1992)' attempts a pen picture of the landmark legislative provisions as constitutionally mandated by various Acts, especially the 73rd Amendment Act 1992 to the Constitution of India. His exploration goes on to look into issues of empowerment effects of the people of rural India.

In '*Paschimbangyer Gram Panchayater Aayer Utsa ebong Sthyaniya Shayattashashan byaboshthya*' (in Bengali), Bikash Makhal probes into the sources of revenue earning of Gram Panchayats in an endeavor to suggest possible measures for augmenting the finances of panchayats, thereby making these rural self-governing units self-sustaining and thus, self-reliant to the extent of taking their own decisions by not depending on external financial support. Ajoy Kumar Bera examines the nuances of women's empowerment in the context of 'governance' and the institutionalization of Panchayat Raj in '*Sushashan, Panchayati Raj Protishthan o Mahilader Khomotayan: ekti Parjyalochona*'. With valuable inputs from a Murshidabad village, Sourav Saha's empirical study reveals the intensity, nature and extent of the problem of child labour in his analytical submission, '*Murshidabad Jelar Dadpur Shishu shromikder ekti Shamprotik Chitro*'.

Development functionaries are busy with their normal duties as elected members of the rural governance units across rural India: it becomes an almost

impossible task for them to deal with situations that stare squarely in the face, suddenly, and beyond their control. Thus, in the instances of floods, landslides, forest-fires and such natural calamities, which are not too infrequent, the grassroots-level organisations and development agencies of the government as also other institutions have an exacting time. From directly experienced everyday life in their own villages, the authors of two articles, Mintu Naskar and Milan Bayen go on to show how the Cyclone Aila in West Bengal's Sundarbans area impacted upon lives and livelihoods of inhabitants : crops were destroyed, habitations inundated, livestock and cattle affected. They go on to study the response of the local state or the lack of it to these and other development and governance issues in their contributions. Naskar's first-hand experiential knowledge is portrayed in his '*Aila Poroborti Sundarbaner ekti Gramer Katha*' (in Bengali). Milan Bayen's paper, '*Aila o Sundarbaner Matshyojibi: Obosthya o Obosthyan*' (in Bengali) seeks to specifically address the condition of fisher folk and fish farmers, a category that comprises a bulk of the population in their study area.

A population inhabiting a landmass of sub-continental proportions with a very long and variegated history such as ours has indeed been an asset for the Indian state. However, the development experience

across the length and breadth of the country has not been uniform, and many a region did not surge forward as many others did. Studies have highlighted such lopsided growth, and some have gone on to pinpoint these as the cause for a number of challenges facing the country in contemporary times, including the rise of extremism, forced migration, starvation, malnutrition, superstition and so on. It is of crucial importance that the *rural* play a defining role in the scheme of development as a whole, and in assigning an *agentive* role to the rural constituency in diverse settings only can development be inclusive and sustainable. A top-heavy, hierarchal and graded administrative approach to developing all corners of the land and touching favourably all sections of the population ends up in leaving many at the receiving end, what with the bane of nepotism, redtapism and bureaucratic stranglehold institutionalized over centuries and perpetuated even after our independence serving vested interests. Only through empowering Indians through legislation and securing their entitlements through sustained initiatives can the fruits of development be realized. It is only natural that in doing this, the village and the villager must be accorded the centrality that they deserve.

গ্রামোন্নয়ন

সত্যম চক্রবর্তী

অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

রাজনীতির তাত্ত্বিক ও ফলিত দিকের ওপর আলোকপাত করে আলোচনা বেশ কিছুদিন হল শুরু হয়েছে। এই ধরনের আলোচনারই সামান্য প্রয়াস বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র ও নিবেদিতার যৌথ উদ্যোগে আয়োজন করা হয়েছিল। এই ধরনের আলোচনা আরও প্রাসঙ্গিক ও প্রাণবন্ত হয়ে ওঠে যদি সেই আলোচনা শ্রেণীকক্ষের পঠন পাঠন কে মাঠের আলোচনা মঞ্চে যোগসূত্র স্থাপনকারী হয়ে ওঠে। আর এই সংযোগস্থাপনের অন্যতম সূত্র (প্রতিষ্ঠান) হতে পারে গ্রামীণ স্তরে স্থানীয় সরকারের আলোচনা। রাজনীতির পরিভাষায় যাকে পঞ্চায়েতের আলোচনা বলা হয়। যে প্রধান প্রধান বিষয় ও প্রশ্ন জড়িয়ে গ্রামীণ স্তরের স্থানীয় স্বায়ত্ত্ব সরকারের ধারণা ঐতিহাসিকভাবে গঠিত হয়েছে, যেমন ক্ষমতার বিকেন্দ্রীকরণ, সাধারণ মানুষজনের ক্ষমতায়ন, তৃণমূল স্তরের মানুষজনের রাজনীতিতে অংশগ্রহণ এবং অবশ্যই গভর্নেন্স ও স্বচ্ছতা প্রভৃতি তার

সমীক্ষণ ও বিশ্লেষণ রয়েছে এই লেখায়। উল্লেখিত হয়েছে জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রানুসারে স্থানীয় সরকার কিভাবে স্থানীয় সমস্যার মোকাবিলা, গ্রামীণ পুনর্গঠন, ক্ষমতায়ণ ও স্থানীয় রাজনীতিতে অংশ গ্রহণের মতন যেসব উদ্যোগ নেওয়া হয়েছিল, সেই প্রচেষ্টা।

তাত্ত্বিক রাজনীতিও ফলিত রাজনীতির অন্তর্নিহিত টানাপোড়েনের আলোচনাকে প্রাণবন্ত করে তোলার জন্যই বিদ্যামন্দির ও নিবেদিতার যৌথ উদ্যোগে আয়োজিত স্থানীয় গ্রামীণ স্বায়ত্ত্ব শাসনের শ্রেণীকক্ষের পঠন পাঠনকে গ্রামীণ রাজনীতির সঙ্গে যুক্ত করে এক আলোচনা সভার। পঞ্চগয়েত ব্যবস্থা ছিল এই আলোচনা সভার কেন্দ্রীয় বিষয়। বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্ররা ছিল এই উদ্যোগ ও আয়োজনের অন্যতম কাণ্ডারী। তবে এর সঙ্গে অবশ্যই শিক্ষক ইন্দ্রাশীষ ব্যানার্জীর ভূমিকা প্রশংসার দাবী রাখে।

বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রদের মধ্যে অনেকে তাদের নিজ নিজ এলাকায় পঞ্চগয়েতের ভূমিকা নিয়ে যেমন আলোচনা করেছে, তেমনি আবার অনেকে সর্বভারতীয় স্তরে পঞ্চগয়েতের সাংবিধানিক স্বীকৃতি ও সংস্কারের নানা দিকের উপরেও

আলোকপাত করেছে। আসলে ছাত্ররা তাদের আলোচনাকে Micro (অনু) স্তরের পাশাপাশি Macro (ব্যাপক) স্তরেও নিয়ে যাওয়ার চেষ্টা করেছে। এর পাশাপাশি আমাদের প্রতিবেশী বন্ধু রাষ্ট্র বাংলাদেশের স্থানীয় সরকার সম্বন্ধেও আমরা অবগত হতে পেরেছি সেই দেশেরই নাগরিক, বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র অমিত সাহা ও আশুতোষ দত্তের লেখার মাধ্যমে। সংক্ষেপে সেই দিনকার আলোচনা জাতীয়তার সীমানা ছাড়িয়ে আন্তর্জাতিকতার সাথে মিলেমিশে একাকার হয়ে গিয়েছিল।

আলোচনাকে সর্বভারতীয় স্তরে উত্তীর্ণ করে স্বায়ত্ত্ব সরকার সম্পর্কে ৭৩ তম সংবিধান সংশোধনের যে আলোচনা উপমুখ্য বসু করে সেটি স্থানীয় মানুষজনের মনে নানা প্রশ্ন ও জিজ্ঞাসার উদ্ভব ঘটিয়েছিল। বিকাশ মাখালের ‘পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চগয়েতের আয়ের উৎস এবং স্থানীয় স্বায়ত্ত্ব শাসন ব্যবস্থা’ সম্পর্কিত আলোচনাটি বেশ চিত্তাকর্ষক হয়েছিল। পঞ্চগয়েতকে ‘বাস্তুঘুঘুদের বাসা’ থেকে মুক্ত করে কিভাবে সঠিক অর্থে গ্রামীণ পুনর্গঠনের কাজে ব্যবহার করা যায় সেই আলোচনাও বিকাশ করেছে। আর মূল কথা হল এই কর্মযজ্ঞে যথাযথ ভূমিকা

পালনের জন্য পঞ্চায়েতের যে আর্থিক সঙ্গতি থাকা দরকার তা আছে কিনা এবং যদি সেই আর্থিক সঙ্গতি না থাকে তাহলে কীভাবে তার বৃদ্ধি ঘটানো সম্ভব তার উপায় নিয়েও বিকাশ মাখাল বিস্তারিত আলোচনা করেছে।

আলোচনাকে একেবারে প্রান্তিক স্তরে পৌঁছে দিয়েছে মিলন বাইন। তার আলোচনার বিষয় ছিল ‘আয়লা ও সুন্দরবনের মৎসজীবী; অবস্থা ও অবস্থান’। আয়লা বিধ্বস্ত সুন্দরবন এবং সেখানকার মৎসজীবী সম্প্রদায়ের মানুষজনের জীবনযাত্রার করুণ অবস্থা ফুটে উঠেছে মিলনের আলোচনায়। আয়লা বিধ্বস্ত মানুষদের জীবন পুনর্গঠনের ব্যাপারে সেখানকার পঞ্চায়েতের ভূমিকা কতখানি ইতিবাচক ও গঠনমূলক হতে পেরেছে, সেই ব্যাখ্যা পাওয়া গেছে মিলনের আলোচনাতে।

আয়লা পরবর্তী সুন্দরবনের আর একটি গ্রামের চিত্র ফুটে উঠেছে মিন্টু দাসের আলোচনায়। আয়লা পরবর্তী সুন্দরবন এলাকার গ্রামগুলিতে স্থানীয় পঞ্চায়েতগুলির ভূমিকা কতখানি অরাজনৈতিক হতে পেরেছে সেই আলোচনা মিন্টু যেমন করেছে, পাশাপাশি পঞ্চায়েতের ভূমিকার অসংগতিগুলিও ধরিয়ে দেওয়ার চেষ্টা করেছে।

‘শিশু শ্রমিক’ ভারতের মতন উন্নয়নশীল রাষ্ট্রগুলির একটি জ্বলন্ত সমস্যা। এই সমস্যার কথা মাথায় রেখে সৌরভ সাহা মুর্শিদাবাদ জেলার দাদপুর গ্রামের শিশু শ্রমিকদের একটি সাম্প্রতিক চিত্র তার বর্ণনার মধ্যে বিবৃত করেছে। আমাদের মতন দেশে শিশু শ্রমের কারণগুলির উল্লেখের সাথে সাথে তার সমাধানের উপায়গুলির কথাও সৌরভ তার আলোচনায় করেছে। এই ব্যাপারে সরকারী ও বেসরকারী উদ্যোগগুলির উল্লেখ যেমন রয়েছে তেমনি শিশু শ্রম আটকানোর ব্যাপারে পরিবার, রাষ্ট্র ও রাজ্য সরকারের পাশাপাশি পঞ্চায়েতের ভূমিকা কি হওয়া দরকার তার আভাস সৌরভের আলোচনায় আছে।

গ্রামীণ শ্রোতামণ্ডলীর সাথে বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রদের বক্তব্য বিষয়গুলির সংযোগস্থাপনকারীর মাধ্যমে উপস্থাপক হিসেবে আমি আমার ভূমিকাকে সীমাবদ্ধ রাখার চেষ্টা করেছি। তবে এ কথা বলতে দ্বিধা নেই যে নিয়ম করে এই ধরনের দু-একটা আলোচনা সভার আয়োজন করেই শ্রেণীকক্ষের আলোচনাকে প্রান্তিক স্তরে নিয়ে আসা যাবে কিনা তা নিয়ে সংশয় থেকে যায়। তবে তাত্ত্বিক এবং

ফলিত রাজনীতির মধ্যকার ব্যবধান হ্রাস করার জন্য এই ধরনের উদ্যোগ আরো বেশী করে দরকার। শুধু তাই নয়, এই ধরনের আলোচনা শুধু সংখ্যায় নয়, গুণগত মাণেও যত বেশী বৃদ্ধি পাবে ততই প্রান্তিক স্তরে ব্রাত্য মানুষজনের মধ্যে স্থানীয় রাজনীতি ও সরকার সম্পর্কে উৎসাহ বৃদ্ধি পাবে। তারা বুঝতে পারবে স্থানীয় রাজনীতিকে এবং তাতে অংশগ্রহণে উৎসাহ বোধ করবে। নিজেদের ক্ষমতায়নের ব্যাপারে স্থানীয় মানুষজন সচেতন হয়ে উঠবে, অর্থাৎ এইসব প্রান্তিকামী মানুষজনই যে স্থানীয় রাজনীতির ‘কেন্দ্রীয় একক’ সে ব্যাপারে গণসচেতনতা হয়তো গড়ে তোলা সম্ভব হবে।

Government & Governance: A Conceptual Framework

Sudipto Karmakar

Student (3rd Year), Department Of Political Science,
Ramakrishna Mision Vidyamandira

Governance and *government* are words that have gained currency amongst a very large, almost an unimaginable number of people across the world. Their popularity is ever increasing. Of the two terms, *government*, however, is a word that has a far greater understanding among people than *governance*, and the reason perhaps lies in the term being used to mean one of the features of a modern state, the others being territory, population, international recognition, and most importantly, sovereignty, an attribute that sets the state apart from all other organizations and institutions. *Government* has a longer history than the later term *governance*. This presentation seeks to explore the meaning, types and nature of these two terms in order to develop a conceptual framework that may prove helpful in understanding the crucial state-citizen relationship across societies and both rural and urban contexts.

Often, *Governance* and *government* are regarded as interchangeable terms. This is so in the sense that these both relate to *the process of governing*: However, they differ in other senses. *Government* often refers to the governing body itself, while *governance* often refers

to the act of governing. So, we may contend that, members of a government are engaged in governance.

In varied contexts, however, *governance* is often regarded to be the better word for the administration of non-governmental organizations (and corporations, as well), while *government* works better in reference to the public administration of nations, states, municipalities and civic governments and so on

The two terms may, on closer scrutiny, reveal typologies that prove helpful in disaggregating the topic of discussion and delve and understand their meanings.

TYPES OF GOVERNMENT

Monarchy - Monarchy is a form of government in which a single family rules a country from generation to generation. The power, or sovereignty, is personified in a single individual. The most familiar example of a monarchy is the constitutional monarchy that exists in the United Kingdom. Queen Elizabeth II is the head of state of the U.K. as well as monarch of fifteen other independent countries.

Republic – This is a form of government in which power is explicitly vested in the people, who in turn exercise their power through elected representatives. Today, the terms republic and democracy are virtually interchangeable, but historically the two differed.

Dictatorship– Dictatorship is defined as a form of government in which one person or a small group possesses absolute power without

effective constitutional limitations. Dictators usually resort to force or fraud to gain despotic political power, which they maintain through the use of intimidation, terror, and the suppression of basic civil liberties. They may also manipulate and employ techniques of mass propaganda in order to sustain their public support.

Aristocracy- An aristocracy is a form of government where a small group of elites rule. Aristocrats, or the ruling elites, tend to enjoy both social and economic prestige as well as political power. They usually have a specific honorary title, in the European context, for instance, such as Duke, Duchess, Baron, Baroness, etc. In addition, children usually inherit aristocratic status from their parents. In some cases, one can be promoted into the aristocracy through service to a monarch.

Democracy- Another form of government is a democracy. Democracy is defined as a form of government in which power belongs to the people. There are two forms of democracy. One is direct democracy, in which all eligible citizens have direct participation in the decision making of the government. The second and more common form of democracy is representative democracy, in which citizens exercise their power through elected representatives. The elected representatives propose, develop, and create laws for the citizens to abide by. The most familiar example of democracy is the representative democracy that exists in the United States of America, India and others. Americans elect a president and representatives of

Congress. Most of the modern governments are 'Democratic'.

TYPES OF GOVERNANCE

Global Governance - Global governance or world governance is a movement towards political cooperation among transnational actors, aimed at negotiating responses to problems that affect more than one state or region.

Corporate Governance - Corporate governance is the system of rules, practices and processes by which a company is directed and controlled. Corporate governance essentially involves balancing the interests of a company's many stakeholders, such as shareholders, management, customers, suppliers, financiers, government and the community.

IT Governance – *IT Governance* or *Information Technology Governance* is a framework that ensures that an organisation's IT infrastructure supports and enables the achievement of its corporate strategies and objectives.

Participatory Governance - Participatory governance is defined as a collaborative effort of administration, faculty, staff, and students for the purpose of providing high quality college programs and services.

Non-Profit Governance - Governance is the process of providing strategic leadership to a non-profit organization. It entails the functions of setting direction, making policy and strategy decisions, overseeing and monitoring organizational performance, and ensuring overall accountability.

Rural Governance – Rural Governance is the act of ruling at the village & district levels by the local governments. Good Rural Governance provides individual citizens and the leaders of village-level institutions with knowledge, skills, and confidence to become informed active self-advocates for the development of their communities.

India, as is often said, lives in its villages. It has a tradition of rural units being governed by inhabitants of the immediate locality that dates back to the days of the epics, and, for instance, the *Shanti Parva* of the Mahabharata specifically refers to a robust system that even had functions including dispensation of justice. The present day rural governing units, however, are often regarded as having direct bearing and legacy of British rule in India. These modern Panchayats, however, did not find pride of place in the draft of the Indian Constitution, and Gandhiji lamented that this omission was unfortunate. It was almost some sort of an afterthought that their mention was included in the Constitution, but only in the Directive Principles of State Policy, the Part IV of the Constitution that mandated the Indian state to do or not do certain things. These,

however, were non-justiciable in courts of law, and remained mere pronouncements on paper. Thus, PRIs were not accorded their due importance for long, till 1992, when the Amendment to the Indian Constitution mandated a three tier rural local-self-governing mechanism. The 73rd Amendment (1992) is about Rural Local Government. In India, it is also known as the 'Panchayati Raj Institutions' (PRI). A government may function variously for profit or non-profit, for people or itself. But the main purpose is to assure good results following a set pattern of rules. In conclusion, governance is the physical exercise of the polity while the government is the body through which it is done. Governance is what a government does.

References

Bidyut Chakrabarty and Mohit Bhattacharya, *Public Administration: A Reader*, New Delhi: Oxford University Press, 2003.

M Laxmikanth, *Public Administration*, 5th Edition, New Delhi: McGraw-Hill Education, 2011.

www.grammarist.com (Accessed on 7.11.16)

গ্রামোন্নয়ন ও আমি

বিজলী মাঝি

সদস্যা, ধনিয়াখালী পঞ্চগয়েত সমিতি, কোটালপুর, কুমরুল, হুগলী

প্রবাহমান দ্বারকেশ্বর নদের পশ্চিমতীরে ছায়াসুনীবিড় গোঘাট থানার অন্তর্গত শূনিয়া গ্রামে আমার জন্ম হয় ১৪ সেপ্টেম্বর ১৯৬৬ সালে। গরীব অস্বচ্ছল পরিবার, আমি ছিলাম বাবার দ্বিতীয় কন্যা। যখন আমি চতুর্থ শ্রেণীর ছাত্রী তখন পিতাকে হারিয়েছিলাম, মানুষ হয়েছিলাম মায়ের কাছে। শৈশবে অনেক দুঃখ কষ্টের মধ্য দিয়ে কাটাতে হয়েছে আমাকে। কিন্তু অদম্য পড়াশোনা করার জেদ আমার চেপে বসেছিল। তাই পিতাকে মৃত্যু শয্যায় রেখেও আমি চতুর্থ শ্রেণীর প্রবেশিকা পরীক্ষা দিতে গিয়েছিলাম। ফিরে এসে দেখলাম আমার পিতার নিখর দেহ খানি। সেই থেকে আমাদের সংসারে নেমে এল দুঃখের করাল ছায়া। বিধমা মা ও আমরা তিন বোন, ফলে সংসারে তো নুন আনতে পাস্তা ফুরায় অবস্থা।

এই আর্থিক অনটনের মধ্যেও আমার পড়াশোনা করার জেদ চেপে বসে। শৈশব কালে যখন আমার সহপাঠীরা বিদ্যালয়ে গিয়ে পড়াশোনা করে তখন আমি পড়াশোনা করার নেশায় বিদ্যালয়ের পিছনে বসে সেই সহপাঠীদের পড়াশোনা কে অনুকরণ করি। তাই দেখে আমার মা যখন আমাকে মারতে মারতে বলেন - "তোদের ভাগ্যে পড়াশোনা করার সামর্থ্য নেই যেমনি ভাগ্য করেছিস তেমনি ফল ভোগ কর" সেই কথা শুনতে

পেয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বরসী ভূষণ মন্ডল মহাশয় মাকে বোঝালেন এবং বললেন যে - "বিজলী কে আমার বিদ্যালয়ে দিন ওর পড়াশোনা করার বই আমরা দেব"। তার পর থেকে পুনরায় শুরু হল আমার ছাত্র জীবন। কিন্তু বই থাকলেই তো আর পড়াশোনা হয়না দরকার পেন - খাতার, তাই মা বানিয়ে দিলেন বাঁশের কঞ্চির পেন আর কালী হিসাবে এনে দিলেন তৎকালীন সময়ের নীল বড়ি। পড়াশোনা করতে করতে যখন আমি নবম শ্রেণীর ছাত্রী তখন গরীব পরিবারের মেয়েদের সঙ্গে তাল মিলিয়ে আমারও বিয়ের ব্যবস্থা করলেন আমার মা।

সংসার জীবনে আবদ্ধ হলাম হুগলী জেলার কোটালপুর নিবাসী দিলীপ মাঝির সঙ্গে, শ্বশুর বাড়িতেও অস্বচ্ছল পরিবার। বিয়ের সাত মাস পরেই আমার শারীরিক জীবনেও নেমে এল কঠিন সময়। হলাম চিত্তরঞ্জন সেবাসদনে ভর্তি। ডাঃ বাবুরা পরীক্ষা করে বললেন অপারেশন করার কথা। তো ডাঃ বিশ্বনাথ দাস মহাশয় তখন আমাকে নতুন জীবন দান করলেন এবং তীব্র শারীরিক যন্ত্রনা মুক্তি দিলেন, যাই হোক বিয়ের পাঁচ বছর পর আমাদের এক পুত্র সন্তানের জন্ম হয় নাম দীপেন। তীব্র ঘাত প্রতিঘাতের মধ্যেও দীপেনকে পড়াশোনা করানোর ব্যবস্থা করি সে বর্তমানে এম এ প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে সংস্কৃত বিভাগে এম ফিল করছে। বর্তমানে চাকুরী প্রার্থী।

আমি খুব গর্বিত যে ছোট বেলায় পিতাকে হারিয়েও বর্তমানে পিতাসম শ্রী রামেন্দু সিংহরায়ের মতো মহান ব্যক্তিকে পেয়ে। যখনি কোন ঘাত প্রতি ঘাতের মধ্যে পড়েছি উনি আমাদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন।

আমার রাজনৈতিক জীবনের হাতে খড়ি প্রয়াত বাণীপ্রসাদ সিংহরায়ের হাত ধরে। তাঁরই পদাঙ্ক অনুসরণ করে ১৯৯৩ সালে প্রথম পঞ্চায়েত নির্বাচনে লড়াই করা। সেই পথে চলতে গিয়েই আমার পিতৃসম রামেন্দু সিংহরায়ের সান্নিধ্যে আসা। তৎকালীন বামফ্রন্ট সরকারের আমলে সি পি আই এম এর ক্যাডার বাহিনীর অত্যাচারে আমাকে পাটখেতের মধ্যেও রাত্রি কাটাতে হয়। কিন্তু সেই ভয়কে জয় করা অদম্য জেদ ও নিষ্ঠার সঙ্গে দলকে ভালবেসে আমার মায়ের আশীর্বাদ নিয়ে সেই দিন শপথ নিয়ে বলেছিলাম -

আমি যাব - আমি যাব

রাজনীতিতে ঢালিব প্রাণ

গাহিব করুণ গান।

১৯৯৮ সাল, মমতা ব্যনার্জীর আদর্শে উদ্বুদ্ধ হয়ে কংগ্রেস দল ছেড়ে তৃণমূল কংগ্রেস দলে যোগদান করলাম এবং দিদি আমাকে ৩১ নং জেলা পরিষদ এর জন্য প্রার্থী নির্বাচন করলেন। কিন্তু অনেক সংগ্রামের সঙ্গে লড়াই করে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হল। গননা কেন্দ্র গননার দিন আমি ও আমার সহকর্মীরা উপস্থিত হলে C.P.I.M - এর হার্মাদ বাহিনী প্রথমে আমাদের বাধা দেয় ও পরে গননা কেন্দ্র থেকে বার করে দেয়। কিন্তু সেই আমার অদম্য জেদের ফলে যখন আমি পুনরায় গননা কেন্দ্রে যাই তখন তারা আমাকে শারীরিক ভাবে হেনস্থা করতে থাকে। যেমন - বুটে করে লাথি মারা, শরীরের মধ্যে পিন ফুটিয়ে দেওয়া ইত্যাদি। শেষে যখন দেখলো কিছুতেই আমাকে গননা কেন্দ্র থেকে হটাতে পারছে না তখন C.P.I.M - এর ক্যাডার বাহিনী ব্যালট বাক্স ছিনতাই করলো এবং তৎকালীন বামপন্থী

প্রশাসন আমাকে পরাজিত বলে ঘোষণা করলো। সেই দিন হয়তো সরকারী ভাবে আমি হেরে গেলাম কিন্তু মানুষের সে রায় তা সঠিক ভাবে প্রতিফলিত হল না।

২০০৮ পঞ্চগয়েত নির্বাচনে দলের প্রতি দায়বদ্ধতার জন্য পুনরায় আমাকে পঞ্চগয়েত নির্বাচনে প্রার্থী করা হলো। অন্যদিকে C.P.I.M - নেতাদের দেওয়া প্রলোভন উপেক্ষা করে আমি দলের প্রতি আনুগত্য প্রদর্শন করলাম এবং জনতার ভোটে আমি পঞ্চগয়েত সদস্য হিসাবে যোগদান করলাম। স্বপ্ন সবারই থাকে তেমনি আমারও অনেক স্বপ্ন ছিল কিন্তু সবার সব স্বপ্নই তো আর পূরন হয় না তাই এই মন্ত্রে উদ্ধৃত হই যে - “ ফুল তো অনেক ফোটে কিন্তু সব ফুল তো আর দেবতার পায়ে নিবেদিত হয় না”।

শুরু হল পঞ্চগয়েতের সদস্য হিসাবে মানুষের পাশে দাঁড়ানোর প্রথমেই আমি উপলব্ধি করেছিলাম গরীব খেটে খাওয়া মেহনতী মানুষের পাশে দাঁড়াতে হবে। এই লক্ষ্যে প্রথমেই তাদের বি পি এল তালিকায় অন্তর্ভুক্ত করার ব্যবস্থা করেছিলাম তাই তো আজ এলাকার ৯০০ - ৯৫০ জন বার্ষিক্য ভাতা পান। তাই তো এলাকার ৭০০ জন মানুষ এর বাসগৃহ নির্মিত হল, এলাকায় নির্মিত হল প্রায় ২০ কিমি ঢালাই রাস্তা। রাস্তায় রাস্তায় লাইটের ব্যবস্থা এবং বাড়িতে বাড়িতে শৌচাগার।

বর্তমানে আমি ধনিয়াখালী পঞ্চগয়েত সমিতির সদস্য। আমার দলের প্রতি দায়বদ্ধতার ফল স্বরূপ হুগলী জেলা মহিলা তৃনমূল কংগ্রেস আমাকে জেলা কমিটিতে অন্তর্ভুক্ত করে এবং নিবেদিতা কমিউনিটি কেয়ার সেন্টার এর পরিচালন সমিতির সদস্য হিসাবে আমাকে নিযুক্ত করা হয়।

পরিশেষে ইন্দ্রাশীষ বাবুকে ধন্যবাদ জানাই আমার মতো একজন ব্যক্তিকে ওনার পত্রিকায় লেখার স্থান করে দেওয়ার জন্য। ওনার নিরলস প্রচেষ্টায় আমি আমার জীবনী আপনাদের জানাতে পেরে নিজেকে গর্বিত বলে মনে করছি এবং আগামী দিনে যাহাতে আবার লেখার জন্য স্থান পাই তার অনুরোধ রাখছি।

আমার পঞ্চায়েত ও উন্নয়ন ধারা

(পাড়াশুয়া সাহাবাজার গ্রাম পঞ্চায়েত)

কৃষ্ণচন্দ্র মুখার্জি

গ্রাম সদস্য, রাউৎপুর-২০, ধনিয়াখালি, হুগলী

হুগলী জেলার ধনিয়াখালী থানার অন্তর্গত ১৮ টি পঞ্চায়েতের মধ্যে অন্যতম পঞ্চায়েত পাড়াশুয়া সাহাবাজার গ্রাম পঞ্চায়েত, যাহা ২১ টি গ্রাম সংসদ নিয়ে গঠিত। এই পঞ্চায়েতের আমি এক সাধারণ গ্রাম সদস্য (নির্বাচিত প্রতিনিধি) হিসেবে পঞ্চায়েতের নানাবিধ সমাজকল্যাণমূলক কাজে যুক্ত থাকতে পেরে গর্বিত। সর্বস্তরের বিভাগীয় মন্ত্রী থেকে শুরু করে প্রশাসনের সর্বস্তরের নেতৃত্ব যেমন প্রধান, উপপ্রধান, সমস্ত গ্রাম সদস্য ও সদস্যা সকলের সাহায্য ও সহযোগিতা নিয়ে সবরকম নিয়মনীতি ও শৃঙ্খলার মধ্য দিয়ে সংগঠিত হয়ে এই দুর্গম পথ অতিক্রম করার ও নির্দিষ্ট লক্ষে পৌঁছানোর যে সঙ্কল্প আমরা নিয়েছিলাম তাহা বিভিন্ন উন্নয়নের মাধ্যমে বাংলার ঘরে ঘরে এক নতুন দিগন্ত খুলে দিতে সক্ষম হয়েছি। এর একমাত্র কারন আমরা আমাদের বিভিন্ন কর্মসূচী আলোচনার মাধ্যমে উপস্থাপিত করেছি।

ঐক্যের অভাব যাতে না হয় , ভুল বোঝাবুঝি যাতে না হয় তাই মিলিত উদ্যোগ নিয়ে আমাদের কাছে মানুষ রামু দা(রামেন্দু সিংহরায়) মহাশয়ের নেতৃত্বে পরিচালনায় পঞ্চায়েতের সর্বস্তরের নেতৃত্ব ও কর্মীবন্ধুদের সাহায্য নিয়ে কর্মসূচীকে সামনে রেখে বিচার বিশ্লেষণের মাধ্যমে সার্বিক উন্নয়নের ধারা বজায় রাখতে পেরেছি।

গ্রামে রাস্তা যাহা মাটির ছিল তাহা বর্তমানে ঢালাই, মোরাম ও পাকা (পিচের) রাস্তায় পরিনত হয়েছে। স্বেচ্ছায় রক্তদান শিবির করে হাজার হাজার মানুষের রক্ত সংগ্রহ করে আমরা নিকটবর্তী হাসপাতালে সুসংরক্ষিত করতে সক্ষম হয়েছি। বনসৃজন বা বৃক্ষরোপণের জন্য বৃক্ষ বিতরণ করে পরিবেশ দূষণের থেকে মুক্তির পথ খুঁজে পেয়েছি। এছাড়া বিগত বন্যায় সর্বহারাদের পাশে থেকে তাদের রান্না করা খাবার, পানীয় জল, শুকনো খাবার, বাচ্চাদের দুধ, বিস্কুট এই সব সামগ্রী তুলে দিয়ে বন্যাকবলিত মানুষের পাশে অতন্দ্র প্রহরীর মত থেকেছি ও সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছি। বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের (দরিদ্র) বই, খাতা, পেনসিল ও পোশাক বিতরণ করার কাজে নিযুক্ত থাকতে পেরেছি। এছাড়া

গ্রামের প্রতিটি রাস্তায় বাতিস্তম্ভে এল.ই.ডি লাইট দিয়ে অন্ধকার থেকে আলোকময় করতে পেরেছি।

বন্যা পীড়িতদের নিরাপদ দূরত্বে নিয়ে গিয়ে নিকটবর্তী স্কুলে, ক্লাবঘরে ও মাঠে তাঁবু তৈরী করে তাদের থাকা ও খাওয়ার সুব্যবস্থা করতে পেরেছি। দুর্গত মানুষের সেবায় আমরা প্রত্যেকের সাহায্য ও সহযোগিতা নিয়ে সবসময় পাশে থেকে সান্তনা দিয়ে, অসুস্থ মানুষের চিকিৎসার ব্যবস্থা করে , অ্যাম্বুলেন্স ভাড়া দিয়ে তাদের নিকটবর্তী হাসপাতালে সুচিকিৎসার ব্যবস্থা করেছি। এইভাবে বিভিন্ন সেবামূলক কাজে বিপন্ন মানুষের কাছে সাহায্যের হাত বাড়িয়ে নিজেদের নৈতিক কর্তব্য পালন করতে সক্ষম হয়েছি।

এবার আসা যাক পঞ্চগণ্ডেতের মাধ্যমে উন্নয়ন ধারার কিছু কথায়-

গত চার বছরে ১৩-১৪, ১৪-১৫, ১৬-১৭ রামেন্দু সিংহরায় মহাশয়ের পরিচালনায় ইন্দিরা আবাস যোজনায় - ১১৩৯ টি গৃহ নির্মাণ, বাংলার আবাস যোজনায় - ১৭৭ টি ও গীতাঞ্জলী - ৩৫ টি গৃহ নির্মাণ হয়েছে। টিউবওয়েল - ৪১৮ টি, নুতন হয়েছে - ৭৮ টি, শ্মশান ঘর - ৩ টি, নুতন অঙ্গনওয়াড়ী কেন্দ্রের গৃহ নির্মাণ - ৭ টি, ঢলাই

রাস্তা - ৮৮ টি, মোরাম রাস্তা - ২৫ টি, সাব-মার্সিব্যাল - ১৭ টি প্রাথমিক বিদ্যালয়ে, বার্কাক্য ভাতা - ৮৪৮ জন, মিশন নির্মল বাংলা প্রকল্পে - ১৪৩৫ টি শৌচালয় নির্মাণ ও MGNREGA প্রকল্পে গড়ে ৫২ দিনের কাজ, Street Light- ৮৫০ টি।

১৭-১৮ সালের কাজ হচ্ছে

স্ট্রীট লাইট - ৮০০ টি

ঢলাই রাস্তা - ২৮ টি

শ্মাশানের যাত্রী শেড- ১ টি

বৈতরনী - ৩ টি

জল নিকাশী ড্রেন - ২ টি

জল নিকাশী হিউম পাইপ - ৫৫ টি

কালভাট তৈরী - ১ টি

বাংলার আবাস যোজনা - ১০৩ টি

গীতাঞ্জলী - ১৭ টি

বাস রাস্তার যাত্রী শেড - ২ টি

সাবসেন্টার মেরামত - ২ টি

কমিউনিটি সেন্টার ১ টি

সমব্যাথী প্রকল্পে সাহায্য - ৩৫ জন

MGNREGA প্রকল্পে গড়ে ৬০ দিনের কাজ (এইপর্যন্ত)

৩,১১,৭৬৩ দিন (এইপর্যন্ত) শ্রমদিবস

এছাড়া পানীয় জলের অভাব দূরীকরণের জন্য আগামী (১৭-১৮) বর্ষে P.H.E প্রকল্প হাতে নিয়েছি। এই পঞ্চায়েত এলাকায় ৫টি P.H.E হলে ভালো হয়, তার মধ্যে ৩ টি প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে।

গ্রাম বাংলার উন্নয়ন ও ইছাপুর গ্রাম

সমিত ভট্টাচার্য (লালু)

সদস্য, গোপীনাথপুর(১) গ্রাম পঞ্চায়েত, ধনিয়াখালি, হুগলী

‘গ্রাম’ – এই দু অক্ষরের শব্দবন্ধটির মধ্যে বিপুল ক্ষমতার উৎস বিরাজ করছে। একটি রাষ্ট্রের অর্থনীতিক উন্নতি দারুণ ভাবে নির্ভর করে আছে গ্রামের উপর। একটি রাষ্ট্র ঠিক ততটাই উন্নত যতখানি উন্নত সেই রাষ্ট্রের গ্রামগুলি। এই প্রসঙ্গে বলা যেতে পারে রাষ্ট্র বা রাজ্যের সার্বিক বিকাশের মূলমন্ত্র বা চাবিকাঠি হল গ্রামগুলি।

রূপ,রস,গন্ধের ডালি সাজিয়ে অপরূপা গ্রামই আপন সৌন্দর্য ও মধুরতায় একটি দেশকে করে তোলে কল্লোলিনী তিলোত্তমা। গ্রামের ভিত্তিপ্রস্তরের উপর দাঁড়িয়েই শহর বা নগর রঙিন পেখম মেলে ধরে বিশ্ব আঙিনায়। তাই গ্রামের অবদান বা তাকে পিছনের অনুন্নয়নের কানা গলিতে ফেলে রাখলে দেশের উন্নতি সম্ভব নয়। গ্রাম হল সেই ‘মা’ যে নিজের সব ভালোবাসা ও অনেক ত্যাগ স্বীকারের মধ্য দিয়ে নগর বা শহররূপী

ছেলেকে মানুষ করে বড়ো করে তোলে, কিন্তু এই ‘মা’ কে অনুন্নয়নের বৃদ্ধাশ্রমে নির্বাসন না দিয়ে সার্বিক উন্নয়নের দ্বার নতুন করে পুনর্বাসন দিতে হবে ; তবেই হবে প্রকৃত দেশম্নোয়ন।

ব্রিটিশ শাসন থেকে মুক্তি লাভ করার পর স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী জহরলাল নেহরু যথার্থই অনুধাবন করেছিলেন যে গ্রামকেন্দ্রিক রাষ্ট্র ভারতের তখনই সার্বিক বিকাশ লাভ হবে যখন ভারতের গ্রামগুলি উন্নতির আলো দেখবে। সেই উদ্দেশ্যকে সফল করতে তিনি একাধিক প্রকল্প গ্রহন করেন ও নানা পরিকল্পনা রূপায়নের মধ্যে দিয়ে গ্রামীণ ভারতের বিকাশের জন্য সচেষ্টি হন। তিনি ভারতের রাজ্যগুলিকেও গ্রামীণ বিকাশের জন্য পরিকল্পনা ও পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানান। স্বাধীনতা পরবর্তী সেই ধারা বেয়ে আজও কেন্দ্রীয় ও রাজ্যস্তরে গ্রামোন্নয়নে গুরুত্ব আরোপ করা হয়েছে। গ্রামোন্নয়ন ও পঞ্চায়েত দপ্তরের মধ্যে দিয়ে আজ ভারতের গ্রামগুলিতে উন্নয়নের সুযোগ পৌঁছে দেওয়া হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গও এই উন্নয়ন কর্মসূচিতে গ্রাম বাংলার উন্নয়নে উদ্যোগী হয়েছে।

মাননীয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তার সহৃদয়তার সাথে পশ্চিমবঙ্গের গ্রামগুলিতে যাতে আধুনিক উন্নয়নের স্পর্শ লাগে তার জন্য একাধিক প্রকল্প ও পরিকল্পনা গ্রহন করেছেন। পশ্চিমবঙ্গের প্রান্তীয় তথা প্রত্যন্ত গ্রামগুলিতে শিক্ষা, স্বাস্থ্য, পানীয়, খাদ্য, বাসস্থান, বিদ্যুত, যোগাযোগ ও আর্থিক উন্নয়নের জন্য একাধিক প্রকল্প রূপায়ন করেছেন। কন্যাশ্রী, যুবশ্রী, সবুজসার্থী, খাদ্যসার্থী, পথের পাঁচালি, নির্মলবাংলা ইত্যাদির পাশাপাশি ঢলাই সড়ক নির্মাণ ও পথবাতি প্রকল্প দ্বারা গ্রামগুলিতে নতুন করে প্রানের সঞ্চার করেছেন।

আজ বাংলার ছেলে মেয়েরা স্কুল কলেজের শিক্ষা, আধুনিক টেকনিক থেকে আর বঞ্চিত নয়। স্কুল ছাত্রছাত্রীদের সাইকেল বিলি, স্কুলব্যাগ ও অন্যান্য কিটস্ যোগানোর মধ্যে দিয়ে শিক্ষার অধিকার থেকে গ্রাম বাংলার ছেলেমেয়েরা যাতে বঞ্চিত না হয় সে দিকে লক্ষ্য দেওয়া হয়। মাটি উৎসব, সবুজ উৎসব, বৃক্ষরোপণ দ্বারা গ্রাম বাংলার পল্লী প্রকৃতি কে রক্ষা করার যে প্রয়াস মননীয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সূচনা করেছেন তা অত্যন্ত প্রশংসা ও সাধুবাদ পাওয়ার যোগ্য।

গ্রাম বাংলার উন্নয়নের কাণ্ডারী হিসেবে মাননীয়া মুখ্যমন্ত্রী যেমন পঞ্চগয়েতগুলিকে গুরুত্ব সহকারে কাজ করার আহ্বান জানিয়েছেন তেমনি গ্রামবাংলার সাধারণ মানুষ থেকে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন এবং NGO দেব ও এই গ্রাম বাংলার উন্নতির মহাযজ্ঞে সামিল হবার জন্য, পূর্ণাঙ্কতি দিতে আমন্ত্রন জানিয়েছেন।

পশ্চিমবঙ্গ সরকারের এই উদ্যোগের সুফল আমাদের গোপীনাথপুর(১) গ্রাম পঞ্চগয়েতের মধ্যে দিয়ে ও সহযোগিতায় আমাদের ইছাপুর গ্রামও লাভ করেছে। গ্রামোন্নয়ন প্রকল্পের একাধিক কর্মসূচী ইছাপুর গ্রামে সফল ভাবে রূপায়ন করা সম্ভব হয়েছে। আমি ইছাপুর গ্রামের সদস্য হিসেবে গোপীনাথপুর(১) গ্রামপঞ্চগয়েতের পূর্ণ সহযোগিতা ও গ্রামের বিভিন্ন সদস্য, যুবসম্প্রদায় ও গ্রামবাসীদের ঐকান্তিক সাহায্য ও প্রচেষ্টায় একাধিক গ্রাম উন্নয়ন সচেতনতা শিবির আয়োজন করা থেকে একাধিক প্রকল্পের সফল রূপায়ন করতে সমর্থ হয়েছি।

আজ ইছাপুর গ্রামের ৭০ শতাংশ রাস্তা ঢলাই সড়ক দ্বারা যুক্ত। গ্রামে প্রবেশের প্রধান দুই প্রবেশ পথ পথবাতির আলোয় আলোকিত। একাধিক প্রান্তীয় রাস্তায় পথবাতি লাগানো হয়েছে ও কিছু লাগানো চলছে। প্রত্যন্ত

প্রান্তগুলিতে পাকা ঢালাই রাস্তা দ্বারা যুক্ত করে গ্রামের প্রান্তীয় ও কৃষিজীবী মানুষের পরিবহনের উন্নতি সাধন করা হয়েছে। পানীয় জলের সমস্যা নিবারনে একাধিক গভীর ও অগভীর নলকূপ তৈরি করা হয়েছে। কৃষিতে সেচের সুবিধার জন্য গ্রাম রোজগার যোজনায় খালগুলি সংস্কার ও একাধিক পুষ্করিণী সংস্কার করা হয়েছে। দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী প্রায় প্রতিটি পরিবারকেই বাংলা আবাস যোজনার আওতায় এনে পাকা গৃহ নির্মাণ করে দেওয়া সম্ভব হয়েছে। নির্মল বাংলা প্রকল্পের আওতায় এনে আজ প্রতিটি বাড়িতেই শৌচাগার করে দেওয়া হয়েছে। সবুজায়ন প্রকল্প দ্বারা অসংখ্য বৃক্ষরোপণ ও গ্রামে বহুস্থানে ল্যান্ড ডেভেলপমেন্ট করা হয়েছে।

গ্রামের ছাত্রছাত্রীদের সাহায্য, কন্যাশ্রী, যুবশ্রী ও অন্যান্য প্রকল্পের আওতায় আনা হয়েছে। খাদ্যসার্থী প্রকল্পের আওতায় এনে BPL ভুক্ত সকল পরিবারকে যথাযোগ্য সাহায্য করা হয়েছে।

গ্রামীণ এই উন্নয়নে গ্রামবাসী, যুবসমাজ, রাজনৈতিক কর্মীবৃন্দের পাশাপাশি আমাদের গ্রামের স্বনামখ্যাত NGO নিবেদিতা কমিউনিটি কেয়ার সেন্টার(NCCC)-ও এগিয়ে এসেছে। এই প্রতিষ্ঠানের

অন্যতম দুই সদস্য ইন্দ্ৰাশিষ ব্যানার্জি(অধ্যাপক) ও বরুণ দাস মহাশয় ও নানা ভাবে আমাদের সাহায্য করেছেন। ইন্দ্ৰাশিষ ব্যানার্জি গ্রামের যুবসমাজকে নানাভাবে উদ্বুদ্ধ করে বিভিন্ন সচেতনতা শিবিরের আয়োজন করেন। পাশাপাশি বিভিন্ন সরকারি প্রকল্পে নিজ প্রশাসনিক যোগাযোগকে কাজে লাগিয়ে গ্রামের যুবক যুবতীদের নানাভাবে স্বরোজগারমুখী করে তোলায় সহায়তা করেছেন। পাশাপাশি বিভিন্ন উন্নয়নমূলক কর্মে সরাসরি যুক্ত হয়ে নানাভাবে সাহায্য করেছেন। এই প্রসঙ্গে বরুণ দাস মহাশয়ের কথাও বলা দরকার। উনিও নানাভাবে ইছাপুর গ্রামের উন্নয়নে সাহায্য করেছেন। এই উন্নয়ন কর্মে আমাদের গ্রামকে নানাভাবে সাহায্য করার জন্য উনাদের সাধুবাদ জানাই।

পরিশেষে যে কথা বলতে চাই তা হল গ্রাম আজ এগোচ্ছে। নতুন বিশ্বে নতুন চেতনা ও আলোকের বিচ্ছুরনে গ্রামবাংলার অস্তাচলগামী সূর্য আজ পুনরায় উদীয়মান। যোগাযোগ থেকে স্বাস্থ্য, শিক্ষা, খেলা সব দিক দিয়েই আজ গ্রাম বাংলার উন্নতি লক্ষণীয়। বাঙ্কুরা-পুরুলিয়ার প্রত্যন্ত গ্রাম থেকে উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গের প্রতিটি গ্রাম আজ উন্নয়নের মহাযজ্ঞে সামিল। সেই মহান

কর্মযজ্ঞ থেকে ইছাপুর গ্রামও বাদ যায়নি। পূর্ণহোমের যজ্ঞফল ইছাপুর গ্রামও লাভ করেছে।

হয়তো এখনো সার্বিক উন্নতি করা সম্ভব হয়নি, আজও কিন্তু কিছু কিছু ক্ষেত্র বাকী রয়ে গেছে। তবে আগামী দিনগুলিতে সকল শুভানুধ্যায়ী গ্রামবাসী, যুবসমাজ ও পশ্চিমবঙ্গ সরকারের আন্তরিক সাহায্য ও সহযোগিতা নিয়ে গ্রামকে –‘সুজলাং সুফলাং শশ্যশ্যামলাং’ করে তোলা যাবে এই বিশ্বাস রাখতেই পারি। গ্রাম বাংলার সর্বাঙ্গীণ বিকাশের মধ্যে দিয়েই যে ‘বাংলা’ সকল দেশের রানী হয়ে উঠবে এই আশা করাই যায়।

সবশেষে এই প্রার্থনা দিয়েই বক্তব্য ও কলমের মুখ বন্ধ করবো – পরজন্ম বলে যদি কিছু থাকে তবে এই বাংলার গ্রামে আবার ফিরে আস্তে চাই। তাই জীবনানন্দের সুরে বলতে চাই—

“আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে-

এই বাংলায় হয়তো মানুষ নয় হয়তো বা -----“

Local Self-Government in Bangladesh

Amit Saha

Student (3rd Year), Department Of Political Science,
Ramakrishna Mision Vidyamandira

1.1 Introduction

Local self-government has a long and venerable tradition in many countries. In some it is a young and sensitive plant, and in others it really has not yet been seriously tried. Concern about the strengthening of local government is not, however, a new phenomenon. Its philosophic roots go back at least as far as the writings of French philosopher Jean Jacques Rousseau, who, impressed with emerging Swiss democracy, wrote of local government as the training ground for democratic development. Further, attention was called to the significance of local government with Alexis De Touqueville's famous visit to the United States and his discovery of the importance of local citizens and their emerging municipal governments in sustaining and nourishing the newly formed North American democracy.

Recent concerns for the strengthening of local government can be traced to the process of democratization in countries undergoing the transition from authoritarian to democratic governance. To this extent, issues of decentralization and strengthening of

local government are increasingly becoming central all around the world.

1.2 Meaning of Local Self-Government

The term 'Local Government', generally understood as administration of a territorial unit smaller than the State, is sometimes used interchangeably with Local Self-Government. Local Self-Government is a body representing the local inhabitants, possessing a large degree of autonomy. Local Self-Government in the modern sense is essentially a British creation. Maine and Metcalfe described village communities as small "Republics".

As the nature, authority and functions of local administrative bodies differ from nation to nation, it is very difficult to define the term 'local government' that is acceptable to all. However, it has been defined in various ways, but the simplest definition is a government at local level having authority to perform public activities within its territory. According to Jackson, the term local government is "concerned with localities and not with the country as a whole. It must, for this reason, be subordinate to national government. The term further implies some jurisdiction or activity of public nature".

The definitions make it clear that a local self-government is a lower level government, when compared to a national or state government, it is set up by laws and has certain responsibilities, and it is

normally elected. In South Asia, the term 'local self-government' is used instead of the term 'local government' as used in other countries because a local self-government unit seeks to give opportunities to the people for the expression of their views with regards to local affairs.

1.3 Importance of Local Self-Government

Decentralization: Local bodies are important units to help achieve the decentralization of political power and promotion of democratic values. They are also an indispensable part of the government machinery, contributing to the efficiency at the higher levels of administration by relieving them of purely local tasks.

Participation: Local Self-Government is certainly more effective than central government in providing opportunities for citizens to participate in the political life of their community. The benefits of widening the scope of political participation include the fact that it helps to create a better educated and more informed citizenry.

It involves the local people in the solution of their problems.

Responsiveness: Peripheral institutions are usually 'closer' to the people and more sensitive to their needs. This both strengthens democratic accountability and ensures that government responds not merely to the

overall interests of society, but also to the specific needs of particular communities.

Legitimacy: Physical distance from government affects the acceptability or rightness of its decisions. Decisions made at a 'local' level are more likely to be seen as intelligible and therefore legitimate. In contrast, central government may appear remote, both geographically and politically. Local governments are constituted under state or central laws. Their activities can be shortened and broadened by the constitutional governments.

Liberty: As power tends to corrupt, centralization threatens to turn government into a tyranny against the individual. Decentralization protects liberty by dispersing government power, thereby creating a network of checks and balances. Local bodies check central government as well as each other. Their jurisdiction is confined to a limited area and tackles the peculiar problems of the locality. Local bodies have liberty to take over those activities, which are of use and benefit to the local people, for example sanitation, drainage, education etc.

1.4 Local Self Government in developing world:

1.4.1 South Asia

Unlike Northeast Asia and Southeast Asia, South Asia is somewhat more homogenous in terms of local government system, particularly in the three large

countries, India, Pakistan and Bangladesh, because of their historical, political and social traditions. All these three have a long history of local government, evolving from the times of the Mughals, through the British and then through postcolonial independent governments.

Bangladesh: Bangladesh experienced more or less similar tradition in local government system like India and Pakistan, in the distant past, it had the same system as Pakistan's (during 1947-71) and a system of its own since 1971. The latest developments in local government restructuring took place as recently as 1997. In the overall structure in local government in Bangladesh there is a four tier system, with Zila Parishad, Upzila Parishad, Union Parishad and the Gram Sarkar.

2. Genesis and development of rural local self-government in Bangladesh

The institution of Local Government (LG) in Bangladesh goes back a long way.

The origin of the existing local government institution can be traced back to the demand for self-government in British India. Initially local government was developed by the British to maintain law and order in the rural areas with the help of the local elite backed by the local police. The local elites were to be nominated in the local government institutions from among those

who were trusted by the colonial authority. The British rulers institutionalized this system to perpetuate their political, economic and administrative ends and colonial extortion. In 1870, they introduced 'Choukidary Panchayat as the local government institution. This system was later changed and renamed in different regimes from the British period to present Bangladesh as three tier Union Committee (1885), two-tier Union Board (1919), four-tier Union Council (1959), and Union Parishad (1973). After 1973, Union Parishad became the lowest unit of local government in Bangladesh.

There are two distinct kinds of local government institution in Bangladesh, one for the rural areas and another for urban areas. The local government in the rural areas represents a hierarchical system comprising four tiers: Gram Sarkar, Union Parishad, Upzila Parishad and Zila Parishad while the urban local government consists of Pourashavas and Municipal Corporation.

2.1 British period

Decentralization in Bangladesh began even before the country's liberation in 1971.

The British colonial administration established local governments through the Local Self-Government Act of 1885 to maximize land revenue collection and maintain law and order. Local officials during this period came from the local elite.

But the process of decentralization during British rule was obscure. The British were not interested in any degree of devolution. What appears from the real practice of local bodies is a picture of oppression and exploitation. There has not been any positive result for rural people apart from the fact that these experiments served the colonial interests of the empire. Although India was the first colony to become the experimental ground for such policies of decentralization, the British reluctance to implement any real degree of decentralization is also evident. One example of such reluctance is when the empire rejected the report of the Decentralization Commission in 1907 which recommended an elected Panchayat.

2.2 Pakistan period

Reforms regarding local governance were also introduced during the Pakistan period. A new system of local government, known as the system of Basic Democracies, was introduced in the late 1950s. According to Zarina Rahman Khan of the University of Dhaka, 'General Ayub Khan devised a decentralization policy for rural development under the banner of the Basic Democracies System, which offered a four-tier government reflecting a mix of de-concentration and devolution.' Rahman and Khan also added that the system of Basic Democracies was designed as a blend of democratic and bureaucratic values. It was, in other

words, between 'devolution' and 'de-concentration' having nothing in common with the 'principles' and 'characteristics' of a democratic decentralized system. Though explicitly propagated as a programme of decentralization, the system actually helped the military regime of General Ayub Khan in extending the stronghold of bureaucracy to the local level.

2.3 Bangladesh period (after Independence)

As a result of the long history of struggle for freedom and democracy, Bangladesh saw the importance of developing a sound democracy and increasing people's participation in the political process, decision-making, and development of the country after it emerged as an independent nation. Though slow in progress, reforms to strengthen local governance and expand democracy were made.

Decentralization was viewed as a strategy that would allow democratic governance and encourage people's participation. It was also a response to the challenge of reducing poverty. 'The Constitution ... gives enough opportunity to the lawmakers to develop viable self-governing local government institutions. However, as far as the implementation of the objective is concerned, the achievement is far from satisfactory.'

The following are the various decentralization strategies and developments in the local government system after 1971.

2.3.1 The Mujib Period (1972 to 1975)

After the independence in 1971, the Awami League government, headed by Sheikh Mujibur Rahman, brought the following reforms in the local government.

1) The system of Basic Democracies was abolished and government bodies carried over from the days prior to independence were dissolved.

2) Public officials were authorized to form committees at different tiers of government to fill the void created by the termination of some government bodies. The committees created would, for the interim period, perform local functions.

3) District governorship was introduced in 1973. This provided for a three-tier system with a directly elected Union Parishad (Council), a Thana Development Committee under the control of the Sub-Divisional Officer, and Zila Parishad under the control of Deputy Commissioner.

4) Union Councils were elected but were not able to function effectively due to the coup in 1975.

Mujib paid more attention to national than local issues. Although the Union Parishad (Council) was designed as a decentralized body of local government and the election in 1973 was to ensure grassroots democracy, the Awami League did not hold elections to the higher level councils, nor did it take any measures to devolve authority to any of them. There was a substantial lack of political and behavioural support among Awami

League leaders for democratizing the system of governance. It was manifested when Sheikh Mujib abolished the parliamentary system altogether, introduced presidential rule under one-party rule known as BAKSAL, along with the 'Governor System' introduced at the district level.

2.3.2 General Ziaur Rahman (1975 to 1981)

In August 1975, Major General Ziaur Rahman seized all power as the Chief Martial Law Administrator. Nevertheless, Gen. Zia played a critical role in reviving the local government institutions in the country. The Local Government Ordinance 1976, promulgated by Zia, created Gram Sabha (village councils) in an attempt to decentralize government down to the village level. In 1980, two years after General Zia became the elected president, all the Gram Sabhas were transformed into Gram Sarkar (village government) in each of the 68000 villages of Bangladesh. The Gram Sarkar was a body consisting of Gram Pradhan (village executive) and 11 elected members representing different classes of the village. The Gram Sarkar was a mini-government which could undertake planning and promotional programmes.

The reforms initiated by Gen. Zia were different from the earlier policies of decentralization. The bureaucracy was given a free hand to control the local councils once again. These bodies of local government remained as the de-concentrated form of

decentralization. The only exceptions were the Union Parishads and Gram Sarkars. The Gram Sarkar had many characteristics common to those of Mawhood model of decentralization. Although for the first time in Bangladesh, the Gram Sarkar provided for an equality of representation to various functional interests, many argue that implicit objectives of the reform package of decentralization during Zia's period was to gain direct political support for the military regime in its process of civilianization.

2.3.3 Lieutenant General Ershad (1982 to 1990)

After Gen. Zia was assassinated by a military coup d'etat in 1981, the Gram Sarkar was abolished by the new military regime of Ershad, which seized power in March 1982. In his first year of office, Ershad initiated the reform measures to decentralize the administration through the abolition of former subdivisions and upgraded the Thanas into Upazilas (sub-district). In hundreds of public meetings in the beginning of reform, Ershad and his associates of the Upazila model pronounced that improving access and promoting participation were the primary goals of their reform. In contravention of this pledge to the nation, the military regime exploited every possible opportunity to weaken the democratic forces in the country and strengthened the autocratic bureaucracy. The political history of Bangladesh was repeated in the 1980s as the Upazila

was politicised in favour of the ruling military regime the way Pakistan's dictator Ayub Khan used the system of Basic Democracies in the 1960s, and the Gram Sarkar of the 1970s.

2.3.4 Khaleda Zia's Five-Year Rule (1991 to 1996)

It took Prime Minister Khaleda Zia only a few months after she came to power to abolish the Upazila Parishad and reinstate the previous bureaucracy-dominated Thana administration by promulgating the Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganization) (Repeal) Ordinance, 1991. In June 1992, a cabinet resolution was passed to replace the Upazila Parishad with Thana administration. Khaleda Zia's decision to depoliticise the Upazila system was also due to the fact that her Bangladesh Nationalist Party (BNP) had only a handful of Chairmen in the Upazila of the country since BNP had not taken part in the first Upazila election in 1985. In the second Upazila election in 1990, BNP was placed at the fifth position getting only 24 Upazila (out of 460) under its control (Mukta Barta, 31 March 1990). However, the abolition of the Upazila is seen as a victory of the bureaucrats whose plan during this crucial period was to exploit the changed political situation to their own benefit. Ironically, the democratically elected government of Khaleda Zia indulged in anti-democratic practices with regard to decentralization.

Begum Khaleda Zia, who failed to provide any new form of local government during her five-year rule, is criticised for the persistent crisis in governance. The local government institutions have become weak. The NGO's effective intervention rendered the local government institutions purposeless since they failed to perform.

The rural people apparently getting more resources from the foreign funded NGOs seemed to have distanced themselves from local government.

2.3.5 Sheikh Hasina's Period (1996 to 2001)

When the Bangladesh Awami League came to power in 1996, it constituted a Local Government Commission and came up with a Report on Local Government Institutions Strengthening in May 1997. The Commission had recommended a four-tier local government structure including Gram/Palli (Village) Parishad, Union Parishad, Thana/Upazila Parishad and Zila (District) Parishad. While local government bodies exercised some degree of local autonomy, the central Government or a higher body in the administrative hierarchy of the state closely supervised them. Westergaard (2000) observes that, 'like the previous local government systems, the local bodies are controlled by the central government in all aspects.' Mujeri and Singh, in their study on the impact of decentralization in Bangladesh, describe the patron-client relationship

existing between the national and local governments. According to them, 'the territorial jurisdiction, functions and revenue/expenditure patterns of different tiers of the local government are determined by central legislation and their activities are guided and supervised largely by departments/agencies of the central government.'

2.3.6 The Contemporary Picture

The present government, after assuming power in 2001, initiated a change in the local government structure. Gram Sarkar in place of Gram Parishad has been introduced. There has been recent legislation creating Gram Sarkars. These bodies will be created at the Ward levels. Each Gram Sarkar will represent one or two villages comprising about 3,000 people at an average. The UP member elected from the Ward will be the Chairman of the GS, which will have other members—both males and female elected in a general meeting of the voters of the Ward under the supervision of a 'prescribed/ directing authority'. There are defined functions of the Gram Sarkar (GS) and other functions may be assigned to it as may be specified by the government from time to time. Gram Sarkars will have the right to constitute issue-based standing committees as and when required, and determine the membership of such committees. The way the Gram Sarkar Act has been passed and its members selected in each ward, has been criticised by every section of society. It is obvious that

this has been done for strengthening the power base of ruling Bangladesh Nationalist Party in the rural areas.

3. Present Status of Local Government in Bangladesh

3.1 Status

Local government has not only statutory status but also Constitutional status in these countries. In Bangladesh, the Constitution mentions as a principle of state policy that local government has to be set up in every administrative unit. It is to comprise local bodies elected and vested with functions as prescribed by an Act of Parliament. The functions are to include preparation and implementation of plans relating to public services, economic development as well as maintenance of public order.

3.2 Structure Levels

The rural/regional local government as proposed by the latest commission on local government would have four tiers:

Gram (Village) Sarkar

Union Parishads

Thana/Upzila Parishads

Zila (District) Parishads

In two articles of the Constitution of Bangladesh an administrative vision of local government is provided:

Article 59

(1) Local Government in every administrative unit of the republic shall be entrusted to bodies, composed of persons elected in accordance with law.

(2) Everybody such as is referred to in clause (1) shall subject to the constitution and any other law, perform within the appropriate administrative unit such functions as shall be prescribed by Act of Parliament, which may include functions relating to: (a) administration and work of public officers, (b) the maintenance of public order and (c) the preparation and implementation of plans relating to public services and economic development.

Article 60

For the purpose of giving full effect to the provisions of article 59 Parliament shall by law, confer powers on the local government bodies referred to in that article, including power to impose taxes for local purposes, to prepare their budgets and to maintain funds.

3.3 Rural local government functions

Rural local government bodies are entrusted with a large number of functions and responsibilities relating to civic and community welfare as well as local development. The functions of the *Gram Sarkar*, *Union Paris had*, *Thana/Upzila Parishads* and *Zila* (district) *Parishads* are elaborate and include amongst other optional functions. The present government in its recent

Local Government Institutional Strengthening Report, written by the Local Government Commission in May 1997, has laid down the responsibilities of the various rural and rural/regional local bodies. The *Gram Parishad* and Union *Parishad* Bills have been approved on 4 September 1997.

The *Gram Sarkar* functions are as follows:

- i. Conducting socio-economic surveys of households, every five years to be used for development plan preparation;
- ii. Maintain vital statistics like registration of births-deaths, marriage etc.;
- iii. Make plans for natural resource management and development;
- iv. Supervise management of primary educational institutes; motivate parents to send their children to school and create better awareness for adult and female literacy;
- v. Create awareness for better primary health care;
- vi. Maintain law and order and control terrorism, violence against women etc.;
- vii. Ensure participation in local and central government development planning;
- viii. Encourage co-operatives and NGOs;
- ix. Initiate participatory development of local roads, bridges, culverts etc.;

- x. Support various development activities related to agriculture;
- xi. Encourage and initiate tree plantation programmes;
- xii. Assist various organizations in their development efforts.

Union *Parishads* have also been assigned functions quite similar to *Gram Sarkar* functions. In addition, Union *Parishads* have been assigned with the adoption and implementation of poverty alleviation programmes directly by themselves and through NGOs and co-operatives. The *Thana/Upzila Parishads* are entrusted with functions similar to *Gram Parishads* and Union *Parishads*. In addition, they have the responsibility of making integrated 5-year development plans for the *Thana/Upzila* on the basis of plans submitted by the Union *Parishads*. *Zila (District) Parishads* are responsible for monitoring activities of the *Thana/Upzila Parishads*, implementing district level economic, social and cultural development programmes and preparing project proposals for road, bridges and culverts

3.4 Election Commission

For arranging conduct of elections of local government the responsibility has been entrusted to an election commission or authority in each country. The

national election commission of Bangladesh also undertakes this responsibility.

3.5 Election Members and Chairpersons

Members of village local bodies are directly elected on the basis of adult franchise in the various countries. The chairperson of this body is also directly elected in Bangladesh.

In Bangladesh, there has also been improvement in representation of women in rural local bodies. Nearly one-third of memberships in district local body and about one-fourth of membership in village local body are reserved for women. In the

Fundamental Principles of State Policy of the Constitution of Bangladesh, Article 9 stipulates the representation of women in local government institutions. The first election to the union parishad, under the new provision was held in 1997.

3.6 Role of Political Parties

There was legal ban on participation of political parties in rural local government in Bangladesh, Pakistan previously. This was gradually relaxed in Pakistan after 1985 and has now been abolished by the government altogether. Similarly in Bangladesh has been removed recently. In India, there was voluntary restraint by political parties' or else legal ban as regards participation in elections and working of village level local body in

some states. Now the ban has been removed and self-restraint by political parties has faded out, by and large.

3.7 Role of NGOs

A large number of NGOs are working in rural areas in various countries. Unlike in India, NGOs' involvement in Bangladesh has increased extensively in rural areas.

NGOs have brought about noticeable improvement in the living conditions of rural poor by providing credit, skill, and training and by building awareness about their rights, health and education. Normally, NGOs work parallel to the local self-government and central government programmes. In Pakistan the role of NGOs in rural development is limited in scale. There is hardly any coordination between the rural local administration and NGOs in developmental activities.

To the currently worldwide phenomenon of decentralization, South Asian countries are no exception. Ethnic, linguistic, communal, caste or cultural diversities are a reality in each of the South Asian countries. But still there are some similarities among these nations. The struggle for freedom from colonial rule provided a unifying force where these diversities were sub-merged. To preserve their polity South Asian countries have to accept a measure of decentralization. So far as Bangladesh is concerned, there has been significant

devolution of functions, power and resources to the local self-government. In these countries local self-governing bodies are intervening in rural planning, rural development, infrastructure, water, sewerage, electricity, transportation, poverty alleviation, health, education and gender balance.

4. Conclusion

Contemporary South Asia is experiencing profound change in the field of rural local self-government and in this context Bangladesh, India and Pakistan are undertaking extensive reform including decentralization of state structures and functions, public administration reorganization, and transitional steps to democratization. As a result there is an increased emphasis on the need to address local government more specifically, since in many countries this has been a neglected tier of government in the development effort. Recent dynamics of globalization of economic and socio-cultural developments, urge for democratization, decentralization and structural adjustments and market orientation in economy at the national level and the emergence of enormous problems of over population, poverty, environmental degradation, shortage of shelter and services, increase in violence and gender and child exploitation at the local level and the inability of urban local governments to combat these problems effectively, have all focused attention on the need for strengthening

rural local government. A new form of local government is demand of the day. The need for a new type of local government is being felt by the national governments and also pushed by the international development agencies.

References:

1. A.H.M. Aminur Rahman, *Politics of Rural Self-Government in Bangladesh, Dhaka* : University of Dhaka Press; 1990
2. Mohd. M. Rahamana, *Politics and Development of Rural Local Self-Government in Bangladesh, Dhaka, Bangladesh, Devika Publications: 2016*
3. Article 59-60. Chapter-III, The Constitution of Bangladesh, 2011 (reprint).
4. Suili Sarkar, *Public Adnministration in India, New Delhi: PHI Publications 2010.*
5. P. Wignaraja, Susil Sirivardana, *Pro Poor Growth in South Asia; Decentralization and Participatory Development* : New Delhi: Sage Publishers, 2004

গ্রামীণ স্বায়ত্তশাসন: প্রসঙ্গ বাংলাদেশ

আশুতোষ দত্ত

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (তৃতীয় বর্ষ), রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির



সূচিপত্রঃ

১. প্রেক্ষাপটঃ প্রাচীন-মধ্যযুগ; ব্রিটিশ শাসনামল; পাকিস্তান শাসনামল;
 ২. বাংলাদেশের স্থানীয় সরকারঃ বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী সময়;
 ৩. বাংলাদেশের সংবিধানে স্থানীয় সরকার ব্যবস্থা;
 ৪. বাংলাদেশের পল্লী উন্নয়ন ব্যবস্থার পটভূমি;
 ৫. গ্রামীণ উন্নয়নে বাংলাদেশের পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড-র) ভূমিকা;
 ৬. বাংলাদেশের পল্লী উন্নয়নে ক্ষমতাসীন সরকারের সাম্প্রতিক ভূমিকা;
- ❖ এটি মূলত সেকেন্ডারি তথ্য নির্ভর লেখনি।

প্রেক্ষাপট

স্থানীয় সরকার হল নিম্নতম পর্যায়ের বা স্থানীয়ভাবে সংগঠিত সরকার ব্যবস্থা। বাংলার সব যুগেই স্থানীয় সরকার ছিল; তবে বিভিন্ন যুগে এর ধরণ ছিল ভিন্নতর। গ্রামীণ প্রতিষ্ঠানই স্থানীয় সরকার কাঠামো গড়ে তুলেছিল; আর এ প্রতিষ্ঠানের ওপরই মূলত নির্ভরশীল ছিল প্রাচীন ও মধ্যযুগের বাংলার সরকার ব্যবস্থা। গ্রামসমাজ নিজ নিজ শাসনকার্য পরিচালনা করত। রাজা খাজনা পেয়ে সন্তুষ্ট থাকতেন। সরকারি ভাবে প্রতিষ্ঠিত অনেক প্রতিষ্ঠান ছিল, যেমন- গ্রাম প্রধান ও গ্রাম পরিষদ ইত্যাদি। এসব প্রতিষ্ঠান গড়ে তোলার পেছনে দু'ধরনের উদ্দেশ্য ছিল; একদিকে রাজস্ব আদায় এবং অন্যদিকে উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে জনগণকে সংগঠিত করা এবং রাজ্যে সুখ ও সমৃদ্ধি বজায় রাখা। সরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত ছিল গ্রামীণ, গ্রামিকা বা গ্রামপাল ইত্যাদি। প্রতিষ্ঠানের অধীনে স্থানীয় প্রশাসনের প্রকৃতি কেমন ছিল তার সীমিত সংখ্যক প্রমাণাদি পাওয়া যায়। গ্রাম পর্যায়ের উচ্চতর স্তরে কেন্দ্রীয় শাসন সম্প্রসারিত ছিল। স্থানীয় স্বায়ত্তশাসন ছিল না। কিন্তু সেখানে সামাজিক পরিষদ

গঠনের মাধ্যমে এক ধরনের স্থানীয় পরামর্শক ব্যবস্থার প্রচলন ছিল।

মধ্যযুগের স্থানীয় সরকার ব্যবস্থার সূচনা ত্রয়োদশ শতাব্দীর শুরুতে বাংলার তুর্কি-আফগান শাসন প্রতিষ্ঠার সময় থেকে শুরু হয় বলে মনে করা হয়। মধ্যযুগে গ্রাম প্রশাসন ছিল পঞ্চগয়েতের হাতে। প্রতিটি গ্রামে পরিষদ বা পঞ্চগয়েত ছিল। এই পরিষদই গ্রাম প্রধান নিয়োগ ও নির্বাচন করত। গ্রাম প্রধান গ্রাম এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে সংযোগ রক্ষা করতেন। গ্রাম প্রধান কৃষকদের কাছ থেকে রাজস্ব আদায় করতেন এবং তা রাষ্ট্রীয় কোষাগারে প্রেরণ করতেন। গ্রামের অধিবাসীদের শিক্ষা, জলসেচ, ধর্মীয় আচার অনুষ্ঠান এবং নৈতিক আচরণ তদারকির দায়িত্ব ছিল পঞ্চগয়েতের। মেলা অনুষ্ঠান ও উৎসবাদি উদযাপন এবং আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব পঞ্চগয়েতের উপর ন্যস্ত ছিল।

মুঘল আমলে রাজস্ব সংগ্রহ ব্যবস্থা অনেকটা সংগঠিত রূপ লাভ করে এবং শেষদিকে স্থানীয় প্রশাসন অধিকতর গতিশীল ছিল। ফলে মুঘল শাসন আমলে রাজস্ব ও সাধারণ প্রশাসনের মূলকেন্দ্র রূপে আবির্ভূত হয় সরকার/ চাকলা ও পরগণা। মধ্যযুগে পরিষদ ব্যবস্থার

মাধ্যমে স্থানীয় আলোচনা ও মতবিনিময়ের কোনো প্রমাণ পাওয়া যায় না। ব্যবস্থাটি ছিল নিম্নপর্যায় পর্যন্ত কেন্দ্রীয় কর্তৃপক্ষের শাসনের বিস্তৃতি। এই দুই বৈশিষ্ট্যের কারণে গ্রাম পর্যায়ে স্ব-শাসিত সরকার বিরাজমান ছিল কিনা অনেক ইতিহাসবিদ এ বিষয়ে দ্বিমত পোষণ করেন। মধ্যযুগে বিশেষ করে মুঘল আমলে বাংলার শহর গুরুত্ব লাভ করে। স্থানীয় সরকার ব্যবস্থায় তাঁদের সর্বাধিক উল্লেখযোগ্য অবদান ছিল শহরাঞ্চলে। এই সময় নগরসংস্থার মূলভিত্তি হিসেবে কোতোয়ালের কার্যালয় স্থাপিত হয়। সম্রাটের সনদের মাধ্যমে কোতোয়াল নিয়োগ লাভ করতেন। তিনি ছিলেন উচ্চ মর্যাদাসম্পন্ন কর্মকর্তা। আইনশৃঙ্খলা রক্ষা করা ছিল তার প্রধান কাজ। তিনি নগর রক্ষীবাহিনী, গুপ্তচর বাহিনী এবং একপাল ঘোড়া পুষতেন। নগর জীবনের প্রায় সবকিছুই ছিল তার দায়িত্বের অন্তর্ভুক্ত।

ঔপনিবেশিক আমলে স্থানীয় সরকার বা ব্রিটিশ শাসন প্রাথমিক পর্যায়ে বিদ্যমান স্থানীয় সরকার ব্যবস্থার ওপর তেমন হস্তক্ষেপ করে নি। শুধুমাত্র চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে ঐতিহ্যবাহী প্রতিষ্ঠানের অপসারণ ঘটায়। আর ব্রিটিশ মডেলের নতুন ধরনের

স্থানীয় শাসন চালু করে। পরগণা ব্যবস্থার বিলুপ্তি ঘটানো হয় এবং একইভাবে পঞ্চগয়েত ব্যবস্থারও। স্থানীয় সরকারের মূল ভিত্তি হয়ে দাঁড়ায় দেওয়ানি ও ফৌজদারি আইন এবং আদালত; জমিদার ও অন্যান্য ভূম্যাধিকার সমাজের স্বাভাবিক নেতায় পরিণত হয়।

উনবিংশ শতাব্দীর শেষদিকে জমিদারি প্রতিষ্ঠান তার সম্ভাবনা হারায়। ১৮৫৮ সালে কোম্পানির শাসনের অবসান এবং সংসদীয় অঙ্গীকার এদেশের জনগণকে বিভিন্ন ধরনের সংস্কারে অংশগ্রহণে আগ্রহী করে। এইজন্য সরকার চৌকিদারি আইন ১৮৭০ সালে পাশ করে। এ আইনে ঐতিহ্যবাহী পঞ্চগয়েত ব্যবস্থা পুনরায় চালু করার চেষ্টা করা হয়। এই আইন গ্রাম পর্যায়ে পাঁচ সদস্য বিশিষ্ট পঞ্চগয়েত নিয়োগ করার ক্ষমতা জেলা ম্যাজিস্ট্রেটের হাতে ন্যস্ত করে। গ্রামের আইনশৃঙ্খলা রক্ষার জন্য চৌকিদার নিয়োগ করা ছিল পঞ্চগয়েতের প্রাথমিক কাজ। চৌকিদারের বেতন প্রদানের জন্য গ্রামের জনগণের কাছ থেকে খাজনা নির্ধারণ ও আদায় করাও ছিল পঞ্চগয়েতের কাজ।

ভাইসরয় লর্ড রিপন (১৮৮০-১৮৮৪) সরাসরি পশ্চিমা স্ব-শাসন পদ্ধতি চালুর চেষ্টা করেন। ১৮৮২ সালে

তাঁর প্রশাসন স্ব-শাসন স্থানীয় প্রতিষ্ঠান পর্যায়ক্রমে চালুর সিদ্ধান্ত গ্রহণ করেন। এই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বেঙ্গল কাউন্সিলে ‘লোকাল সেলফ গভর্নমেন্ট অ্যাক্ট’ ১৮৮৫ সালে পাশ হয়। গ্রামীন অঞ্চলের জন্য এতে তিন স্তর বিশিষ্ট স্থানীয় সরকার ব্যবস্থার বিধান করা হয়; যথা, প্রত্যেক জেলায় জেলা বোর্ড, মহকুমায় স্থানীয় বোর্ড এবং কয়েকটি গ্রামের জন্য ইউনিয়ন কমিটি।

গ্রাম বাংলার স্থানীয় সরকার কর্তৃপক্ষের কার্যক্রম চালু করার দ্বিতীয় বৃহত্তর পদক্ষেপ নেওয়া হয়, ১৯১৯ সালের আইনে। এই আইনের মাধ্যমে ইউনিয়ন বোর্ড গঠন করা হয় এবং বিদ্যমান পঞ্চায়েত এবং চৌকিদারি পঞ্চায়েত এবং ইউনিয়ন কমিটি বিলুপ্ত করা হয়। ইউনিয়ন বোর্ড গঠিত হয় অনধিক ছয়জন সদস্য নিয়ে। এদের দুই-তৃতীয়াংশ ছিল নির্বাচিত; আর এক-তৃতীয়াংশ মনোনীত। মনোনীত সদস্যদের বাছাই করতেন জেলা ম্যাজিস্ট্রেট। নির্বাচিত সদস্যদের বাছাই করা হতো ইউনিয়নের অধিবাসীদের মধ্য থেকে এমন লোক নিয়ে যার বয়স কমপক্ষে ২১ বছর এবং যিনি অন্ততপক্ষে ১-টাকা ভূমিকর প্রদান করেছেন এবং নতুন বোর্ড দ্বারা ধার্যকৃত অন্তত ১-টাকা অন্যকর প্রদান করেছেন।

নির্বাচনের ক্ষেত্রে সদস্যরা নিজেদের মধ্য থেকে একজনকে চেয়ারম্যান এবং একজনকে ভাইস-চেয়ারম্যান নির্বাচিত করতেন। চেয়ারম্যান ছিলেন বোর্ডের প্রধান নির্বাহী আধিকারিক। বোর্ডের দুই-তৃতীয়াংশ সদস্যের অনাস্থা প্রস্তাব পাশের মাধ্যমে চেয়ারম্যানকে অপসারণ করা যেত। ইউনিয়ন বোর্ডের প্রাথমিক কাজ ছিল :

ক. চৌকিদার তত্ত্বাবধায়ন ;

খ. স্যানিটেশান ও জনস্বাস্থ্য রক্ষণাবেক্ষণ ;

গ. রাস্তাঘাট, সেতু এবং জলপথ রক্ষণাবেক্ষণ ;

ঘ. স্কুল ও চিকিৎসা কেন্দ্র প্রতিষ্ঠা এবং এগুলিকে স্বাধীনভাবে চলতে দেওয়া ;

ঙ. প্রয়োজন হলে জেলা বোর্ডের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করা।

সার্কেল অফিসার ইউনিয়ন বোর্ড তত্ত্বাবধান ও নিয়ন্ত্রন করতেন এবং তিনি জেলা বোর্ড থানা প্রশাসনের মাধ্যম হিসেবে কাজ করতেন।

পাকিস্তান আমল

১৯৫৯ সাল পর্যন্ত স্থানীয় সরকারে ঔপনিবেশিক পরিস্থিতি টিকে ছিল। আইয়ুব খান একটি নতুন নিরীক্ষার

প্রচেষ্টা চালান। তিনি এক ধরনের গণতন্ত্রের পক্ষে ছিলেন, যে ব্যবস্থাকে বলা হয় 'মৌলিক গণতন্ত্র' যার বৈশিষ্ট্য ছিল উপরে কর্তৃত্ববাদী সরকার এবং স্থানীয় স্তরে যোগ্য প্রতিনিধিত্বমূলক সরকার। ১৯৫৯ সালে মৌলিক গণতন্ত্র আদেশ ঘোষণা করা হয়। প্রায় ১০৭০ জন নিয়ে একটি নির্বাচনী এলাকা গঠিত হয় এবং পূর্ব পাকিস্তানকে ৬০,০০০ নির্বাচনী এলাকায় বিভক্ত করা হয়। প্রতিটি নির্বাচনী এলাকা ভোটদাতাদের মধ্য থেকে একজনকে নির্বাচন করতেন যিনি প্রেসিডেন্ট নির্বাচনে ভোট প্রদান করবেন। উভয় প্রদেশের নির্বাচনী এলাকার ভোটদাতারা নির্বাচকমন্ডলীর সদস্য হিসেবে গণ্য হতেন। এই সদস্যরা দেশের প্রেসিডেন্ট এবং জাতীয় ও প্রাদেশিক সদস্য নির্বাচনে রাজনৈতিক ভূমিকা পালন করতেন।

গ্রাম পর্যায়ে এ ব্যবস্থার চারটি স্তর ছিল। নিচ থেকে উপরের দিকে ছিল যথাক্রমে ইউনিয়ন কাউন্সিল, থানা কাউন্সিল, জেলা কাউন্সিল এবং বিভাগীয় কাউন্সিল। সাধারণত একটি থানা পরিষদ ১০জন নির্বাচিত সদস্য নিয়ে গঠিত হয়। পরিষদ তাঁদের নির্বাচিত সদস্যদের মধ্য থেকে একজনকে চেয়ারম্যান এবং একজনকে ভাইস চেয়ারম্যান নির্বাচিত করত। তবে চেয়ারম্যান, ভাইস

চেয়ারম্যান এবং সদস্যদের মেয়াদকাল পাঁচ বছর।
চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যানের বিরুদ্ধে আনীত অনাস্থা
প্রস্তাবের বিরুদ্ধে আদালতে প্রশ্ন তোলা যেত না।

থানা পরিষদ গঠিত হয় গণপ্রতিনিধি ও সরকারি
সদস্যদের সমন্বয়ে। থানা পরিষদে সরকারি সদস্যদের
মোট সংখ্যা কোনক্রমেই প্রতিনিধি সদস্যের মোট সংখ্যার
অধিক হবে না। থানা পরিষদে তিন ধরনের সদস্য ছিল
অর্থাৎ প্রতিনিধি সদস্য, সরকারি সদস্য এবং মনোনীত
সদস্য। সাধারণত থানা পরিষদের মোট সদস্যের শতকরা
পঞ্চাশ শতাংশ ছিল প্রতিনিধি সদস্য এবং অন্য পঞ্চাশ
শতাংশ ছিল সরকারি মনোনীত সদস্য। থানা পরিষদের
মূল কাজ ছিল এর এজিয়ারভুক্ত ইউনিয়ন পরিষদের
কার্যাবলির সমন্বয় সাধন করা। থানা পরিষদের মাসিক
সভায় সকল ইউনিয়ন পরিষদ এবং ইউনিয়ন কমিটির
চেয়ারম্যানের উপস্থিত থাকা আবশ্যিক ছিল এবং তারা
উক্ত সভায় নিজ নিজ সমস্যা আলোচনা করতেন। মহকুমা
অফিসার এসব সভাকে প্রত্যন্ত এলাকার সমস্যা চিহ্নিত
করার ক্ষেত্র হিসেবে ধরে নিতেন।

মৌলিক গণতন্ত্র আদেশের আওতাধীন জেলা
পরিষদ ছিল স্থানীয় সরকারের পরবর্তী স্তর। জেলা বোর্ড

এবং জেলা পরিষদের মধ্যে সুস্পষ্ট পার্থক্য বিদ্যমান। জেলা বোর্ড ছিল একটি নির্বাচিত সংস্থা এবং এর প্রধান একজন নির্বাচিত চেয়ারম্যান এবং জেলা পর্যায়ে এটি আমলাতন্ত্র থেকে স্বাধীন। মৌলিক গনতন্ত্র আদেশের অধীনে জেলা পরিষদকে আমলাতন্ত্রের অধীনস্থ করা হয়। ডেপুটি কমিশনার ও কালেক্টার ছিলেন পদাধিকার বলে জেলা পরিষদের চেয়ারম্যান ; সমস্ত নির্বাহী ক্ষমতা ছিল তার হাতে।

প্রতিটি বিভাগে বিভাগীয় কাউন্সিল ছিল। এটি ছিল গ্রামীণ স্থানীয় সংস্থার সর্বোচ্চ স্তর। বিভাগীয় কাউন্সিল গঠিত হয় সরকারি ও বেসরকারি সদস্যদের সমন্বয়ে। বিভাগীয় কাউন্সিলের সংখ্যা এক কাউন্সিল থেকে অন্য কাউন্সিলে পৃথক ছিল এবং সরকার এটির সিদ্ধান্ত গ্রহণ করত। বেসরকারি সদস্যদের মোট সংখ্যা সরকারি সদস্যদের মোট সংখ্যার থেকে কম হয় না। বেসরকারি বিভাগ এবং জেলা কাউন্সিলের সদস্যদের ভোটের দ্বারা নির্বাচিত করা হত। সরকারি সদস্যরা হলেন ডেপুটি কমিশনার (জেলা কাউন্সিলের চেয়ারম্যান হিসেবে) এবং কয়েকজন বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা।

বাংলাদেশের স্থানীয় সরকার (স্বাধীনতা পরবর্তী সময়)

বাংলাদেশের মৌলিক গনতান্ত্রিক ব্যবস্থায় স্থানীয় সরকার ব্যবস্থা সম্পূর্ণ রূপে ব্যর্থতায় পর্যবসিত হয়। আইয়ুব খানের পতনের সঙ্গে সঙ্গে তাঁর ব্যবস্থার ও বিলুপ্তি ঘটে। পরবর্তীকালে ১৯৭২ সালে গণদাবির মুখে প্রেসিডেন্টের ৭নং আদেশের অধীনে মৌলিক গণতন্ত্র ব্যবস্থা বিলুপ্ত হয়। ১৯৭১ সালে স্বাধীনতা লাভের পর থেকে বাংলাদেশের রাজনীতি তীব্র চাপের মুখে পড়ে। শাসন পদ্ধতি পরিবর্তনের সঙ্গে সঙ্গে সরকারি দৃষ্টিভঙ্গির ব্যাপক পরিবর্তন ঘটে এবং স্থানীয় সরকার ব্যবস্থায় পরিবর্তন ঘটে।

১৯৭২ সালে জারিকৃত রাষ্ট্রপতির ৭নং আদেশ দ্বারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকার বিদ্যমান সকল স্থানীয় সরকার কমিটি ভেঙে দেয়। এই সকল অবলুপ্ত কমিটির কার্যক্রম পরিচালনার জন্য সরকার কিছু নতুন কমিটি নিয়োগ করেন। অধিকন্তু ইউনিয়ন কাউন্সিল ও জেলা কাউন্সিল যথাক্রমে ইউনিয়ন পঞ্চায়েত (পরবর্তী সময়ে ইউনিয়ন পরিষদ) ও জেলা বোর্ডে (পরবর্তী সময়ে জেলা পরিষদ) রূপান্তরিত হয়।

অবশ্য থানা কাউন্সিল ও বিভাগীয় কাউন্সিলের ক্ষেত্রে এ ধরনের কমিটি নিয়োগ করা হয়নি। ১৯৭২ সালের সংবিধানে স্থানীয় সংস্থার মৌলিক কাঠামো ও কার্যাবলি সম্পর্কিত বিধান সংযোজন করা হয়। বিশেষ করে সংবিধানের ৯নং অনুচ্ছেদে বিধান রাখা হয়েছে যে, সংশ্লিষ্ট এলাকার নির্বাচিত প্রতিনিধিদের সমন্বয়ে প্রতিটি প্রশাসনিক ইউনিটে স্থানীয় সংস্থা গঠন করা যায়। ১৯৭৩ সালে নতুন করে জারিকৃত রাষ্ট্রপতির আদেশের (আদেশ নং ২২) অধীনে গঠিত ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। যেখানে রাষ্ট্রপতির আদেশ অনুসারে কয়েকটি গ্রাম নিয়ে গঠিত একটি ইউনিয়ন পরিষদ তিনটি ওয়ার্ডে বিভক্ত হবে এবং প্রত্যেক ওয়ার্ডে তিনজন করে ইউনিয়ন পরিষদ সদস্য নির্বাচিত হবে। অর্থাৎ একটি ইউনিয়নে মোট নয়জন সদস্য নির্বাচিত করা হবে। তাছাড়া এ আদেশে ইউনিয়নের সকল ভোটারের সরাসরি ভোট চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যান নির্বাচন করার বিধান রাখা হয়েছে। চেয়ারম্যানের মেয়াদকাল, যোগ্যতা, দায়িত্ব, ভাইস-চেয়ারম্যান এবং সদস্যদের অপসারণ করার বিধানও এ আদেশে অন্তর্ভুক্ত রয়েছে। অনুরূপভাবে, থানা ও জেলা উভয় পর্যায়ে পদাধিকার বলে

যথাক্রমে মহকুমা প্রশাসক এবং ডেপুটি কমিশনারকে চেয়ারম্যান করার বিধান করা হয়েছে।

১৯৭৫ সালের জানুয়ারী মাসে চতুর্থ সংশোধনীর মাধ্যমে ১৯৭২ সালের সংবিধানে ব্যাপক পরিবর্তন আনা হয় এবং স্থানীয় সংস্থা সম্পর্কিত বিধানাবলি অকেজো হয়ে পড়ে। অবশ্য নির্দিষ্ট কিছু সংখ্যক স্থানীয় সংস্থা গঠনের বিধান রাখা হয়। তবে এর অধিকাংশই নির্বাচনভিত্তিক নয়। শেখ মুজিবুর রহমানের হত্যা এবং আওয়ামী লীগ সরকারের পতনের (অগাস্ট, ১৯৭৫) ফলে স্থানীয় সরকার সম্পর্কিত উন্নয়ন প্রক্রিয়া সাময়িকভাবে বাধাপ্রাপ্ত হয়।

১৯৭৬ সালে জেনারেল জিয়াউর রহমানের নতুন সরকার স্থানীয় সরকার অধ্যাদেশ জারি করেন। এতে তিন ধরনের গ্রামীণ স্থানীয় সরকার গঠনের বিধান রাখা হয়। যথা- ইউনিয়ন পরিষদ, থানা পরিষদ ও জেলা পরিষদ। ইউনিয়ন পরিষদের গঠন ও কার্যাবলি বলতে গেলে ১৯৭৩ সালে রাষ্ট্রপতির ২২নং অধ্যাদেশের অনুরূপই থেকে যায়। তবে ব্যতিক্রম শুধু ভাইস-চেয়ারম্যানের পদের বিলুপ্তি এবং দু'ধরনের অতিরিক্ত ইউনিয়ন পরিষদ সদস্যের সংযোজন, যেমন- দুজন

মনোনীত মহিলা সদস্য এবং দুজন মনোনীত কৃষক সদস্য।

১৯৮২ সালে হুসেইন মোহাম্মদ এরশাদের নেতৃত্বাধীন সামরিক সরকারে প্রশাসনিক পুনর্গঠনের জন্য দশ সদস্যের কমিটি গঠন করে। সরকার কমিটির সুপারিশের ওপর ভিত্তি করে বিশেষত থানা পর্যায়ে বিদ্যমান স্থানীয় সংস্থার পুনর্বিন্যাসের বড় ধরনের পদক্ষেপ গ্রহণ করে। থানা পর্যায়ে স্থানীয় সরকার ব্যবস্থা পরিবর্তনের জন্য ১৯৮২ সালের ২৩শে ডিসেম্বর স্থানীয় সরকার (থানা পরিষদ ও থানা প্রশাসন পুনর্বিন্যাস) অধ্যাদেশ জারি করা হয়। পুনর্গঠিত ব্যবস্থার অধীনে প্রত্যেক থানাকে প্রশাসনের মূলকেন্দ্র রূপে চিহ্নিত করা হয়। স্থানীয় পর্যায়ে উন্নয়ন কর্মকাণ্ডের সব দায়দায়িত্ব থানা পরিষদের ওপর ন্যস্ত করা হয়। জাতীয় ও আঞ্চলিক গুরুত্বসম্পন্ন কার্যাবলি এবং প্রধান প্রধান উন্নয়ন কর্মকাণ্ডের নিয়ন্ত্রণমূলক দায়দায়িত্ব সরাসরি জাতীয় সরকারের হাতেই রয়ে যায়। ১৯৮২ সালের স্থানীয় সরকার অধ্যাদেশ সংশোধন করে ১৯৮৩ সালে বিদ্যমান থানা সমূহকে উপজেলায় উন্নীত করা হয়। পরবর্তীকালে অন্যান্য গ্রামীণ সংস্থা, যেমন- ইউনিয়ন পরিষদ, জেলা

পরিষদ, পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ (পার্বত্য জেলা বলা হয় তিনটি জেলার সমন্বয়কে – বান্দরবন, রাঙামাটি, খাগড়াছড়ি) এবং পল্লীপরিষদ পুনর্বিন্যাসের জন্য একটি অতিরিক্ত অধ্যাদেশ ও পাঁচটি আইন পাশ করা হয়।

১৯৯১ সালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বি.এন.পি) ক্ষমতা গ্রহণ করে। বেগম খালেদা জিয়ার নেতৃত্বাধীন এই সরকার যথাযথ ক্ষেত্রে গণতান্ত্রিক ভাবে প্রণীত বিকেন্দ্রীকৃত কাঠামোর পরিবর্তন না করেই উপজেলা ব্যবস্থা ও কাঠামো ভেঙে দেয়। তাঁর শাসনকালে পাঁচ বছরে এ ক্ষেত্রে প্রশংসনীয় কিছু করা হয় নি। ১৯৮৩ সালের স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশের বিধান অনুসারে নতুন ইউনিয়ন পরিষদ গঠনের লক্ষ্যে ১৯৯২ সালের নির্বাচন অনুষ্ঠিত হয়; কিন্তু অন্যান্য উচ্চতর ক্ষেত্রে স্থানীয় সংস্থা গঠনের লক্ষ্যে শেষ পর্যন্ত ১৯৯২ সালে সংসদে একটি বিল উত্থাপন করা হয়। দুর্ভাগ্যবশত ১৯৯৬ সালে খালেদা জিয়ার সরকারের অবসানের পূর্ব পর্যন্ত বিষয়টি সংসদে অমীমাংসিত ভাবে বুলে ছিল। অতএব তাঁর সরকারের পূর্ণ কার্যকালে স্থানীয় সরকার সংস্কার অবহেলিত অবস্থায় থেকে যায়।

১৯৯৬ সালে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামীলীগ সরকার স্থানীয় গণতান্ত্রিক নীতির ওপর ভিত্তিশীল টেকসই একটি স্থানীয় সংস্থার সুপারিশ প্রণয়নের জন্য স্থানীয় সরকার কমিশন গঠন করে। সে অনুযায়ী কমিশন চার স্তর বিশিষ্ট স্থানীয় সরকার গঠনের সুপারিশ করে, যেমন- গ্রাম পরিষদ, ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং জেলা পরিষদ। ১৯৯৭ সালের পরিবর্তন সময়ে মহিলা প্রতিনিধিদের অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি করা হয়।

বাংলাদেশের সংবিধানে স্থানীয় সরকার ব্যবস্থা

১৯৭৫ সালে সংবিধানে স্থানীয় সংস্থার মৌলিক কাঠামো ও কার্যাবলি সম্পর্কিত বিধান সংযোজন করা হয়। সংবিধানের ৯নং অনুচ্ছেদে বলা হয়,

রাষ্ট্র সংশ্লিষ্ট এলাকার প্রতিনিধিগণের সমন্বয়ে গঠিত স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ দান করিবেন এবং এই সকল প্রতিষ্ঠানসমূহে কৃষক, শ্রমিক এবং মহিলাদিগকে বিশেষ প্রতিনিধিত্ব দেওয়া হইবে।

১৯৭৫ সালের জানুয়ারি মাসে চতুর্থ সংশোধনীর মাধ্যমে ১৯৭২ সালের সংবিধানে ব্যাপক পরিবর্তন আনা

হয়। যথা- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে- 'তৃতীয় পরিচ্ছেদে' স্থানীয় শাসন সম্পর্কে বলা হয়,

৫৯(১) আইনানুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক একাংশের স্থানীয় শাসনের ভার প্রদান করা হইবে।

৫৯(২) এই সংবিধান ও অন্য কোন আইন সাপেক্ষ সংসদ আইনের দ্বারা যেরূপ নির্দিষ্ট করিবেন, এই অনুচ্ছেদের (১) দফায় উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠান যথোপযুক্ত প্রশাসনিক একাংশের মধ্যে সেইরূপ দায়িত্ব পালন করিবানে এবং অনুরূপ আইনে নিম্নলিখিত বিষয় সংক্রান্ত দায়িত্ব অন্তর্ভুক্ত হইতে পারিবে :

ক. প্রশাসনিক ও সরকারী কর্মচারীদের কার্য

খ. জনশৃঙ্খলা রক্ষা;

গ. জনসাধারণের কার্য ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা -

৬০নং ধারায় এই সংবিধানের ৫৯ ধারায় বিধানাবলীকে পূর্ণ কার্যকারিতা দানের উদ্দেশ্যে সংসদ আইনের দ্বারা উক্ত অনুচ্ছেদে উল্লিখিত স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠান সমূহকে স্থানীয় প্রয়োজনে কর আরোপ করিবার ক্ষমতাসহ বাজেট প্রস্তুতকরণ ও নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষণের ক্ষমতা প্রদান করিবেন।

❖ বাংলাদেশ সংবিধানের পঞ্চদশ সংশোধনীর সংস্করণ থেকে সংকলিত। তবে পঞ্চদশ সংশোধনীতে বিশেষ করে নির্বাচন পরিচালনায় তত্ত্বাবধায়ক সরকারের কার্যবলির পদ্ধতি সম্পর্কিত সংশোধনী আনা হয়।

বাংলাদেশের পল্লী উন্নয়ন ব্যবস্থার পটভূমি

বাংলাদেশের পল্লী উন্নয়নে উৎপাদন বৃদ্ধি, সম্পদের সুষম বণ্টন ও ক্ষমতায়নের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগণের অর্থনৈতিক ও সামাজিক জীবনযাত্রার মান উন্নয়নের জন্য এক পরিকল্পিত পরিবর্তন। সাধারণত এ পরিবর্তনকে দুটি ভাগে ভাগ করা যায়। পল্লী প্রতিষ্ঠান স্থাপন ও প্রযুক্তিগত অগ্রগতি। উদার অর্থনীতিবিদদের দৃষ্টিতে এটি পল্লীর জনগণের ক্রমবর্ধমান কল্যাণকে ত্বরান্বিত করার লক্ষ্যে পরিচালিত ব্যাপ্তিক ও সামষ্টিক প্রয়াসের সঙ্গে সম্পর্কিত প্রযুক্তিগত, অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক পরিবর্তনের গোটা বিষয়টির প্রতি নিবন্ধ।

আজকের বিশ্বায়নের প্রেক্ষাপটে বাংলাদেশের পল্লী উন্নয়নের নির্দিষ্ট লক্ষ্য হল গ্রামীণ বিত্তহীনদের, বিশেষ করে পশ্চাৎপদ মহিলা ও শিশুদের পারিপার্শ্বিক পরিবেশ নিয়ন্ত্রনে সক্ষম করা এবং সে নিয়ন্ত্রণের ফলশ্রুতি হিসেবে প্রাপ্ত সুযোগ সুবিধার যথাযথ বণ্টন। আজ বাংলাদেশের মেয়েদের শিক্ষার হারে বিশেষ করে নিম্ন প্রাইমারি থেকে উচ্চ শিক্ষার দ্বার পর্যন্ত অগ্রগতি দক্ষিণ এশিয়ার যেকোনো দেশের নিকট ঈর্ষণীয় বিষয়।

নোবেল জয়ী অমর্ত্য সেন অবধি বিস্ময় প্রকাশ করেছেন বাংলাদেশের পল্লীর হতদরিদ্র পরিবারগুলির শিশুদের বিশেষ করে মেয়ে শিশুদের শিক্ষার হার দেখে। এছাড়া বর্তমান সময়ে বাংলাদেশ সরকার প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত সকল পাঠ্যপুস্তক বিনামূল্যে বিতরণ করে থাকে, যা পল্লীর শিক্ষা ব্যবস্থাকে আরো বেশি শক্তিশালী করেছে।

বাংলাদেশের পল্লী উন্নয়নের চাবিকাঠি হল ক. দারিদ্র্য দূরীকরণ, গ্রামীণ দরিদ্রদের জীবনযাত্রার মান উন্নয়ন, খ. আয় ও সম্পদের সুষম বণ্টন, গ. ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, ঘ. পরিকল্পনা প্রণয়ন, সিদ্ধান্তগ্রহণ, প্রক্রিয়া বাস্তবায়ন, সুযোগ সুবিধার অংশীদারিত্ব, পল্লীউন্নয়ন কর্মসূচীর মূল্যায়নে স্থানীয় জনগণের অংশগ্রহণ, ঙ. অপ্রতুল সম্পদের ব্যবহার ও বণ্টন নিয়ন্ত্রণের জন্য গ্রামীণ জনগণ অধিকতর অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষমতা প্রদান। ১৯৭১ সালের পূর্বে এদেশে কয়েক ধরনের পল্লী উন্নয়ন সংস্থা বিদ্যমান ছিল। তবে ১৭৯৩ সালে চিরস্থায়ী বন্দোবস্ত আইনের সময়ে উল্লেখযোগ্য কতক সমাজহিতৈষী ব্যক্তি কিছু সরকারি কর্মকর্তাসহ স্থানীয়ভাবে এবং সীমিত আকারে

হলেও পল্লী উন্নয়নের জন্য বেশ কিছু কর্মসূচী বাস্তবায়নে প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেছিলেন।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ১৯২১ সালে অবিভক্ত ভারতের পল্লীবাসীর মধ্যে সহযোগিতার মানসিকতা তৈরির জন্য 'শ্রীনিকেতন' নামে একটি সংস্থা গঠন করেন। এই প্রতিষ্ঠানের অনুকরণে বিভিন্ন পল্লীমঙ্গল সমিতি, স্বাস্থ্য সমবায়, শিক্ষা প্রতিষ্ঠান এবং হস্তজাত শিল্প প্রশিক্ষণকেন্দ্র স্থাপিত হয়। রাজনীতিক ও সমাজ সেবক এ.কে. ফজলুল হক (১৯৩৭ সালে বাংলার মুখ্যমন্ত্রী) বহু শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলেন এবং বাংলার কৃষকদের ঋণ সমস্যা ও নিরক্ষরতা দূরীকরণের জন্য বেশ কিছু আইন পাস করেন। মহাত্মা গান্ধীর 'রামরাজ্য' নামক আদর্শ গ্রামের স্থপতি ছিলেন। এসব গ্রামের ভিত্তি ছিল ক্ষুদ্রায়তন কৃষি ও কুটির শিল্প যা স্বনির্ভর নীতিমালার ভিত্তিতে পরিচালিত হত। ব্রিটিশ ঔপনিবেশিক শাসকদের অধীনে উচ্চপদের আসীন সরকারি কর্মকর্তা, যেমন- গুরুসদয় দত্ত, এন.এম.খান, টি.আই.এম.চৌধুরি প্রমুখ নিজ নিজ তত্ত্বাবধায়নে পল্লী উন্নয়ন প্রকল্প নিয়ে পরীক্ষা নিরীক্ষা চালিয়েছেন।

বাংলাদেশের জন্মলগ্ন থেকেই পল্লী উন্নয়ন সম্পর্কিত নানা মতবাদের অব্যাহত পরীক্ষা নিরীক্ষা প্রত্যক্ষ করে যাচ্ছে। যুদ্ধ বিধস্ত অর্থনীতি ও সমাজ গড়ে তোলার লক্ষ্যে স্বাধীনতা পরবর্তী সময়ে বহুসংখ্যক স্বেচ্ছাসেবী ও সরকারি সংস্থা এনে পুনর্বাসন কর্মকান্ড পরিচালনা করে। দেশের বিভিন্ন অংশে সম্প্রসারণের জন্য ১৯৭২ সালে সরকারী কর্মকান্ডের মাধ্যমে পল্লী উন্নয়ন কর্মসূচিকে তৎপর করে তোলে।

গ্রামীণ উন্নয়নে বাংলাদেশের পল্লী উন্নয়ন একাডেমী(বার্ড)^২-র ভূমিকা

বাংলাদেশে বর্তমানে প্রায় ৬৮,০০০ গ্রাম রয়েছে এবং ২০১১ সালের সর্বশেষ আদমশুমারি অনুযায়ী দেশের প্রায় ৭৮ শতাংশ জনগণ গ্রামে বসবাস করে এবং দেশের জিডিপি-র ৭৪ শতাংশ গ্রামীণ অর্থনীতির থেকে আসছে। অর্থাৎ বাংলাদেশের মূল অর্থনীতিতে গ্রামীণ অর্থনীতির ভূমিকা অপরিহার্য। বাংলাদেশের গ্রামীণ উন্নয়নকে সম্প্রসারিত ও স্থায়ী রূপ দেওয়ার লক্ষ্যে স্বাধীনতার পূর্ব থেকে ১৯৫৯ সালে ঢাকা বিভাগের কুমিল্লা জেলার কোটাবাড়িতে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশের পল্লী উন্নয়ন

একাডেমী (বার্ড), যার প্রতিষ্ঠাতা ছিলেন আখতার হামিদ খান। বার্ড প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় জনগণের আর্থসামাজিক মান উন্নয়নের প্রধান লক্ষ্যকে সামনে রেখে স্বাধীনতার পূর্ব থেকে কাজ করে যাচ্ছে। স্বাধীনতার পর ১৯৭৫ সালে পল্লী উন্নয়নে খাতওয়ারী ধারণা থেকে স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন নিবিড় পল্লী উন্নয়ন কর্মসূচী শুরু করে। ১৯৯৩ সালে বার্ড একটি পরীক্ষামূলক কর্মসূচির উদ্যোগ গ্রহণ করে। সেটি ছিল ক্ষুদ্র চাষী উন্নয়ন কর্মসূচী। যার সকল তৎপরতার লক্ষ্য ক্ষুদ্র কৃষক। এর উদ্দেশ্য ছিল চাষী ও ভূমিহীন শ্রমিকদের উৎপাদন ও প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রয়োজনীয় অন্তর্বর্তীকালীন সহায়তা ও অন্যান্য সেবা দিয়ে সংগঠিত করা। অপরূপ সরকারি বৃহৎ পল্লী উন্নয়ন প্রকল্প হল দুঃস্থ শ্রেণীর উন্নয়ন প্রকল্প, থানা সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থাপন প্রকল্প, পল্লী সমাজসেবা কর্মসূচী, সমাজসেবা উন্নয়ন কর্মসূচী, গ্রামীণ মহিলাদের স্বনির্ভর কর্মসূচী এবং পল্লী কর্মসংস্থান বিষয়ক প্রযুক্তি। পল্লী উন্নয়ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি স্বরূপ ১৯৮৬ সালে স্বাধীনতা দিবস পুরস্কার লাভ করে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড)।

বাংলাদেশের পল্লী উন্নয়ন একাডেমীর সর্বশেষ পরিকল্পনা ও সরকারি কাগজপত্রে লক্ষ্য করা যায় যে, সরকারের চলমান পল্লীউন্নয়ন নীতিমালার গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে কর্মসংস্থানমুখী উৎপাদন, উন্নয়ন কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণ, সরকারি ও বেসরকারি খাতের মধ্যে ব্যাপকতর সহায়তা এবং পল্লীর দরিদ্রমহিলা, জাতিগত সংখ্যালঘু, শিশু ও প্রবীণ-প্রবীণা প্রভৃতি পশ্চাদপদ জনগোষ্ঠীর জন্য বিশেষ সব প্রকল্প প্রণয়ন। সরকারি উদ্যোগের পাশাপাশি স্বেচ্ছাসেবী সংস্থা বেসরকারী সংস্থাসমূহ (এন.জি.ও) আয় ও কর্মসংস্থান, উন্নয়ন, শিক্ষা, ত্রাণ ও পুনর্বাসন পরিকল্পনা এবং মা ও শিশুর পরিচর্যা ক্ষেত্রে ব্যাপক পল্লী উন্নয়ন কর্মকাণ্ডে নিয়োজিত। ৮৯টি আন্তর্জাতিক বেসরকারি সংস্থাসহ এদেশে রয়েছে বহু বেসরকারি সংস্থা (এন.জি.ও)। বেশ কিছু জাতীয় বেসরকারি সংস্থা সত্তরের দশকের প্রথম দিকে ত্রাণ ও পুনর্গঠন কর্মকাণ্ডকে ভিত্তি করে গড়ে ওঠে। এন.জি.ও গুলির পল্লী উন্নয়নের সর্বাধিক প্রভাব বিস্তারকারী মতবাদ সাধারণত মাইক্রো ক্রেডিট মডেল হিসেবে পরিচিত; (অর্থনীতিতে নোবেলজয়ী ড. মোহাম্মদ ইউনুস নির্দেশি পদক্ষেপ) যার ভিত্তি হল পল্লীর বিত্তহীন ও ভূমিহীনদের

সমন্বয়ে দারিদ্র দূরীকরণ। বেশ কিছু এন.জি.ও এই মতবাদ অনুসরণ করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সুনাম অর্জন করেছে। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হল বাংলাদেশের রুরাল অ্যাডভান্সমেন্ট কমিটি (ব্রাক), গ্রামীণ ব্যাঙ্ক প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র এবং রংপুর দিনাজপুর রুরাল সার্ভিস।

পল্লী উন্নয়ন প্রয়াস সম্পর্কিত অতীত অভিজ্ঞতার বিশ্লেষণ থেকে বড় ধরনের বেশ কিছু সমস্যাকে চিহ্নিত করা যায়। সেগুলি সকল প্রয়াসের সফল সম্পাদনকে ব্যাহত করে আসছে। এসব সমস্যা হচ্ছে – পল্লী উন্নয়ন সংস্থাসমূহের অস্থায়িত্ব, অযোগ্য ও দুর্নীতিপরায়ণ নেতৃত্ব, কেন্দ্রীয় শাসক গোষ্ঠীকর্তৃক স্থানীয় সরকারগুলিকে অসহযোগীতা, সুবিন্যস্ত পল্লী উন্নয়ন নীতিমালার অভাব, পল্লী উন্নয়ন প্রকল্প থেকে উদ্ভূত সুযোগ সুবিধার অসম বণ্টন প্রাকৃতিক ও লব্ধ সম্পদের সীমাবদ্ধতা, পল্লী উন্নয়ন কর্মকাণ্ড ও পরিকল্পনায় উচ্চশ্রেণীর আধিপত্য এবং অসহায়ক এক গ্রামীণ সমাজ। বাংলাদেশের পল্লীর আর্থসামাজিক বুনিয়াদের প্রকৃতিই পল্লী উন্নয়ন কর্মসূচীর কার্যকর বাস্তবায়নের ক্ষেত্রে হুমকি হয়ে দেখা দেয়। সে সব বৈশিষ্ট্য হচ্ছে পুঁজি গঠনের নিম্নস্তর, কৃষি নির্ভর

অর্থনীতি, নিপুণ ও শিক্ষিত জনশক্তি অভাব, বেকারত্ব, মুদ্রাস্ফীতি, বিদেশি সহায়তার ওপর ক্রমবর্ধমান নির্ভরশীলতা, দ্রুত জনসংখ্যা বৃদ্ধি, গ্রাম্য রাজনৈতিক দলাদলি, ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগ, অনুন্নত বাজার ও আর্থিক প্রতিষ্ঠান এবং অনুৎপাদনশীল খাতে বিনিয়োগ।

বাংলাদেশের পল্লী উন্নয়নে সরকারের সাম্প্রতিক ভূমিকা

বাংলাদেশে বর্তমানে আওয়ামীলীগ সরকার ২০১৪ সালের নির্বাচনে পুনরায় ক্ষমতায় আসে। এই সরকারের গ্রামীণ অর্থনীতি উন্নয়নের ভিশন ২০২১ এর মোটো হলো- ‘আর্থ-সামাজিক ভাবে উন্নত গ্রামীণ বাংলাদেশ’। বর্তমানে বাংলাদেশের পল্লী উন্নয়ন মন্ত্রী জনাব খন্দকার মোশারফ হোসেন।

পল্লী উন্নয়নে বর্তমান সরকারের লক্ষ্য

ক. পল্লী উন্নয়ন বিষয়ে এ যাবৎ অর্জিত সাফল্যকে ধারণ করে চাহিদার নিরিখে পল্লী উন্নয়ন বিষয়ে সময়োপযোগী নতুন নতুন কৌশলের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা।

খ. পল্লী উন্নয়ন বিষয়ক গবেষণা ও প্রায়োগিক গবেষণাকে উৎসাহিত করা।

গ. সময়ের চাহিদার সঙ্গে সংগতি রেখে সমবায় পদ্ধতিকে যুগোপযোগী করা।

ঘ. সমবায়ীদের প্রশিক্ষণ দানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি।

ঙ. প্রশিক্ষণের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মদক্ষতা বৃদ্ধি করা।

পল্লী উন্নয়নে বর্তমান সরকারের সাম্প্রতিক প্রকল্প

ক. একটি বাড়ি, একটি খামার প্রকল্প।

খ. সেচ সম্প্রসারণ প্রকল্প।

গ. পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ ও বিস্তার এবং ব্যবস্থাপনার মাধ্যমে ধানের ফলন বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প।

ঘ. গবাদী পশুপালন এবং বায়ো-গ্যাস সিলিভারকরণের মাধ্যমে দারিদ্র্য বিমোচনমূলক প্রায়োগিক গবেষণা প্রকল্প গৃহীত হয়।

ঙ. পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর আইসিটি কার্যক্রম ও ই-সেবা শক্তিশালীকরণ প্রকল্প। যার মাধ্যমে প্রতিটি জেলার সদর উপজেলার প্রতিটি ইউনিয়নে ‘ওয়াই-ফাই’ নেটওয়ার্কিং সেবা পৌঁছে দেওয়া।

টীকাঃ

১. পার্বত্য চট্টগ্রাম- চট্টগ্রাম বিভাগের, পাহাড়ী অঞ্চল
ভিত্তিক তিনটি জেলা- বান্দরবন, রাঙামাটি, খাগড়াছড়ি
নিয়ে পার্বত্য চট্টগ্রাম গঠিত।

২. BARD- Bangladesh Academy for Rural
Development.

সহায়ক গ্রন্থপঞ্জী :

১. Kamal Siddiqui- *Local Government in Bangladesh*-
Dhaka, The University Press Limited, Chapter-2, page-
29 to 110; Revised Third edition

২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান- প্রকাশনায়, আইন, বিচার ও
সংসদ বিষয়ক মন্ত্রালয় ২০১১।

৩. Perspective Plan of Bangladesh- 2010-2021; General
Economics Division (Planning Commission);
Government of the People's Republic of Bangladesh
April- 2012

৪. Bangladesh Plan of Action on National Agriculture
Policy- 2004, Ministry of Agriculture; Government of
People's Republic of Bangladesh

৫. United Nations Development program and Food
and Agriculture Organization of the United Nations,
February 2004 Dhaka.

Local Self Government –A Rural Picture (With Special Emphasis On Seventythird Amendment Act 1992)

Upamanyu Basu

Student (3rd Year), Department of Political Science
Ramakrishna Mission Vidyamandira

The term Panchayati Raj in India signifies the system of rural local self government. It has been established in all the states of India by the Acts of the state legislatures to build democracy at the grass root level. It is entrusted with rural development. It was constitutionalized through the Seventythird Constitutional Amendment Act of 1992.

Evolution of Panchayati Raj

Balwant Rai Mehta Committee-In January 1957, the Government of India appointed a committee to examine the working of the Community Development Programme¹ (1952) and the National Extension Service (1953) and to suggest measures for their better working. The Chairman of the Committee was Balwant Rai Mehta. The Committee submitted its report in November 1957 and recommended the establishment of the scheme of “democratic decentralization”, which ultimately came to be known as Panchayati Raj.

Rajasthan was the first state to establish Panchayati Raj. Though most of the states created Panchayati Raj institutions by mid-1960s, there were major differences from one state to another with regard to the number of tiers, relative position of samiti and

parishad, their tenure, composition, functions, finances, and so on.

Ashok Mehta Committee- In December 1977, the Janata Government appointed a Committee on Panchayati raj institutions under the Chairmanship of Ashok Mehta. It submitted its report in August 1978 and made 132 recommendations to revive and strengthen the declining Panchayati Raj system of the country.

GVK Rao Committee- The Committee to review the existing Administrative Arrangements for Rural Development and Poverty Alleviation Programmes under the chairmanship of GVK Rao was appointed by the Planning Commission in 1985. The committee came to the conclusion that the developmental process was gradually bureaucratized and divorced from the Panchayati Raj. This phenomena of bureaucratization of development administration as against the democratization weakened the Panchayati Raj institutions resulting in what is aptly called 'grass without roots'.

LM Singhvi Committee- In 1986, the Rajiv Gandhi government appointed a committee to prepare a concept paper on Revitalisation of Panchayati Raj Institutions for Democracy and Development under the chairmanship of LM Singhvi.

Thungon Committee-In 1988, a sub-committee of the Consultative Committee of Parliament was constituted under the chairmanship of PK Thungon to examine the political and administrative structure in the district for the purpose of district planning. This Committee suggested the strengthening of the Panchayati Raj system.

Gadgil Committee- The Committee on Policy and Programmes was constituted in 1988 by the Congress party under the chairmanship of VN Gadgil. This committee was asked to consider the question of “how best Panchayati Raj institutions could be made effective”.

Constitutionalisation-

The Congress government under the Prime Ministership of PV Narasimha Rao once again considered the matter of the Constitutionalisation of Panchayati raj bodies. It drastically modified the proposals in this regard to delete the controversial aspects and introduced a Constitutional Amendment Bill in the Lok Sabha in September, 1991. This bill finally emerged as the seventythird amendment Act 1992 and came into force on 24 April, 1993.

Seventythird Amendment Act of 1992

Significance of the Act

This act has added a new Part IX to the Constitution of India. This part is titled as “The Panchayats” and consists of provisions from Articles 243 to 243O. In addition, the Act has also added a new Eleventh Schedule to the constitution. This Schedule contains 29 functional items of the Panchayats. It deals with Article 243-G.

The Act has given a practical shape to Article 40 of the Constitution which says that “The state shall take steps to organize village panchayats and endow them with such powers and authority as may be necessary to enable them to function as units of self government”.

This article forms a part of the Directive Principles of State Policy.

The Act gives a Constitutional status to the Panchayati Raj institutions. It has brought them under the purview of the justiciable part of the Constitution. In other words, the state governments are under constitutional obligation to adopt the new Panchayati Raj system in accordance with the provisions of the Act.

Salient Features

Gram Sabha: Gram Sabha is a body consisting of all the persons registered in the electoral rolls relating to a village comprised within the area of Panchayat at the village level. Since all the persons registered in electoral rolls are members of Gram Sabha, there are no elected representatives. Further, Gram Sabha is the only permanent unit in Panchayati Raj system and not constituted for a particular period. Although it serves as foundation of the Panchayati Raj, yet it is not among the three tiers of the same. The powers and functions of Gram Sabha are fixed by state legislature by law.

Three Tiers of Panchayati Raj: Part IX provides for a three tier Panchayat system, which would be constituted in every state at the village level, intermediate level and district level. This provision brought the uniformity in the Panchayati Raj structure in India. However, the states which were having population below twenty lakh were given an option to not to have the intermediate level. All the members of these three levels are elected. Further, the chairperson of panchayats at the intermediate and district levels are indirectly elected from amongst the elected members. But at the village level, the election of chairperson of Panchayat

(Sarpanch) may be direct or indirect as provided by the state in its own Panchayati Raj Act.

Reservation in Panchayats There is a provision of reservation of seats for SCs and STs at every level of Panchayats. The seats are to be reserved for SCs and STs in proportion to their population at each level. Out of the Reserved Seats, 1/3rd have to be reserved for the women of the SC and ST. Out of the total number of seats to be filled by the direct elections, 1/3rd have to be reserved for women. There has been an amendment bill pending that seeks to increase reservation for women to 50%. The reserved seats may be allotted by rotation to different constituencies in the Panchayat. The State by law may also provide for reservations for the offices of the Chairpersons.

Duration of Panchayats A clear term for 5 years has been provided for the Panchayats and elections must take place before the expiry of the terms. However, the Panchayat may be dissolved earlier on specific grounds in accordance with the state legislations. In that case the elections must take place before expiry of six months of the dissolution.

Disqualification of Members Article 243F makes provisions for disqualifications from the membership. As per this Article, any person who is qualified to become an MLA is qualified to become a member of the Panchayat, but for Panchayat the minimum age prescribed is 21 years. Further, the disqualification criteria are to be decided by the state legislature by law.

Finance Commission State Government needs to appoint a finance commission every five years, which

shall review the financial position of the Panchayats and to make recommendation on the following:

- (i) The distribution of the taxes, duties, tolls, fees etc. levied by the state which is to be divided between the Panchayats
- (ii) Allocation of proceeds between various tiers
- (iii) Taxes, tolls, fees assigned to Panchayats
- (iv) Grant in aid

This report of the Finance Commission would be laid on the table in the State legislature. Further, the Union Finance Commission also suggests the measures needed to augment the Consolidated Funds of States to supplement the resources of the panchayats in the states.

Audit of the Accounts- The state legislature may make provisions with respect to the maintenance of accounts by the panchayats and the auditing of such accounts.

Application to Union Territoires - The President of India may direct that the provisions of this Act shall apply to any Union Territory subject to such exceptions and modifications as he may specify.

Exempted States and Areas -The Act does not apply to the states of Jammu and Kashmir, Nagaland, Meghalaya and Mizoram and certain other areas. These areas include a) the scheduled areas and the tribal areas in the states, b) the hill area of Manipur for which a district council exists and c) Darjeeling district of West Bengal for which Darjeeling Gorkha Hill council exists.

However the parliament may extend the provisions of this Part to the scheduled areas and tribal areas subject to such exceptions and modifications as it may specify.

Continuance of Existing laws and panchayats-

All the state laws relating to panchayats shall continue to be in force until the expiry of one year from the commencement of this act. In other words, the states have to adopt the new Panchayati Raj system based on this act within the maximum period of one year from 24th April 1993.

Bar to interference of Courts in electoral matters

The Act bars the interference by courts in the electoral matters of panchayats. It declares that the validity of any law relating to the delimitation of constituencies cannot be questioned in any court. It further lays down that no election to any panchayat is to be questioned except by an authority in such manner as provided by the state legislature.

Eleventh Schedule-It contains the following 29 functional items placed within the purview of panchayats.

1. Agriculture, including agricultural extension.²
2. Land improvement, implementation of land reforms, land consolidation and soil conservation.
3. Minor irrigation, water management and watershed development.
4. Animal husbandry, dairying and poultry.
5. Fisheries.
6. Social forestry and farm forestry.
7. Minor forest produce.
8. Small scale industries, including food processing industries.

9. Khadi, village and cottage industries.
10. Rural housing.
11. Drinking water.
12. Fuel and fodder.
13. Roads, culverts, bridges, ferries, waterways and other means of communication.
14. Rural electrification, including distribution of electricity.
15. Non-conventional energy sources.
16. Poverty alleviation programme.⁴
17. Education, including primary and secondary schools.
18. Technical training and vocational education.
19. Adult and non-formal education.
20. Libraries.
21. Cultural activities.
22. Markets and fairs.
23. Health and sanitation, including hospitals, primary health centres and dispensaries.
24. Family welfare.
25. Women and child development.
26. Social welfare, including welfare of the handicapped and mentally retarded.
27. Welfare of the weaker sections, and in particular, of the Scheduled Castes and the Scheduled Tribes.
28. Public distribution system.
29. Maintenance of community assets.

Compulsory and Voluntary Provisions

A. Compulsory Provisions

1. Organization of Gram Sabha in a village or group of villages
2. Establishment of panchayats at the village, intermediate and district levels
3. Direct elections to all seats in panchayats at the village, intermediate and district levels
4. Indirect elections to the post of chairperson of panchayats at the intermediate and district levels
5. 21 years to be the minimum age for contesting elections to panchayats
6. Reservation of seats (both members and chairpersons) for SCs and STs in panchayats at all the three levels
7. Reservation of one-third seats (both members and chairpersons) for women in panchayats at all the three levels
8. Fixing tenure of five years for panchayats at all levels and holding fresh elections within six months in the event of supersession of any panchayat
9. Establishment of a State Election Commission for conducting elections to the panchayats
10. Constitution of a State Finance Commission after every five years to review the financial position of the panchayats

B. Voluntary Provisions

1. Giving representation to members of the Parliament (both the Houses) and the state legislature (both the Houses) in the panchayats at different levels falling within their constituencies.
2. Providing reservation of seats (both members and chairpersons) for backward classes in panchayats at any level.
3. Granting powers and authority to the panchayats to enable them to function as institutions of self-government.
4. Devolution of powers and responsibilities upon panchayats to prepare plans for economic development and social justice; and to perform some or all of the 29 functions listed in the Eleventh Schedule of the Constitution.
5. Granting financial powers to the panchayats, i.e. authorizing them to levy, collect and appropriate taxes, duties, tolls and fees.

Some of the main defects found in Panchayati Raj System in India are as follows:

The Panchayati Raj in India has not been an absolute success. Its functioning all these years has demonstrated numerous shortcomings. Some of the defects of the system are as follows

1. Unscientific distribution of functions:

The Panchayati Raj scheme is defective in so far as the distribution of functions between the structures at different levels has not been made along scientific lines.

The blending of development and local self- government functions has significantly curtailed the autonomy of the local self government institutions.

Again it has virtually converted them into governmental agencies. Even the functions assigned to the Panchayat and the PanchayatSamiti overlap, leading to confusion, duplication of efforts and shifting of responsibility.

2. Incompatible relation between the three-tiers:

The three-tiers do not operate as functional authorities. The tendency on the part of the higher structure to treat the lower structure as its subordinate is markedly visible. M. P. Sharma rightly observes the hierarchical domination and predominance, “fitters down step by step from ZillaParishad³ to PanchayatSamiti and from them to the Village Panchayats” Needless to state that this kind of mutual relationship is not in comensurate with the genuine spirit of democratic decentralisation.

3. Inadequate finance:

The inadequacy of funds has also stood in the way of successful working of the Panchayati Raj. The Panchayati Raj bodies have limited powers in respect of imposing cesses and taxes. They have very little funds doled out to them by the State Government. Further, they are generally reluctant to raise necessary funds due to the fear of losing popularity with the masses

4. Lack of cordial relation between officials and people:

Introduction of the Panchayati Raj aimed at securing effective participation of the people. But in reality this hardly happens since the key administrative

and technical positions are manned by the government officials.

Generally there is lack of proper cooperation and coordination between the people and the officials like Block Development Officers, the District Officers etc. Again the officers fail to discharge the development duties more efficiently and sincerely.

5. Lack of conceptual clarity:

There is lack of clarity in regard to the concept of Panchayati Raj itself and the objectives for which it stands. Some would treat it just as an administrative agency while some others look upon it as an extension of democracy at the grass roots level, and a few others consider it a charter of rural local government. What is all the more intriguing is the fact that all these conceptual images could co-exist simultaneously tending to militate against each other every now and then.

6. Undemocratic composition of various Panchayati Raj institutions:

Various Panchayati Raj Institutions are constituted setting aside democratic norms and principles. The indirect election of most of the members to PanchayatSamiti only increases the possibility of corruption and bribery. Even the ZillaParishad consists of mainly ex-officio members. They are, for the most part, government officials. This negates sound democratic principles.

7. Disillusionment on structural-functional front:

The performance of Panchayati Raj Institutions has been vitiated by political cum caste factionalism, rendering developmental projects into chimeras. Corruption, inefficiency, scant regard for procedures,

political interference in day to day administration, parochial loyalties, motivated actions, power concentration instead of true service mentality- all these have stood in the way of the success of Panchayati Raj. Furthermore, the power to supercede the local bodies on the part of the State Government clearly violates the spirit of democratic decentralisation.⁵

8. Administrative Problem:

The Panchayati Raj bodies experience several administrative problems. They are the tendency towards politicization of the local administration, lack of co-ordination between the popular and bureaucratic elements, lack of proper incentives and promotion opportunities for administrative personnel and apathetic attitude of the government servants towards development programmes etc.

9. Politics is an inevitable part of a democratic framework:

The manipulative nature of rural politics is manifest in the techniques used at the time of elections. The fact-finding research teams observe that the caste system in rural India has made a mockery of the concept of rural development. Even the Panchayat elections are fought on caste grounds and the traditional dominant castes have manoeuvred in such a way that they still occupy the positions of power in the changed set-up.

Once the dominant castes have managed to occupy important positions where the decisions are made, they find it easy to manipulate the plans to serve their best interests. Consequently, the schism of caste grows wider day by day, alienating the low castes farther

and farther from participating in rural development programmes.

The political elite in the villages develops a vested interest in the perpetuation of the caste system. As a result, the Panchayats which were to bring about social changes have themselves become victims of caste divisions. As K. Seshadri pointed out, the institution which was created to bring changes in the socio-economic structure, due to the mere logic of the situation, legitimises the authority of socially and economically well-off persons.

10. Front for Party in Power in State - It is being increasingly noticed that the Panchayati Raj Institutions are viewed only as organisational arms of political parties, especially of the ruling party in the state. The State Government, in most states, allows the Panchayati Raj Institutions to function only upon expediency rather than any commitment to the philosophy of democratic decentralisation.

In view of the various shortcomings in the working of the Panchayati Raj Institutions, the Janata Party Government in 1977 appointed a Committee under the chairmanship of Ashok Mehta to inquire into the causes of failure in the working of Panchayati Raj bodies and suggest measures to strengthen them.

In 1978, this Committee made a number of recommendations for revitalisation of PRIs. These included: replacement of the three-tier system by a two-tier system with MandalPanchayat at the base and ZillaParishad at the top; assigning more powers to PRIs; making ZillaParishad primary unit in PR system; political parties taking part in the Panchayati Raj

Institutions; conducting election within six months in case of supersession of PRIs; grant of compulsory powers of taxation for Panchayati Raj Institutions to augment their resources; setting up of a Social Justice Committee to safeguard and promote the interests of the vulnerable social and economic groups, imparting training to Panchayat members etc.

The recommendations of the Ashok Mehta Committee were not honoured by the Government of Mrs. Indira Gandhi. In 1985, another Committee under the chairmanship of G. V. K. Rao was constituted. The G. V. K. Rao Committee recommended that (1) PRIs have to be activated and provided with all the required support to become effective organisations, (2) PRIs at district and block levels should be assigned the work of planning, implementation and monitoring of rural development programmes, and (3) Block Development Office should be the spinal chord of the rural development process.

A high-powered Committee was set up by the Government of India in 1986 under the chairmanship of Dr. L.M. Singhvi. The L.M. Singhvi Committee observed that a host of factors like lack of political will, lack of evaluation and feedback, reluctance to raise revenue resources through exercising taxing powers, indifference to corrective measures were responsible for the failure of the Panchayati Raj Institutions.

The Committee suggested locating means to ensure availability of adequate financial resources for Panchayati Raj Institutions. It suggested a pattern of compulsory and optional levies for PRIs in order to enable them to function effectively.

It laid stress on the training, research and public education inputs to strengthen the institutions of Panchayati Raj. The Committee also attached importance to the performance capabilities of persons connected with Panchayati Raj Institutions such as voters, elected representatives, administrative officials, voluntary workers etc.

In May, 1989, the Rajiv Gandhi Government introduced in Parliament 64th Amendment Bill which sought to reinvigorate and streamline the Panchayati Raj Institutions. It sought to provide wider powers and adequate funds to the Panchayats. But the Bill could not be passed due to the dissolution of the Lok Sabha. V. P. Singh Government also indicated its intention to introduce a new Panchayat Bill in the Parliament.

However, the Lok Sabha was dissolved and the bill could not be passed. In 1992, Narasimha Rao Government finally decided to amend the Constitution. This amendment was made by the Lok Sabha in December, 1992, by the Rajya Sabha in December, 1993 and after being ratified by 17 State Assemblies, it came to be known as 73rd Constitutional Amendment Act, 1992. The 73rd Constitutional Amendment came into operation in April, 1994.

References


1. "The Constitution (Seventy-third Amendment) Act, 1992". Government of India.
 2. Mullick, Rohit & Raaj, Neelam "Panchayats turn into kangaroo courts". The Times of India. (9 September 2007).
 3. M Laxmikanth, *Indian Polity* - 5th Edition. Delhi:Mc Graw Hill, 2015
 4. M Laxmikanth, *Public Administration* - 5th Edition Delhi:Mc Graw Hill, 2015
-

Notes:

1. Post Independence, the first major development programme launched in India was Community Development Programme, 1952. Core philosophy was overall development of rural areas and people's participation.
2. Agricultural extension is the application of scientific research and new knowledge to agricultural practices through farmer education.
3. Zila Panchayats are Panchayats at Apex or District Level in Panchayat Raj Institutions (or PRIs).
4. Jawahar Gram Samridhi Yojana (JGSY) National Old Age Pension Scheme (NOAPS) National Family Benefit Scheme (NFBS) National Maternity Benefit Scheme. Annapurna. *Integrated Rural Development Program (IRDP)* Pradhan Mantri Gramin Awaas Yojana. National Rural Employment Guarantee Act (*NREGA*).
5. Democratic decentralization is a political concept. The aim of such decentralization is to expand the field of authority and specialization and to enable the people to make more and more participation in politics and administrative affairs.

পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চায়েতের আয়ের উৎস এবং
স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা
বিকাশ মাখাল

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (তৃতীয় বর্ষ), রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির



পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চায়েতের আয়ের উৎস এবং স্থানীয়
স্বায়ত্তশাসন ব্যবস্থা

বর্তমানে দুনিয়া হল বিশ্বায়নের দুনিয়া। এই বিশ্বায়নের দুনিয়ায় বিশ্বের প্রায় অধিকাংশ রাষ্ট্র বিভিন্ন জনকল্যাণমুখী কর্মসূচী গ্রহন করেছে। এইসব কর্মসূচীকে বাস্তবে যথাযথভাবে রূপায়ণের জন্য স্থানীয় স্তরে বা তৃণমূল স্তরের রাজনৈতিক ব্যবস্থায় জনগনের অংশগ্রহণ আবশ্যিক। স্থানীয় স্বায়ত্তশাসনের মূল উদ্দেশ্য হল স্থানীয়

জনগণের কল্যাণসাধন করা। এই কারণে গ্রামভিত্তিক ভারতের স্বাধীনতা প্রসঙ্গে গান্ধিজী বলেছেন "স্বাধীনতা হতে হইবে তলদেশ হইতে যেমন প্রত্যেক গ্রাম হইবে এক একটি পূর্ণক্ষমতা-সম্পন্ন পঞ্চায়েত বা সাধারণতন্ত্র.....প্রত্যেক গ্রামকে সকল বিষয়ে আত্মনির্ভর হতে হইবে, নিজের ব্যবস্থা নিজেই করিয়া লইতে হইবে"।

আমরা প্রত্যেকে জানি যে, ১৯৯৩ সালে ভারতীয় সংবিধানে ৭৩ নং সংবিধান সংশোধনের মাধ্যমে ভারতে পঞ্চায়েতী রাজ ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়। ভারত হল বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক দেশ। বহু রাষ্ট্রবিজ্ঞানী মনে করেন যে, গণতন্ত্রকে সুস্থ এবং সবল রাখতে বিকেন্দ্রীকৃত শাসনব্যবস্থার প্রয়োজন। ভারতের পটভূমিকায় গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ ঘটেছে গ্রামাঞ্চলে পঞ্চায়েতীরাজ ব্যবস্থার মাধ্যমে এবং শহরাঞ্চলে পৌরসভার মাধ্যমে। বিশিষ্ট অর্থনীতিবিদ অ্যাডাম স্মিথ সহ অন্যান্য অর্থনীতিবিদ মনে করেন যে, কোনো প্রতিষ্ঠান-সে ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক যাই হোক না কেন, অর্থনীতির ভিত্তি সুদৃঢ় না হলে সেই প্রতিষ্ঠান বেশি দিন চলতে পারে না। গ্রাম পঞ্চায়েতও সে দিক থেকে ব্যতিক্রম নয়।

পশ্চিমবঙ্গের পঞ্চায়েত সংগঠন স্বশাসিত এবং আইনানুগ সংস্থা। স্থানীয় স্বায়ত্তশাসিত সংস্থাগুলি তাদের নিজ নিজ কর্তব্য পালনে যাতে কার্যকরী হয়, তার জন্য তাদের হাতে যথেষ্ট অর্থসম্পদ থাকা দরকার। নতুবা কোনো স্বায়ত্তশাসন ফলপ্রসূ হতে পারে না। গ্রাম ভিত্তিক স্থানীয় উন্নয়নের দায়-দায়িত্ব সম্পূর্ণ ভাবে গ্রাম পঞ্চায়েতের এজিয়ারভুক্ত। স্থানীয় উন্নয়নকে সর্বতোভাবে সার্থক করতে হলে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিল থাকা বাঞ্ছনীয়। পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির অন্যতম মৌলিক প্রয়োজন হল তাদের দায়-দায়িত্ব পালনের উপযোগী যথেষ্ট আয়ের সংস্থান থাকা।

The West Bengal Panchayet Act, 1973'

এর ৪৫ নং ধারায় গ্রাম পঞ্চায়েতের তহবিলে যে টাকা জমা হবে তা উল্লেখ করা হয়েছে। এই আইন অনুযায়ী পঞ্চায়েতের আয়ের উৎসগুলি হল-----

১. কেন্দ্রীয় সরকার, রাজ্যসরকার, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা অন্য কোনো স্থানীয় কর্তৃপক্ষের প্রদত্ত দান ও মঞ্জুরী।
২. কেন্দ্রীয় বা রাজ্য সরকার প্রদত্ত ঋণ।

৩. গ্রাম পঞ্চায়েত কর্তৃক ধার্য কর, অভিকর, এবং ফী বাবদ সমস্ত আদায়।
৪. গ্রামপঞ্চায়েত নিয়ন্ত্রনাধীন ও পরিচালিত যে কোনো স্কুল, হাসপাতাল, চিকিৎসালয়, দালান, প্রতিষ্ঠান বা কলকারখানা থেকে প্রাপ্ত সমস্ত অর্থ।
৫. দান বা অনুদান হিসাবে পাওয়া সমস্ত অর্থ এবং গ্রাম পঞ্চায়েতের অনুকূলে কোনো ট্রাস্ট বা এনডাউমেন্ট থেকে প্রাপ্ত সমস্ত আয়।
৬. এই আইন অনুসারে আদায়ীকৃত সমস্ত জরিমানা ও অর্থদণ্ড এবং
৭. গ্রাম পঞ্চায়েতের দ্বারা প্রাপ্ত অন্যান্য সমস্ত অর্থ।

১৯৭৩ সালে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত আইন কার্যকরী ভাবে রূপায়িত হয়নি বলে অনেকে মনে করেন এবং আইনে পঞ্চায়েতের আয়ের উৎস গুলির উল্লেখ থাকলেও অর্থ সংগ্রহের ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয় এবং তাছাড়াও অর্থের ব্যবস্থা করার ব্যাপারে কোনো মৌলিক পরিবর্তন চোখে পড়ে না। নতুন প্রতিষ্ঠান গুলির ক্ষেত্রে কেবল কর বসাবার ক্ষমতার কিছু কিছু রদবদল করা হয়েছে, কয়েকটি ক্ষেত্রেও করের হার বাড়ানো হয়েছে, আবার কয়েকটি ক্ষেত্রে করের হার নির্ধারণ করে দেওয়া হয়েছে।

১৯৭৩ সালে পশ্চিমবঙ্গের পঞ্চায়েত আইনে অবশ্য নিজস্ব কোনো আয়ের উৎস ছিল না এবং কর বসানো কোনো ক্ষমতা দেওয়া হয়নি। মূলত সরকারী অনুদানের উপর তাকে সম্পূর্ণ ভাবে নির্ভর করতে হত। অর্থ সংগ্রহের উদ্দেশ্যে কয়েকটি বাধ্যতামূলক ও স্বৈচ্ছাধীন কর, অভিকর, ও ফী বসাবার ক্ষমতা দেওয়া হয়েছিল।

১৯৯১ সালে ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী নরসিমা রাওয়ের সরকার পঞ্চায়েত ব্যবস্থা এবং পৌরসভার জন্য দুটি বিল সংসদে সর্বসম্মতিক্রমে পাশ করে এবং রাজ্য বিধানসভার সম্মতি সময় মতো চলেও আসে। ৭৩ নং সংবিধান সংশোধন আইন ১৯৯২ সালে পঞ্চায়েত সংক্রান্ত ব্যবস্থার দৃঢ় ভিত্তি স্থাপন করে। নরসিমা রাও বলেছেন যে, *'The main objective of enacting this Constitution Amendment Act, is to improve the participation of people in the process of their development'*। এই আইনের মাধ্যমে পঞ্চায়েতের নিজস্ব তহবিল গঠন ও তার পুষ্টিসাধনের জন্য নানারকম কর, অভিকর ইত্যাদি ধার্য ও আদায় করার ক্ষমতা দেওয়া হয়েছে।

১৯৯৩ সালে পঞ্চায়েত আইনের মাধ্যমে নিজস্ব তহবিল গঠনকে শক্তিশালী করতে গ্রাম পঞ্চায়েতের আয়ের উৎস গুলিকে বিশেষ ভাবে উল্লেখ করা হয়। এগুলি হল—

১. এলাকার মধ্যে জমি হস্তান্তরের ক্ষেত্রে অতিরিক্ত স্ট্যাম্প ডিউটি।
২. অতিরিক্ত প্রমোদ
৩. যানবাহন রেজিস্ট্রীকরণের উপর মাসুল।
৪. নালিশ, আবেদন এবং সংশ্লিষ্ট ন্যায় পঞ্চায়েতে রুজু করা মামলা মোকদ্দমা বাবদ কর।
৫. জমি ও বাড়ির উপর কর।
৬. দেবস্থান ও তীর্থস্থান, প্রদর্শন মেলায় জনস্বাস্থ্যমূলক ব্যবস্থা করবার জন্য মাসুল।
৭. আলো, জল এবং আবর্জনা অপসারণ বাবদ অভিকর।
৮. ব্যক্তিগত মালিকানার কোনো এলাকা থেকে পরিষ্কার বাবদ অভিকর।
৯. পাইকারি বা খুচরা ব্যবসা পরিচালনার জন্য নিবন্ধীকরণ ফী।
১০. সড়ক বা সেতুর উপর বসানো টোলের শুল্ক।

- ১১ খেয়া ঘাটের উপর শুষ্ক।
১২. অভিকর, নিকাশীকর।
১৩. শ্মশান ঘাটের ফী।
১৪. বানিজ্যিক ভিত্তিক পরিচালিত পাম্প সেট যুক্ত স্যালো টিউবওয়েল।
১৫. গ্রামে উৎপাদিত দ্রব্য বিক্রয়ের উপর ফী।
১৬. প্রচারের জন্য বিজ্ঞাপন দিলে তার উপর ফী।

এছাড়াও এলাকার মধ্যে ঘরবাড়ি নির্মাণ করার জন্য গ্রাম পঞ্চায়েত ফী ধার্য করতে পারবে। গ্রাম পঞ্চায়েত যেসব কর বসাতে পারবে তা দুই শ্রেণীর – বাধ্যতামূলক ও স্বেচ্ছাধীন কর। জমি ও বাড়ি উপর কর, জমি হস্তান্তরের ক্ষেত্রে অতিরিক্ত স্ট্যাম্প ডিউটি ও অতিরিক্ত প্রমোদ কর, ঘরবাড়ি নির্মাণের অনুমোদনের ক্ষেত্রে ফি আরোপ করা, প্রভৃতি হল বাধ্যতামূলক কর। আর অন্যান্য সমস্ত কর স্বেচ্ছাধীনমূলক।

পঞ্চায়েতীরাজের বিত্ত সংক্রান্ত শাস্তানাম কমিটি এর রিপোর্টে বলা হয় যে, প্রতিটি পঞ্চায়েতের নিজস্ব সূত্র থেকে সামান্য আয় সুনিশ্চিত করার জন্য অন্তত কয়েকটি কর ধার্য করা প্রয়োজন। এই উদ্দেশ্যে ইমারত কর, বৃত্তিকর ও যানবাহন কর ধার্য করাই অত্যন্ত যুক্তিযুক্ত

হবে। পঞ্চগয়েতকে শক্ত অর্থনৈতিক ভিত্তির উপর দাঁড় করানো এবং স্থানীয় এলাকার বিভিন্ন জনকল্যাণমূলক সেবা করার জন্য এই বাধ্যতামূলক কর প্রয়োজন।

শান্তনাম কমিটির সুপারিশ অনুসারে পঞ্চগয়েতের যে তিনটি কর নির্ধারণ ব্যবস্থা ১৯৫৭ এবং ১৯৭৩ সালে পঞ্চগয়েত আইনে রয়েছে এবং তার মধ্যে দুটি কর বসানো পঞ্চগয়েতের বাধ্যতামূলক, কিন্তু ১৯৯২ সালে বৃত্তিকর তুলে দেওয়া হয়েছে। জমি ও বাড়ির উপর কর গ্রাম পঞ্চগয়েতের আয়ের প্রধান ও নিজস্ব উৎস। ১৯৭৮-১৯৭৯ সালে পশ্চিমবঙ্গে পঞ্চগয়েত আইন অনুসারে যেসব কর,অভিকর ও মাণ্ডল ধার্য করা হয় তার প্রায় ৪০ শতাংশই ছিল জমি ও বাড়ি উপর বার্ষিক মূল্য নির্ধারণের ভিত্তিতে ধরা কর। জমিজমা গৃহাদির বার্ষিক মূল্য বলতে বোঝায় জমিজমা গৃহাদির বাজার দরের ৬ শতাংশের সমপরিমান টাকা। তবে যেসব জমিজমার মূল্য পঞ্চাশ টাকার বেশি নয় অথবা জনকল্যাণ, ধর্মীয়, শিক্ষাগত ও দাতব্য উদ্দেশ্যে ব্যবহৃত হয় তার উপর কর ধার্য করা যায় না। এছাড়াও রাজ্য সরকার বিজ্ঞপ্তি দিয়ে অন্য কোন ধরনের সম্পত্তিকে পঞ্চগয়েত কর থেকে রেহাই দিতে পারেন।

পরবর্তী গুরুত্বপূর্ণ কর ছিল পেশা, ব্যবসা, জীবিকা ও চাকরীর উপর। ১৯৯২ সালে পঞ্চগয়েত আইন সংশোধন করে এই কর রদ করা হয়। রাজ্য সরকারই পেশা কর সংগ্রহ করে এবং এ বাবদ গ্রাম পঞ্চগয়েত রাজ্য সরকারের কাছ থেকে কিছু অর্থ পেয়ে থাকে। এই আইনের পূর্বে গ্রাম পঞ্চগয়েতের অধীন এলাকার মধ্যে যেসব ব্যক্তি কোনো পেশা, ব্যবসা, জীবিকা চালান বা চাকরি করেন, তাদের প্রত্যেকে বছরের মোট আয়ের ভিত্তিতে কর দিতে হত। ভারতীয় সংবিধান অনুসরণ করে সেই সময় পঞ্চগয়েত আইনে এই করের সর্বোচ্চ সীমা ধার্য হয়েছে ২৫০ টাকা। অন্যদিকে ঘরবাড়ি, জমিজমা থেকে যে আয় হবে তার উপর কর ধার্য করার সর্বোচ্চ হার নির্ধারণে কোনো বাধা নেই।

সুতরাং দেখা যাচ্ছে ১৯৫৮ সালের আইনে ৪৬(১) ধারায় যে দুটি করের কথা বলা হয়েছে – একটি সীমাহীন, অপর টি সীমাবদ্ধ। এই সময়ের বিশেষজ্ঞগণ মনে করতেন যে ‘বৃত্তিকর’ এর সীমা বাড়িয়ে ৫০০ টাকা করা দরকার এবং এই কর ফাঁকি বন্ধের জন্য গ্রাম পঞ্চগয়েত গুলিকে ব্যক্তিদের আয়করের রেকর্ড দেখবার অধিকার দেওয়ার প্রয়োজন ছিল।

প্রসঙ্গত উল্লেখযোগ্য, গত শতাব্দীর আটের দশক থেকে রাজ্য সরকার বৃত্তিকর ধার্য করেছে। তাই অনেকে মনে করেন যে বৃত্তি, জীবিকা প্রভৃতি করের হার বৃদ্ধি করে এই কর ধার্য করবার ক্ষমতা রাজ্যসরকারের হাতেই রাখা হোক এবং সংগ্রহের ব্যয় বাবদ কিছু বাকি টাকা রাজ্যসরকার কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি ও পঞ্চগয়েতের মধ্যে ভাগ করে দেবে। বর্তমানে তাই করা হয়েছে।

এছাড়া আর দুটি বিষয়, যেমন-স্থাবর সম্পত্তির হস্তান্তর ও প্রমোদানুষ্ঠান, এর উপর গ্রাম পঞ্চগয়েত বাধ্যতামূলক কর বসাতে পারে। এলাকায় অবস্থিত স্থাবর সম্পত্তির হস্তান্তরের ক্ষেত্রে অতিরিক্ত স্ট্যাম্প ডিউটি হিসাবে বিক্রয়মূল্যের উপর, দানের ক্ষেত্রে সম্পত্তির মূল্যের উপর, বন্ধকের ক্ষেত্রে ঋণের টাকার উপর, বিনিময়ের ক্ষেত্রে সম্পত্তির দামের উপর, অন্যদিকে কোনো প্রমোদানুষ্ঠানে প্রবেশ মূল্যের উপর শতকরা ১০ ভাগ হারে অতিরিক্ত স্ট্যাম্প ডিউটি হিসাবে গ্রাম পঞ্চগয়েতের শুল্ক ধার্য করার ক্ষমতা রয়েছে। বাস্তব ক্ষেত্রে গ্রাম পঞ্চগয়েতের আর্থিক অবস্থাকে শক্তিশালী করে তোলার জন্য এই দুটি বিষয়ের উপর কর বসালে সাধারণ

মানুষের কোনো ক্ষতি হয় না। কারণ কেবল যারা সম্পত্তি কেনেন বা প্রমোদানুষ্ঠানে যান তারাই এই কর দেন।

গ্রামপঞ্চগয়েতের আয়ের উৎসগুলির অধিকাংশই অস্থিতিস্থাপক। ঐচ্ছিক কর ধার্য করার ব্যপারে স্থানীয় কর্তৃপক্ষের কিছুটা অনীহাও লক্ষ্য করা যায়। কর সংগ্রহের ক্ষেত্রে নির্দিষ্ট কোনো বৈজ্ঞানিক পদ্ধতি না থাকায় সম্পত্তি থেকে আয় বেশি বাড়ানো যায় না। ভাড়া আইন অনুসারে যানবাহনের রেজিস্ট্রিকরনের ক্ষেত্রে অসঙ্গতি রয়েছে যেমন গ্রাম পঞ্চগয়েতের অধীনে রেজিস্ট্রিকৃত গাড়ি যদি সপ্তাহে দুবার শহরে যায় তাহলে শহরে নিয়মানুযায়ী ঐ গাড়ির উপর কর বসার ফলে গাড়ির মালিক কে দুবার কর দিতে হয়। অন্যদিকে জমি ও বাড়ি ওপর কর সংগ্রহের ক্ষেত্রে গ্রাম পঞ্চগয়েতের একটা অনীহা আছে। কারণ পরবর্তী নির্বাচনে ভোট হারানোর ভয়ে, কোনো দলই এই ঝুঁকি নিতে চায় না। বর্তমানে কর বসানোর পদ্ধতি যেমন পাল্টে গেছে তেমনি কর সংগ্রহের পদ্ধতিও একটু পরিবর্তিত হয়েছে।

কর বহির্ভূত আয়

পঞ্চগয়েত আইনে পঞ্চগয়েতের কর বহির্ভূত আয়ের উৎসের কথা বলা হয়েছে। এগুলি সংখ্যায় বর্তমানে ১৫ টি। কর বহির্ভূত আয়ের উৎসগুলির মধ্যে উল্লেখযোগ্য হল ব্যবসা-বানিজ্য, যানবাহন রেজিস্ট্রিকরন, সেচের জল, পানীয় জল সরবরাহ, আলোর ব্যবস্থা, খেয়া ঘাট, নিকাশী-ব্যবস্থা, টিউবওয়েল, বাজারে বিক্রয়যোগ্য গ্রামীণ দ্রব্য, প্রচারের বিজ্ঞাপন প্রভৃতি এই সব বিষয়ের উপর গ্রাম পঞ্চগয়েত শুল্ক, উপশুল্ক ও অভিকর বসাতে পারে। এর জন্য পঞ্চগয়েতকে উপবিধি রচনা করতে হয়।

আরও একটি ক্ষেত্রে গ্রাম পঞ্চগয়েতের কর বসানো সুযোগ বেড়েছে। গ্রামীণ এলাকায় রাজ্য বিদ্যুৎ পর্ষদের পাওয়ার স্টেশন, অফিস এবং টাওয়ার ছড়িয়ে আছে। এখন গ্রাম পঞ্চগয়েত ঐ পাওয়ার স্টেশন বা অফিসের উপর কর বসাতে পারে এবং ঐ টাওয়ারের ওপর ফী আরোপ করতে পারবে। এভাবে গ্রাম পঞ্চগয়েতের নিজস্ব আয়ের উৎস বেড়ে গেল। গ্রাম পঞ্চগয়েত বঙ্গীয় সরকারী দাবী আদায় আইন (১৯১৩) বকেয়া প্রাপ্য আদায়ের জন্য প্রয়োগ করতে পারে। তবে গ্রাম সংসদ ও গ্রাম উন্নয়ন সমিতির সহায়তায় কর সংগ্রহের ব্যবস্থা একটি উন্নত

প্রয়াস, এই ব্যবস্থা গ্রামবাসীদের সচেতনতা বাড়াতে সাহায্য করবে।

তবে বর্তমানে ছোট ধরনের উন্নয়নের জন্য গ্রাম পঞ্চায়েত এখন রাজ্য ও কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল। তাছাড়াও কম সংখ্যক জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতি গ্রাম পঞ্চায়েত গুলিকে সাহায্য দেবার ক্ষমতা রাখে। গ্রাম পঞ্চায়েত তহবিল দান ও জনসাধারণের চাঁদা খুবই কম পাওয়া যায়। নিজস্ব আয় না বাড়াতে পারলে গ্রাম পঞ্চায়েতের স্বনির্ভর হওয়ার স্বপ্ন অধরাই থেকে যাবে।

'Annual Administration Reports 2004-2009, Dept. of Panchayet and Rural Development, Govt. of West Bengal' – এর সার্ভে অনুযায়ী ২০০৬-২০০৭ সালে গ্রাম পঞ্চায়েতের নিজস্ব উৎস থেকে আয় কিছুটা বৃদ্ধি পেয়েছে। ২০০২-২০০৩ সালের তার থেকে আড়াই গুন বেশী অর্থ সংগ্রহ হয়েছে। প্রায় সব স্তরেই উপবিধি পাশ হয়ে গেছে এবং যাদের কর বাকি রয়ে গেছে তাদের নাম গ্রাম সংসদের সভায় উল্লেখ করা হয়েছে। সুষ্ঠু পরিষেবার প্রয়োজনে কর ও

রাজস্ব মিটিয়ে দেওয়ার জন্য গ্রামবাসীদের মধ্যে সচেতন
বাড়াতে হবে।

সরকারী অনুদান

গ্রাম পঞ্চায়েতের আর্থিক বুনিয়াদ শক্তিশালী
করতে সরকারী অনুদান বিশেষ গুরুত্বপূর্ণ। গ্রাম
পঞ্চায়েত গুলি কর, অভিকর হিসাবে যে টাকা আদায়
করবে রাজ্যসরকার তার সমপরিমাণ বা অনধিক ৫০০০
টাকা অনুদান হিসাবে পঞ্চায়েতকে দেবে। শিল্প বানিজ্য
এলাকায় পঞ্চায়েত গুলি কর হিসাবে বেশি টাকা সংগ্রহ
করেছেন এমন নজির আছে। ১৯৮০ সাল থেকে গ্রাম
পঞ্চায়েতকে তার এলাকাধীন সমস্ত খাস জমি কিংবা
সরকারে ন্যস্ত পুকুর,ডোবা ও দিঘিগুলির পরিচালনার ভার
দেওয়া হয়েছে। তবে এই আয়ের উৎস অত্যন্ত সীমিত।

সমীক্ষাঃ-

বিভিন্ন পঞ্চায়েতী প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার
পর্যালোচনা করলে দেখা যাবে, পশ্চিমবঙ্গের গ্রাম
পঞ্চায়েতের আয়ের উৎসকে পঞ্চায়েত যথাযথভাবে কাজে
লাগাচ্ছে না। প্রধানত সরকারী সাহায্যের ওপরেই

নির্ভরশীল, সরকারের উপর এই নির্ভরতা প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য বা ভাবনাকে নষ্ট করে দিচ্ছে। ফলস্বরূপ এই প্রতিষ্ঠানের গুরুত্ব বা স্বয়ং সম্পূর্ণতা ক্রমশ কমতে থাকবে। স্থানীয় স্বায়ত্তশাসনের অর্থ স্থানীয় স্তরে উন্নয়নের জন্য সমস্ত ব্যবস্থাকে নিয়ন্ত্রন এবং অর্থ সংগ্রহকে সুনিশ্চিত করা। অর্থের ক্ষেত্রে পরনির্ভরতা থাকলে স্থানীয় স্বায়ত্তশাসনের আর গুরুত্ব থাকে না।

পশ্চিমবঙ্গে আর্থিক ব্যবস্থা পরিচালনায় ক্রটিই স্থানীয়ভাবে সংগৃহীত অর্থের অভাবের অন্যতম বড় কারণ ফলে স্থানীয় প্রতিষ্ঠানগুলির অগ্রগতি ব্যাহত হয়েছে।

যে পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির আয়ের চেয়ে ব্যয় বেশি হয়ে যাচ্ছে এবং যথাযথভাবে কর সংগ্রহ করতে পারছে না, সেইসব পঞ্চায়েতকে অর্থ সংগ্রহের ক্ষেত্রে নতুন ভাবে ভাবতে হবে। গ্রাম পঞ্চায়েতের সচিব পঞ্চায়েত প্রধানের নির্দেশ মতো বাজেট প্রনয়ন করে। তবে বেশির ভাগ ক্ষেত্রে পঞ্চায়েত থেকে প্রেরিত বাজেট রিপোর্ট বি.ডি.ও সাহেব দেখার সুযোগ পান না। অনেকে মনে করেন, ঐ বাজেট গুলি সুষ্ঠুভাবে পরীক্ষার দায়িত্ব অর্থ-সংক্রান্ত স্থায়ী সমিতির পালন করা দরকার।

বর্তমানে দেখা যায় ব্লক উন্নয়ন আধিকারিক 'ইনকাম সার্টিফিকেট' এ স্বাক্ষর করেন তখনই যখন আবেদনকারী ব্যক্তি বসত বাড়ির খাজনার রসিদ দেখায়। যদি কোনো ব্যক্তি কর এড়িয়ে যান তাহলে তাকে সমস্ত সরকারী সুযোগ বন্ধ করে দেওয়ার ভয় দেখিয়ে থাকেন।

দুটি গ্রাম পঞ্চায়েতের আয়ের উৎস সম্পর্কে এবং আয়ের পরিমাণ সম্পর্কে সমীক্ষা করা হয়েছে। হাওড়া জগৎবল্লভপুর থানার অন্তর্গত নক্ষরপুর গ্রাম পঞ্চায়েতের ২০১৫-১৬ সালে বার্ষিক আয় হয় ৯ লক্ষেরও বেশি টাকা। তার মধ্যে নিজস্ব তহবিলে ২ লক্ষ টাকা। হাওড়ার সাঁকরাইল এর অন্তর্গত কান্দুয়া গ্রাম পঞ্চায়েত ২০১৫-১৬ বর্ষে নিজস্ব তহবিল সর্বোচ্চ আয় হয়েছে ১২ লক্ষ ২৫ হাজার টাকা। পঞ্চায়েত পরিচালনাধীন বাজার, ঘর, দিঘি, পুকুর, খেলার মাঠ, খেয়া ঘাটের নৌকা থেকে সংগৃহীত কর এবং যেহেতু এই অঞ্চল শিল্পাঞ্চল, তাই কলকারখানা থেকে প্রচুর পরিমাণ কর সংগ্রহ করা হয়। হাওড়া জেলার মধ্যে কান্দুয়া গ্রাম পঞ্চায়েত ২০১৫-১৬ বর্ষে নিজস্ব তহবিলে বেশি আয় করায় ২০১৫ সালে এই পঞ্চায়েত নবান্ন কর্তৃক পুরস্কৃত হয়।

গ্রন্থপঞ্জীঃ

1. অসিত কুমার বসু - ‘পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ব্যবস্থা’ - পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ২০১০
2. ‘The West Bengal Panchayat Act, 1973’
Government of West Bengal, Law
Department
3. 'Kurukshetra', Special Issue - ১৯৯৩
'Journal of Ministry of Rural
Development', Government of India
4. www.wbprd.nic.in (Accessed on
2.11.2016 at 4.45 pm)

সুশাসন, পঞ্চগয়েতীরাজ প্রতিষ্ঠান ও মহিলাদের ক্ষমতায়ন: একটি পর্যালোচনা

অজয় কুমার বেরা

অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির



সাম্প্রতিকালে একবিংশ শতাব্দীতে প্রশাসনের আলোচনায় যে বিষয়টি ভারত তথা সারা পৃথিবীতে বিশেষভাবে আলোচিত হচ্ছে তা হল সুশাসন (Good governance) এর ধারণা। সুশাসন বলতে এমন এক অবস্থাকে বোঝায় যেখানে প্রশাসন সমাজের সকল স্তরের মানুষের সর্বাধিক কল্যানসাধন ও জীবনযাত্রার মানোন্নয়নের জন্য সদাসতর্ক ও সদাসচেষ্টি থাকে। অর্থাৎ একটি স্বচ্ছ, অংশগ্রহনমূলক, দায়বদ্ধ ও দুর্নীতিমুক্ত

প্রশাসনিক ব্যবস্থার আওয়াজে জনগন তাদের স্বাধীনতা ও বিভিন্ন গনতান্ত্রিক অধিকার ভোগ করবে এবং এক উন্নত মূল্যবোধ সম্পন্ন জীবনযাপন পরিচালিত করবে। এই সুশাসন একদিকে যেমন গনতন্ত্রের ভিত্তিকে সুদৃঢ় করে, অন্যদিকে এটি কোনো দেশের সামগ্রিক উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ নির্দেশক। ২০০২ সালে মানব উন্নয়নের প্রতিবেদনে (Human Development Report, 2002) বলা হচ্ছে “Good governance is democratic governance”। রাষ্ট্রসঙ্ঘের অন্তর্গত UNESCAP (United Nations Economic and Social Commission for Asia and the Pacific) বিভাগটি সুশাসনের ক্ষেত্রে আটটি মূল উপাদানের কথা বলেছে। এগুলি হল অংশগ্রহন (Participation), ঐক্যমত (Consensus), আইনের শাসন (Rule of Law), দায়বদ্ধতা (Accountability), স্বচ্ছতা (Transparency), উত্তরদায়কতা (Responsiveness), কার্যকারিতা ও দক্ষতা (Effectiveness and Efficiency), সমদর্শিতা ও পরিবেষ্টনতা (Equality and Inclusiveness)। অর্থাৎ সুশাসন হল জনগনকেন্দ্রিক

স্বচ্ছ গনতান্ত্রিক প্রশাসনিক কার্যপ্রক্রিয়া যা একটি দেশের সামগ্রিক উন্নয়নের একটি উল্লেখযোগ্য মানদণ্ড।

ভারতবর্ষ হল একটি গ্রামকেন্দ্রিক দেশ এবং এর অর্থনীতি মূলত গ্রাম নির্ভর অর্থনীতি। এই গ্রামীণ বা স্থানীয় স্তরে সুশাসনকে সুনিশ্চিত করার একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার বা মাধ্যম হল বিভিন্ন স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানসমূহ। বিশেষ করে পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠানসমূহ এক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করে। গ্রামীণ প্রশাসনে সর্বস্তরের জনগনের অংশগ্রহণকে সুনিশ্চিতকরণ (বিশেষত মহিলাদের), গনতান্ত্রিক বিকেন্দ্রীকরণের মাধ্যমে প্রশাসনকে তৃণমূল স্তর পর্যন্ত পৌঁছে দেওয়া, আর্থসামাজিক উন্নয়ন, মহিলাদের ক্ষমতায়ন, স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত পরিষেবা জনগনের কাছে পৌঁছে দেওয়া প্রভৃতি কাজকর্ম পঞ্চায়েতের মাধ্যমে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয়। আর এই গ্রামীণ স্তরে পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে মহিলারা হল একটি গুরুত্বপূর্ণ কারক(actor)। কারণ বর্তমানে ভারতবর্ষে পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠানে মহিলারা বিশেষ তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। বিশেষ করে ১৯৯২ সালে ৭৩তম সংবিধান সংশোধনীর পর মহিলাদের এই ভূমিকা আরও

উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে। এই আলোচনাটিতে কিভাবে গ্রামীণ স্তরে মহিলাদের ক্ষমতায়ন ও অংশগ্রহন তৃণমূল স্তরে সুশাসনকে প্রতিষ্ঠা ও সুনিশ্চিত করেছে তা আলোচিত হয়েছে।

প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ এ পি জে আব্দুল কালাম বলেছিলেন “The strength and wealth of India lives in villages, and when women become leaders, the mission never fails”। স্বামীজীর কথায় “The best thermometer to the progress of a nation is its treatment of women”। তিনি আরও বলেছিলেন “There is no chance of the welfare of the world unless the condition of women is improved. It is not possible for a bird to fly on one wing”। স্বামীজীর কথা থেকেই বলা যায় যে দেশের সামগ্রিক কল্যান ও উন্নয়নের জন্য মহিলাদের অবস্থার উন্নতি, তাদের আর্থ সামাজিক অগ্রগতি, ক্ষমতায়ন ও রাজনৈতিক তথা প্রসাশনিক কাজকর্মে তাদের অংশগ্রহন একান্ত প্রয়োজন। ভারতবর্ষের ক্ষেত্রেও একথা সমান ভাবে প্রযোজ্য। ভারতীয় সমাজের অর্ধেক, প্রায় ৫০ শতাংশ (২০১১

সালের জনগননা অনুসারে) মহিলাকে উপেক্ষা করে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারে না। তৃণমূল স্তরে গণতন্ত্রের সাফল্য ও সুশাসন প্রতিষ্ঠার পূর্বশর্ত হল স্থানীয় সরকারের কাজকর্মে মহিলাদের অংশগ্রহন সুনিশ্চিত করা। ভারতের মতো দেশে রাজনৈতিক প্রক্রিয়ায় ও প্রতিষ্ঠানে মহিলাদের অংশগ্রহন সর্বদাই প্রান্তিক ছিল। কিন্তু ৭৩ তম সংবিধান সংশোধনীর মাধ্যমে স্থানীয় স্তরের প্রশাসনিক ব্যবস্থায় মহিলাদের জন্য আসন সংরক্ষন করার ফলে রাজনৈতিক কর্মকাণ্ডে তাদের অংশগ্রহন অনেকটাই বেড়েছে। তবে স্বাধীনতার পরবর্তীকালে প্রবর্তিত সংবিধানে মহিলাদের সমতা, ন্যায়বিচার এবং তাদের বিভিন্ন অধিকার ও স্বাধীনতা প্রতিষ্ঠার ক্ষেত্রে বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

স্বাধীন ভারতের সংবিধানের প্রস্তাবনা, মৌলিক অধিকার, নির্দেশমূলক নীতি এবং অন্যান্য অধ্যায়ে মহিলাদের জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে যা নারীদের ক্ষমতায়ন ও সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

- প্রস্তাবনাতে সকলের জন্য ন্যায়, স্বাধীনতা, সাম্য ও সৌভ্রাতৃত্ব প্রতিষ্ঠার সংকল্প ঘোষণা

করা হয়েছে। বলা হয়েছে ভারতের সকল নাগরিকের জন্য সামাজিক, অর্থনৈতিক অ রাজনৈতিক ন্যায়বিচার; চিন্তা, মতপ্রকাশ, বিশ্বাস, ধর্ম ও উপাসনার স্বাধীনতা; মর্যাদা ও সুযোগ সুবিধার সমতা সৃষ্টি এবং তাদের সকলের মধ্যে ব্যক্তির মর্যাদা সুনিশ্চিত হবে। এছাড়াও তৃতীয় অধ্যায়ে মৌলিক অধিকারের মাধ্যমে মহিলাদের জন্য কিছু সুযোগ সুবিধার কথা বলা হয়েছে।

- সংবিধানের ১৪ নং ধারা আইনের দৃষ্টিতে সাম্য ও আইনের সমান সংরক্ষণের মাধ্যমে মহিলাদের সাম্যের অধিকার সুনিশ্চিত করেছে।
- সংবিধানের ১৫(৩) নং ধারা অনুসারে রাষ্ট্র মহিলা ও শিশুদের জন্য বিশেষ ব্যবস্থা নিতে পারে।
- সংবিধানের ১৬(২) নং ধারা অনুসারে রাষ্ট্র কোনো নাগরিককে স্ত্রী অথবা পুরুষের নিরিখে সরকারি চাকরিতে অযোগ্য বলে বিবেচিত করতে পারবে না।

- সংবিধানের ৪২ নং ধারা অনুযায়ী রাষ্ট্র কাজের শর্ত মানবোচিত এবং প্রসূতিদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।
- সংবিধানের ৫১(A)(e) ধারায় সকল মানুষের সম্প্রীতি, সৌভ্রাতৃত্ব ও মহিলাদের মর্যাদা রক্ষার কথা বলা হয়েছে।
- সংবিধানের ৩২৬ ধারায় সার্বিক প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের কথা বলা হয়েছে।
- এছাড়াও ৭৩তম ও ৭৪তম সংশোধনীর মাধ্যমে পঞ্চগয়েত ও পৌরসভা স্তরে মহিলাদের জন্য মোট আসনের একতৃতীয়াংশ আসন সংরক্ষনের ব্যবস্থা করা হয়েছে।

মহিলাদের ক্ষমতায়ন ও তাদের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে পার্লামেন্ট বিভিন্ন সময়ে বিভিন্ন আইন তৈরি করেছে।
যেমন-

- The Immoral Traffic (Prohibition) act, 1956
- The Dowry Prohibition Act, 1961

- The Maternity Benefit Act, 1961
- The Medical Termination of Pregnancy Act, 1971
- The Equal Remuneration Act, 1976
- The Prohibition of Child Marriage Act, 2006
- The Sexual Harassment of Women at Work Place (Prevention Protection) Act, 2013

এছাড়াও কেন্দ্রীয় ও রাজ্য সরকার নানান সময়ে নারীদের সামগ্রিক আর্থসামাজিক ও রাজনৈতিক উন্নয়ের স্বার্থে বিভিন্ন কর্মসূচী নিয়েছে। যেমন কেন্দ্রীয় সরকারের নেওয়া "বেটী বাঁচাও বেটী পড়াও", আবার পশ্চিমবঙ্গ সরকারের “কন্যাশ্রী” প্রকল্প এই বিষয়ে প্রশংসার দাবী রাখে। অতি সম্প্রতি সুপ্রিম কোর্টের “তাৎক্ষনিক তিন তালুক” প্রথাকে অসাংবিধানিক বলে বাতিল করে দেওয়ার রায় মহিলাদের সামাজিক ক্ষমতায়নের পথে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

পঞ্চায়েতী স্তরে মহিলাদের ক্ষমতায়ন ও অংশগ্রহন সুশাসনের ধারনায় এক বড় পরিবর্তন এনেছিল।

প্রতিষ্ঠিত পঞ্চায়েতী ব্যবস্থার মাধ্যমে গ্রামীণ স্তরে গনতন্ত্র প্রতিষ্ঠিত হয় যা গ্রামীণ মহিলাদের সামাজিক ও রাজনৈতিক অনগ্রসরতা থেকে মুক্ত করে প্রত্যক্ষ ভাবে সরকারী সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার সাথে যুক্ত করেছিল। সংবিধানের ২৪৩ঘ(৩) ধারায় পঞ্চায়েতের প্রতিটি স্তরে মোট আসনের অন্তত একতৃতীয়াংশ (তফশীলি জাতি ও উপজাতিভুক্ত মহিলাদের জন্য সংরক্ষিত আসন সহ) আসন মহিলাদের জন্য সংরক্ষিত রাখতে হবে। আবার মোট সভাপতি(Chairperson) পদের আসনের একতৃতীয়াংশ সভাপতির পদ মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে [২৪৩ঘ(৪)]। গ্রামসভাতে মোট সদস্যের অর্ধেক মহিলাদের অংশগ্রহণের কথা বলা রয়েছে। আবার তফশীলি জাতি ও উপজাতিভুক্ত মহিলাদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। পৌরসভার ক্ষেত্রেও মোট আসনের একতৃতীয়াংশ আসন মহিলাদের জন্য সংরক্ষিত রয়েছে। আবার এই সংরক্ষণকে ৫০% পর্যন্ত করার দাবী উঠেছে, যাতে মহিলারা আরও বেশি করে নেতৃত্বের কাঠামোতে আসার সুযোগ পায়।

৭৩তম ও ৭৪তম সংশোধনীর মাধ্যমে গ্রাম, তালুক বা জেলা স্তরে মহিলাদের অংশগ্রহণ প্রচুর

বেড়েছে। এর ফলে মহিলারা বর্তমানে পরিবারের আঙিনা থেকে রাজনীতির পরিসরে এসে পড়েছেন। তাদের রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং বিশেষ করে রাজনীতির গুরুত্ব সম্পর্কে তারা অবহিত হয়েছে। তারা নিজেরা নিজেদের অধিকার ও দাবী দাওয়া নিয়ে আওয়াজ তুলছে। তাদের মধ্যে শিক্ষা ও সচেতনতার প্রসার ঘটেছে। এর ফলে তারা শিক্ষা, স্বাস্থ্য ও গার্হস্থ্য হিংসার বিরুদ্ধে সরব হয়ে উঠেছে। তাছাড়া বাল্যবিবাহ নিবারন, মেয়েদের শিক্ষা, শিশুশ্রম প্রভৃতি বিষয়ের বিরোধীতা করছে। নেতৃত্ব দানের ক্ষমতার বিকাশ ঘটছে। অর্থাৎ প্রথাগত ধারণায় মহিলাদের কাজকর্ম চার দেওয়ালের মধ্যে সীমাবদ্ধ, সেই প্রথা ভেঙে তারা সক্রিয় রাজনীতিতে অংশ নিচ্ছে। সরকারী বিভিন্ন সিদ্ধান্ত গ্রহনে মতামত দিচ্ছে এবং সিদ্ধান্তগ্রহন প্রক্রিয়াকে প্রভাবিত করছে। বর্তমানে অংশগ্রহণমূলক গনতন্ত্র (Participative Democracy), যা বিশেষ ভাবে জনপ্রিয়, তার বাস্তবায়ন ঘটছে পঞ্চগয়েতী ব্যবস্থার দ্বারা মহিলাদের অংশগ্রহণ ও ক্ষমতায়নের মাধ্যমে। লিঙ্গগত যে অসাম্যের ধারণা পুরো ভারতে ছিল, তা নারীদের এই সচেতনতা, রাজনীতির আলোকে আসা ও সিদ্ধান্ত গ্রহন প্রক্রিয়ায় মতামত

প্রদানের মাধ্যমে কমেছে। দেশের বিভিন্ন প্রান্তে নয়া সামাজিক আন্দোলনে নারীদের প্রচুর অংশগ্রহণ একটি গুরুত্বপূর্ণ দিক। এর মাধ্যমে গ্রাম বাংলায় মহিলাদের স্বার্থ ও দাবী দাওয়ার গ্রন্থীকরন, রাজনৈতিক অংশগ্রহণ, গনতান্ত্রিক মূল্যবোধের সঞ্চার, নতুন রাজনৈতিক চেতনা বৃদ্ধি প্রভৃতি তাদের প্রকৃত ক্ষমতায়নে সহায়তা করেছে।

সুশাসন বলতে যদি বোঝায় অংশগ্রহণমূলক, স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত প্রশাসন তাহলে তা কখনোই সম্ভবপর নয় যদি না সেখানে মহিলাদের সক্রিয় ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের সুযোগ না থাকে। পরিসংখ্যান থেকে বলা যায় যে ১৯৯৩ সালের পর থেকে বর্তমান সময় পর্যন্ত পঞ্চায়েতের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ অনেক বেড়েছে। তাদের ভোট দানের হারও অনেক বেড়েছে। ২০১৪ সালের লোকসভা নির্বাচনে দেখা যায় মহিলাদের ভোট প্রদানের শতকরা হার ছিল ৬৫.৫৪ শতাংশ। মহিলারা ভারতের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী হিসাবে ছিলেন ও আছেন। ভারতের কতগুলি রাজ্য, যেমন অন্ধ্রপ্রদেশ, বিহার, ছত্তিসগড়, ঝাড়খণ্ড, কেরালা, মহারাষ্ট্র, ওড়িশা, রাজস্থান, ত্রিপুরা ও উত্তরাখণ্ড স্থানীয় স্তরে মহিলাদের জন্য ৫০% আসন সংরক্ষন

করেছে। কেন্দ্রীয় সরকারের মহিলাদের জন্য ৫০% আসন সংরক্ষনের ফলে তাদের রাজনৈতিক অংশগ্রহণ অনেক বৃদ্ধি পেয়েছে এবং লক্ষাধিক মহিলা পঞ্চায়েতী স্তরে নেতৃত্বদানের সুযোগ পেয়েছে।

তবে সুশাসনের একটি গুরুত্বপূর্ণ দিক যদি অংশগ্রহণ, নারীদের ক্ষমতায়ন ও দায়িত্বশীল প্রশাসন হয় যা সর্বস্তরের অংশগ্রহণের মাধ্যমে সুনিশ্চিত হতে পারে তাহলে গ্রামীণ স্তরে মহিলাদের জন্য সংরক্ষণ, তাদের এই স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানে অংশগ্রহণ কতটা সুশাসন ও ক্ষমতায়নের মাধ্যমে সামগ্রিক উন্নয়নকে সূচিত করছে, তা কিন্তু আমাদের সামনে প্রশ্ন রেখেই যায়। বাস্তবে যদি আমরা ভারতীয় সমাজব্যাবস্থা ও রাজনীতির দিকে তাকাই তাহলে দেখতে পাবো যে পঞ্চায়েতী স্তরে মহিলাদের অংশগ্রহণ ও ক্ষমতায়নের অনেক বাধা ও সীমাবদ্ধতা রয়েছে।

বিভিন্ন গবেষণা থেকে দেখা গেছে যে পঞ্চায়েতী ব্যাবস্থার তিনটি স্তরেই মহিলারা অংশগ্রহণ করলেও তারা যথাযথভাবে কার্যকরী ভূমিকা পালন করতে পারে না। এর একটি বড় কারণ হল উপযুক্ত শিক্ষার অভাব। এই উপযুক্ত ও যথাযথ শিক্ষার অভাব নারীদের ক্ষমতায়নের

পথে একটি বড় অন্তরায়। এর ফলে অনেক সময় পঞ্চগয়েতের বিভিন্ন প্রকল্পগুলির নিয়মনীতি, গ্রামসভা বা গ্রামসংসদের মিটিং সুষ্ঠু ভাবে পরিচালনা করা বা প্রশাসনিক কাজকর্ম পরিচালনার জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা তাদের থাকে না। অধিকাংশ ক্ষেত্রেই কাজকর্ম পরিচালনার মূল উদ্যোগ উঠে আসে পুরুষদের থেকে। আবার মহিলাদের অংশগ্রহণ ও ক্ষমতায়নের প্রশ্নে আমলাদের যে দায়বদ্ধতা ও সংবেদনশীলতা থাকা দরকার তা ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যে নেই। পঞ্চগয়েতে দলীয় প্রাধান্য থাকায় তারা স্বাধীনভাবে সিদ্ধান্ত নিতে পারে না। তাছাড়া কিছু ক্ষেত্রে দলীয় হিংসার রাজনীতি তাদের রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণে বিমুখ করে তোলে। মহিলারা পঞ্চগয়েতী বিভিন্ন স্তরে প্রতিনিধি হিসাবে নির্বাচিত হলেও বাস্তবে পরিবারের কোন পুরুষ সদস্যের দ্বারা তিনি পরিচালিত হন। আবার শীর্ষ পদগুলিতে সাধারণত উচ্চবিত্ত মহিলাদের প্রাধান্য দেখা যায়। সর্বোপরি পিতৃতান্ত্রিক সমাজব্যবস্থায় মেয়েদের যেভাবে সামাজিকীকরণ ঘটে সেই প্রক্রিয়ার মধ্যে রয়েছে মহিলাদের রাজনৈতিক ক্ষমতায়নের প্রধান বাধা।

জওহরলাল নেহরু বলেছিলেন “You can tell the condition of a nation by looking at the status of its women”। তাই পরিশেষে বলা যায় ভারতবর্ষে মহিলাদের ক্ষমতায়ন, তাদের আর্থসামাজিক ও রাজনৈতিক চেতনা বৃদ্ধি সুশাসনের দিকে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। সংরক্ষনের মাধ্যমে অনেকটা এগিয়ে এলেও এখনও দেশের বিভিন্ন প্রান্তে তারা প্রান্তিক অবস্থায় রয়েছে। এই অবস্থায় তাদের প্রগতির জন্য প্রয়োজনীয় সরকারী আইন ছাড়াও বিভিন্ন NGO গুলিকে উদ্যোগ নিতে হবে। তাদের বিভিন্ন বিষয়ে সচেতন করতে হবে। বর্তমানে মহিলাদের পিছিয়ে পড়ার কারন অনুসন্ধান ও তাদের অবস্থার উন্নতির জন্য বিভিন্ন গবেষণা হচ্ছে এবং প্রায় প্রতিটি বিশ্ববিদ্যালয়ে Women Studies Centre গড়ে উঠেছে। আলাদা করে তাদের জন্য বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে। এছাড়া কেন্দ্রীয় ও রাজ্য সরকার মহিলাদের অধিকার রক্ষার ক্ষেত্রে মহিলা কমিশন তৈরি করেছে যা নারীদের নানান সমস্যা নিরসন করার চেষ্টা করে চলেছে। তাই বলা যায় যে প্রকৃত গনতন্ত্রের প্রতিষ্ঠা ও সুশাসন সুনিশ্চিতকরনের জন্য নারীদের আর্থসামাজিক ও রাজনৈতিক ক্ষমতায়ন এবং তাদের

স্বাধীন ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ একান্ত প্রয়োজন। তবে আশার কথা হল ভারতবর্ষ সাম্প্রতিক বছরগুলিতে এই বিষয়ে অনেকটা এগিয়ে এসেছে।

তথ্যসূত্রঃ

1. Dutta, Prabhat, *Women in Panchayats in West Bengal- An Exploratory Study*, Kolkata: Dasgupta & Co. Publishers, 2003.
2. Maheswari, S. R, *Local Government in India*, Agra: Laxmi Narain Agarwal Publishers, 2009.
3. Gill, Rajesh, *Empowering Women Through Panchayats; Stories of Success and Struggle from India*, in 'Man and Development', Published from Centre for Research in Rural and Industrial Development, Chandigarh, 2006.
4. *Human Development Report*, Box No-2.1, Page-51, Published for UNDP, New York Oxford University Press, 2002.
5. www.eci.nic.in (Accessed on 9th October, 2017).

মুর্শিদাবাদ জেলার দাদপুর গ্রামের শিশু শ্রমিকের
একটি সাম্প্রতিক চিত্র
সৌরভ সাহা

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (তৃতীয় বর্ষ), রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

সূচিপত্র

- **ভূমিকা** - শিশু শ্রম বর্তমানে সারা বিশ্বে একটি জ্বলন্ত সমস্যা হয়ে দাঁড়িয়েছে। অশিক্ষা, দারিদ্র্যের জন্য শিশু শ্রমকে পুরোপুরিভাবে মুছে ফেলা যায়নি। ভারতের প্রতিটি জেলাতেই এই শিশু শ্রমিকের দৃষ্টান্ত সহজেই চোখে পড়ে।
- **উদ্দেশ্য** - কেন শিশুরা ইটভাটা বা বিড়ি তৈরীতে বা কোন চাষের কাজে অথবা গৃহস্থলীর কাজে নিযুক্ত হয় বা কাজ করে?
- **দারিদ্র এবং শিশু শ্রমঃ** মাংস ও ডিমের সম্পর্কের মতো।
- **শিশু শ্রম আটকাবার জন্য সরকারি উদ্যোগঃ** 'INTERNATIONAL LABOUR ORGANISATION (ILO)' এর ভূমিকা, কৈলাস সত্যার্থীর 'বাঁচপান বাঁচাও আন্দোলন'।

- দাদপুর গ্রামের বর্ণনাঃ জনসংখ্যা, মানচিত্র ,পুরুষ-মহিলা অনুপাত প্রভৃতি।
- গ্রামে শিশুদের কাজ করার স্থানঃ ইটভাটা, বিড়ি ফ্যাক্টরি, নদী প্রভৃতি স্থান।
- কাজ করার উদ্দেশ্যঃ সেবন, মোবাইল প্রভৃতি যাবতীয় সরঞ্জাম উপভোগ এবং পরিবারের জন্য অর্থ উপার্জন।
- শ্রমে নিযুক্ত শিশুদের জীবনঃ শিক্ষালাভ না করে শ্রম খাটতে হয় যার ফলস্বরূপ দারিদ্রতা, অশিক্ষা, দুর্বল এবং সহায়হীন ব্যক্তিত্বে পরিণত হবে।
- শিশু শ্রম অবসানের উপায়ঃ রাজনৈতিক সদিচ্ছা, পরিবারের সামাজিক সচেতনতা।

মুর্শিদাবাদ জেলার দাদপুর গ্রামের শিশু শ্রমিকের একটি সাম্প্রতিক চিত্র বর্ণনা

শিশু শ্রম বর্তমানে সারা বিশ্বে একটি জ্বলন্ত সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশগুলিতে মূলত এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার দেশগুলিতে শিশু শ্রমের সিংহভাগ দৃষ্টান্ত দেখতে পাওয়া যায়। এইসব উন্নয়নশীল দেশগুলিতে শিশু শ্রমের প্রধান কারণ হল দারিদ্র্যতা,

অর্থনৈতিক অনগ্রসরতা, অশিক্ষা প্রভৃতি। ভারত জনসংখ্যার বিচারে বিশ্বে দ্বিতীয় এবং আয়তনের দিক থেকে সপ্তম বৃহত্তম দেশ। তাই এই বিশাল জনসংখ্যাবিশিষ্ট দেশে বিভিন্ন ভাষা-ভাষী, ধর্ম-বর্ণ ভেদে বিভিন্ন রকমের সম্প্রদায় লক্ষ করা যায়। স্বাধীনতার পরে ভারতের মতো বিশাল দেশে উন্নতি হলেও বা উন্নয়নের জন্য ব্যবস্থা গ্রহণ করা হলেও তার প্রতিফলন এখনও দেশের সর্বত্র ঘটেনি। সেজন্য এখনও অশিক্ষা, দারিদ্র্যতার জন্য শিশু শ্রমকে পুরোপুরিভাবে মুছে ফেলা যায়নি। 2011 সালের জনগণনা অনুযায়ী 43.5 লক্ষ শিশু বিভিন্ন কাজে নিযুক্ত। 'NATIONAL SAMPLE SURVEY OFFICE' কর্তৃক দেওয়া রিপোর্ট অনুযায়ী ভারতে 49.8 লক্ষের কাছাকাছি 5 থেকে 14 বছরের শিশু খনিতে, ইটভাটাতে, বিস্ফোরক তৈরীতে কাজ করে। ভারতের প্রতিটি জেলাতেই এই শিশু শ্রমিকের দৃষ্টান্ত সহজেই চোখে পড়ে। আর দাদপুর গ্রামও এর ব্যতিক্রম নয়।

পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার অন্তর্গত একটি ক্ষুদ্র গ্রাম হল দাদপুর। এই গ্রামটি বেলডাঙ্গা ২ ব্লকের রেজিনগর থানার অন্তর্গত। এই গ্রামটিতে কাজ করার উদ্দেশ্য হল যে সরকার কর্তৃক গৃহীত সিধান্তগুলি বা গৃহীত নীতিগুলি (অবশ্যই শিশুদের উন্নয়নের স্বার্থে) কার্যকর না হয়ে অবহেলিত হয়ে কেন শিশুরা ইটভাটা, বিড়ি তৈরী বা কোন চামের কাজ অথবা গৃহস্থলীর কাজে নিযুক্ত হয়? স্কুল পাঠরত শিশুরাই বা কেন স্কুল না গিয়ে এই সকল উক্ত কাজে নিজেদের যুক্ত করে, মেয়েদের ক্ষেত্রে কেন তারা সন্ধ্যাবেলায় পড়তে না বসে বিড়ি তৈরী করতে ইচ্ছা প্রকাশ করে। এই সকল উদ্দেশ্যকে সামনে রেখে বা তার উত্তর খোঁজার জন্য এই প্রকল্পে অথবা কেস স্টাডি তে দাদপুর গ্রামে শিশু শ্রমিকের একটি চিত্র তুলে ধরার চেষ্টা করা হয়েছে।

দাদপুর গ্রামের শিশু শ্রম নিয়ে কিছু কথা বলার আগে শিশু শ্রমের তাত্ত্বিক দিকটি একবার দেখে নেওয়া প্রয়োজন। ভারত যেহেতু গরীব দেশ, তাই দারিদ্র্য দূর করার জন্য কাজ করা প্রয়োজন। শিশু শ্রম এই দারিদ্র্যকে চিহ্নিত করে, দারিদ্র্যতা এবং শিশু শ্রম অনেকটা মাংস ও ডিমের সম্পর্কের মতো বলে অনেকে

মনে করেন। শিশু শ্রম অনেকটা দারিদ্রতা ও অশিক্ষার একটি গোলকের মতো দেখতে যেটা দেশের মান কমাতে সাহায্য করে। যদি কোন দরিদ্র শিশু স্কুলে উপস্থিত না থেকে বা শিক্ষালাভ না করে শ্রম খাটতে বাধ্য হয় তবে তারা বড়ো হয়ে দুর্বল এবং সহায়হীন ব্যক্তিত্বে পরিণত হবে। যার ফলস্বরূপ কোন দিন দারিদ্রতা, অশিক্ষা, অপব্যবহারকে কমানো যাবে না। সেজন্য দারিদ্র্যতাকে কখনোই কমানো যাবে না যতক্ষণ শিশুশ্রম থাকবে আবার অপরদিকে শিশুশ্রমের বিনাশ কখনই ঘটবে না যতদিন দারিদ্র্যতা থাকবে। একটি শিশু একজন প্রাপ্তবয়স্কের মতোই দিনে 12-14 ঘণ্টা কাজ করে কিন্তু পারিশ্রমিক তার তুলনায় কম পায়। এইভাবে শোষণ ও বঞ্চণার স্বীকার হয় শিশুরা।

ভারতবর্ষ একটি গণতান্ত্রিক দেশ। এই গণতান্ত্রিক ব্যবস্থায় কোনরকম শোষণ থাকতে পারে না। গণতন্ত্র এবং শোষণ পরস্পর বিরোধী। ভারতের সংবিধানের প্রস্তাবনাতেও সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রে ন্যায় প্রতিষ্ঠার কথা বলা আছে। এই প্রতিশ্রুতিকে কার্যকর করার জন্য শোষণের অবসান

আবশ্যিক। কারন শোষণমূলক সমাজব্যবস্থায় ন্যায় ও স্বাধীনতার অস্তিত্ব অসম্ভব। ভারতীয় সংবিধানের 23 ও 24 নং ধারায় শোষণের বিরুদ্ধে অধিকারের উল্লেখ রয়েছে। সংবিধানের 23 ধারায় বলপ্রয়োগের দ্বারা পরিশ্রম করানো, মানুষ ক্রয়-বিক্রয়, বেগার খাটানো বিশেষ দণ্ডনীয় অপরাধ হিসেবে স্বীকৃত হয়েছে। তবে রাষ্ট্র জনগণের স্বার্থে বাধ্যতামূলকভাবে নাগরিকদের খাটিয়ে নিতে পারে। 24 নং ধারায় শিশুদের অপপ্রয়োগের হাত থেকে বাঁচানোর জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। সংবিধানের 24 নং ধারায় বলা হয়েছে 14 বছরের কম বয়স্ক শিশুদের কারখানা, খনি ,বা অন্য কোন বিপজ্জনক কাজে নিযুক্ত করা নিষিদ্ধ। শিশুদের রক্ষা করার জন্য এবং এই মৌলিক অধিকারটি বাস্তবে রূপায়িত করার জন্য ভারতীয় পার্লামেন্ট ইতিমধ্যে কয়েকটি প্রয়োজনীয় আইন প্রণয়ন করেছে। উদাহরণস্বরূপ *Factories Act 1948, the Mines Act 1952, the Child Labour (Prohibition and Regulation) Act 1986* প্রভৃতি উল্লেখযোগ্য।

বর্তমানে কোন দেশের অনুন্নতির গতি কেমন সেটি অনেকাংশে শিশু শ্রমের উপর নির্ভর করে। অর্থাৎ যে দেশে শিশু শ্রমিকের সংখ্যা যত বেশি সেই দেশ তত পিছিয়ে এটা ধরে নেওয়া হয়। অর্থাৎ শিশু শ্রমিক বর্তমানে একটি অবনতির চিহ্ন বা প্রতীক হিসেবে ধরা হয়েছে। তাই এই শিশু শ্রমকে বন্ধ করতে INTERNATIONAL LABOUR ORGANISATION (ILO) কনভেনশন 138 একটি বিল পাস করে 1973 সালে। সেখানে বলা হয় 14 বছরের নীচে কোন শিশুকে দিয়ে কোন ভারী কাজ করানো যাবে না। তারও কিছু বছর পর 1999 সালে কনভেনশন 182তে ‘worst forms of child labour’, ‘child slavery’, ‘child trafficking’ ইত্যাদিতে এইসব বিপজ্জনক কাজকে বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে। তবে ভারতবর্ষ এই দুটি মৌলিক কনভেনশনকে সমর্থন জানায়নি।

ভারতের মতো দেশে শিশু শ্রমের একটি কারণ হল রাজনৈতিক স্বদিচ্ছার অভাব। 1950 সালে ভারতীয় সংবিধান শিশুদের বিপজ্জনক কাজের (যেটি তাদের শরীর এবং মনস্তাত্ত্বিক দিক থেকে শরীরের উপর প্রভাব

ফেলে) উপর নিষেধাজ্ঞা জারী করে। এর পরে শিশু শ্রম নিয়ে আইন তৈরী হতে আরও 26 বছর সময় লেগেছে। 1986 সালে যে 'Child Labour Prohibition' আইন তৈরী হয়েছিল তাতে বলা হয় যে 14 বছরের নীচে কোন শিশুকে শ্রমিক হিসেবে খাটানো যাবে না। কিন্তু সেটি মানা হয় না। এরপর আরও 3 দশক পরে এই আইনটি সংশোধন করা হয় 2012 সালে। এই আইনে বলা হয় যে 14 বছরের নীচে কোন শিশুকে কাজ করানো (বাড়ির কাজ ছাড়া) আইনত অপরাধ এবং 15 থেকে 18 বছরের শিশুদের কোনরকম বিপজ্জনক কাজ করানো অবস্থায় ধরা পড়লে সেটি দণ্ডনীয় অপরাধ বলে গণ্য হবে এবং এর জন্য শাস্তিদানের ব্যবস্থা থাকবে। তবে এটিকে কার্যে পরিণত করার ক্ষেত্রে এখনও সরকারের টহলদারীর যথেষ্ট অভাব রয়েছে।

সরকারী উদ্যোগের সঙ্গে সঙ্গে বেসরকারী ও ব্যক্তিগত প্রচুর উদ্যোগ নেওয়া হয়েছে শিশু শ্রমকে আটকানোর জন্য। এর মধ্যে উল্লেখযোগ্য হল কৈলাস সত্যার্থীর 'বাঁচপান বাঁচাও আন্দোলন'। তাঁর এই

আন্দোলনের লক্ষ্য ছিল একটি শিশুর সার্বিক বিকাশের জন্য একটি মুক্ত সামাজিক পরিবেশ গড়ে তোলা যেখানে প্রতিটি শিশু শোষণের হাত থেকে মুক্তি পাবে এবং বিনামূল্যে শিক্ষালাভ করতে পারবে। তাঁর এই অবদানের জন্য তিনি 2014 সালে নোবেল শান্তি পুরস্কার পান। পণ্ডিত জহরলাল নেহেরু ও বলেছিলেন “to be successful in life, what we need is education”.

এতক্ষণ শিশু শ্রমের তাত্ত্বিক দিক দেখা গেল। তবে এর বাস্তব প্রকৃতি কিন্তু আলাদা। সরকারী আমলারা বা কোন বেসরকারী এজেন্সি দল ঠান্ডা ঘরে বসে এইসকল নিয়ম-কানুন ও আইন তৈরী করা সত্ত্বেও কিন্তু বাস্তবে স্বাধীনতার এতদিন পরেও কি প্রতিটি জেলার প্রতিটি গ্রাম থেকে শিশু শ্রম মুছে ফেলা গেল?

মুর্শিদাবাদ জেলার অন্তর্গত দাদপুর গ্রামটির মোট আয়তন হল 04 বর্গ কিলোমিটার। এই গ্রামটি অত্যন্ত ক্ষুদ্র একটি গ্রাম। গ্রামের latitude-23°54’ এবং longitude-88°17’। গ্রামটিতে মুর্শিদাবাদ জেলার 7.104 লক্ষ জনসংখ্যার মধ্যে মাত্র 664 টি পরিবার বাস করে। দাদপুর গ্রামটির জনসংখ্যা 3200 জন। এর

मध्ये 1675 जन पुरुष एवं 1525 जन महिला (2011 सालेर् जनगणना अनुयायी)। ग्रामेर् शिक्षार हार मुर्शिदाबाद जेलेार अन्यान्य जायगार तुलनाय यथेष्ट कम मात्र 56.44 शतांश। ऐइ ग्रामटिते 6-14 बहुरेर् शिशु रयेछे 470टि। यार मध्ये 2 24टि बालक एवं 2 45टि बालिका। ऐइ शिशुदेर् मध्ये प्राय 250 जनेर् काछाकाछि शिशु श्रमिक रयेछे यारा प्रत्यक्क वा परोक्कभावे श्रमयुक्त काजेर् सङ्गे युक्त।

ऐइ 1600 टि परिवारेर् मध्ये थेके किछु परिवारके Pilot Study ते बेछे निये तादेर् काछ थेके तथ्य नेओयार चेष्टा करा हयेछे। ऐइ गोटा परीक्कामूलक पर्यवेक्कणेर् मध्य दिये देखा गेल दादपुर ग्रामेर् शिशु श्रमिकेर् अबस्थार जन्य परिवार अनेकांशे दायी। मोटामुटि भावे 50 टि बाडिते गिये एवं स्कुलेर् शिक्षक, पध्गयेत कर्मीदेर् साथे कथा बले जाना गेछे सरकार ऐक्केतरे शिशुदेर् निरापदे राखते किछु करते पारवे ना। कारण, प्राय कमबेशि प्रत्येक शिशुइ स्कुले पाठरत। ये सब शिशु/बालक/छात्र स्कुले पडते यार तारा सकाल 6टा थेके 9टा पर्यन्त काज करे स्कुले चले

যায় এবং আবার দুপুরে স্কুলে খাবার খেয়ে স্কুল পালিয়ে কাজ করতে চলে আসে। বেশিরভাগ ক্ষেত্রে ছেলেরা ইটভাটাতে কাজ করে। তবে এক্ষেত্রে পরিবারের চেয়ে ছেলেদের উৎসাহ কিছুটা হলেও বেশি থাকে কারণ পরিবারের কাছ থেকে টাকা চাইলে তার বাবা-মা না দেওয়ায় হাত খরচের জন্য ছেলেরা এই কাজ করে কিছুক্ষেত্রে নিজের ইচ্ছানুযায়ী।

গ্রামের 3 থেকে 8/9 বছরের ছেলেরা একরকম কাজ করে এবং 9 থেকে 14 বছর বা তার বেশি বয়সের ছেলেরা অন্য পেশা বেছে নেয়। 10 বছরের নীচে যে সব ছেলেরা রয়েছে তারা বেশিরভাগ ক্ষেত্রে ইটভাটায় কাজ করে, বাবার সাথে জমির কাজে সাহায্য করতে বা নদীতে মাছ ধরতে যায়। তবে এদের কাজ করার পেছনে কোন স্বাধীনতা থাকে না। এরা সবসময় বড়ো/প্রাপ্তবয়স্ক কিছু ব্যক্তির অধীনে কাজ করে যারা এদের ওপর সর্বক্ষণ নজর রাখে। কারণ একজন প্রাপ্তবয়স্ক লোকের থেকে এই বাচ্চাদের নিয়ে কাজ করানো যথেষ্টই সহজ। এছাড়া এদের পারিশ্রমিক সাধারণের তুলনায় কম। যেমন ইটভাটাতে যারা কাজ

করে তাদের মোটামুটি দৈনিক আয় 40 টাকা। যারা বাড়ির সঙ্গে জমিতে কাজ করতে তারা কোন উদ্বৃত্ত পায় না। যেসব ছেলেরা মাছ ধরতে নদীতে যায় তারা দিনের শেষে হয়তো একটি মাছ বা দৈনিক 20-30 টাকা পায়। এছাড়া এই বয়সের কিছু ছেলে রয়েছে যারা সকাল বা সন্ধ্যে বাজারে কোন দোকানে কাজ করে। মানে কিছু ছেলে ভারী কাজ না করে মিষ্টির দোকান, চায়ের দোকান, মাছের আড়ৎ প্রভৃতি স্থানে কাজ করে। এদের কাজ খন্দের এনে বসানো, ব্যবহৃত বাসনপত্র পরিষ্কার করা, দোকান পরিষ্কার রাখা ইত্যাদি। এটা এক প্রকার শিশু শ্রমের মধ্যেই পড়ে। দাদপুর গ্রামের প্রতিটি দোকানে 6 থেকে 10 বছরের ছেলেরা কাজ করে। এই বয়সের বাইরে অন্য কোন ছেলে নয়। তবে শুধু এরা কাজ করে বেশিরভাগ নিজের আনন্দের জন্য, বেশিরভাগ কর্মরত এই শিশুগুলি মাদক দ্রব্য সেবন, মোবাইল প্রভৃতি যাবতীয় সরঞ্জাম উপভোগ করার ক্ষেত্রে নিজের অর্থ ব্যয় করে। এদের মধ্যে কোন কোন ছেলে হয়তো বা স্কুলের মুখ দেখেনি বা কেউ কেউ স্কুলে থেকেও যায় না, যেসব ছাত্ররা দোকানের কাজে

নিযুক্ত তারা স্কুলে যাওয়ার ইচ্ছা প্রকাশ করলে দোকানের মালিক বলে ‘স্কুলে গিয়ে কি হবে, ওখানে কি লেখা পড়া হয় না টাকা দেয়’। অথচ তার নিজের সন্তানটি বিদ্যালয়ে রোজ পড়তে যায়। এইভাবে সমাজের একটি অংশ থেকে কিছু কিছু ছেলে শিক্ষার প্রতি অসন্তোষ প্রকাশ করে। সমাজই তাদের আটকায় স্কুলে যাওয়া থেকে। সেজন্য এখনও দাদপুর গ্রামে শিক্ষার পরিবেশ গড়ে উঠে নি।

এছাড়াও 10 বছরের উর্ধ্বে কিছু ছেলে-মেয়ে আছে যারা হয়তো একেবারে স্কুল পরিত্যাগ করে কাজকেই ধ্যান-জ্ঞান করে বসে। আবার যারা স্কুলে যায় তারা স্কুলটিকেই বেছে নেয়। এক্ষেত্রে পরিবার যথেষ্ট বড়ো ভূমিকা পালন করে। দুটি পাশাপাশি বাড়ি দুটি পরিবারের মধ্যে প্রথম পরিবারে 2 জন ছেলে ও 1 জন মেয়ে এবং দ্বিতীয় পরিবারে 4 জন মেয়ে ও একটি ছেলে আছে। দুটি পরিবারের প্রধান কর্তারা শারীরিক শ্রম দিয়ে সংসার চালায় যেমন ট্যাক্টর চালিয়ে, অন্যের জমিতে কাজ করে ইত্যাদি। তবু দুটি পরিবারের মধ্যে মতাদর্শগত পার্থক্য রয়েছে। যেমন দ্বিতীয় পরিবারের

একটি ছেলে রয়েছে বয়স 12 বছর, সে স্কুল ছেড়ে জমিতে কাজ করতে যায় এবং প্রথম পরিবারের ছেলেটি স্কুলে পড়তে যায়। এরা বেশিরভাগ ক্ষেত্রেই সেলুনের দোকানে কাজ করে ও পরে নিজের দোকান খোলার চেষ্টা করে। এছাড়া কেউ সোনার দোকানে কাজ করে বা বাড়িতে বাড়িতে বিদ্যুতের তার লাগানো ইত্যাদি কাজ করে থাকে। তবে এইসব ছেলেদের একটি বৃহৎ অংশ প্রতি বছর বাইরে কাজ করতে যায়। এরা ভারতের বিভিন্ন রাজ্যে গিয়ে বাড়ি তৈরী, কোন পাহারাদার ইত্যাদি কাজ করে থাকে। এদের আয়ের বেশিরভাগ টাকা দিয়েই নিজেদের পরিবার চালায়। এরা কেউ কেউ 3 মাস 4 মাস পর বাড়ি আসে ধর্মীয় অনুষ্ঠানের সময়, আবার অনুষ্ঠান শেষে চলে যায়।

মেয়েদের ভূমিকা এর থেকে পৃথক। মেয়ে শিশুরা মূলত গৃহস্থালির কাজেই নিজেকে যুক্ত রাখে। 14 বছরের মধ্যে প্রায় প্রত্যেকটি ছাত্রী স্কুলে যায়, খুব নগন্য সংখ্যক এর ব্যতিক্রম। প্রত্যেকটি মেয়ে স্কুলে যাওয়ার প্রধান কারণ হল সরকার কর্তৃক গৃহীত অনুদান নেওয়ার জন্য। প্রত্যেকটি বাড়ির মেয়েরা সন্ধ্যে বেলা

বিড়ি তৈরী করতে বসে। এখানে কোন ব্যতিক্রম লক্ষ করা যায় না। তবে বলে রাখা প্রয়োজন এই দৃষ্টান্ত সব বাড়িতে দেখা যায় না। যেসব শিশু শ্রমিকরা শ্রমের সাথে যুক্ত তাদের অধিকাংশই মুসলিম পরিবারে বেড়ে ওঠা। গ্রামের মেয়েরা ‘সবুজ সাথী’ প্রকল্পের মাধ্যমে সাইকেল, কন্যাশ্রী প্রকল্পের মাধ্যমে অর্থ এবং বিড়ি শ্রমিক হওয়ায় সরকার কর্তৃক অনুদান পায়। সেই জন্য অভিভাবকেরা ছেলের থেকে মেয়েদের স্কুলে যাওয়াকে বেশি প্রাধান্য দেয়। কারণ ছেলেরা বাড়িতে থেকে কাজ করে অর্থ উপার্জন করে এবং মেয়েরা স্কুলে গিয়ে প্রতি বছর একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ পায়। এইভাবে একদল শিশু স্কুলে যাওয়ার আসল উদ্দেশ্য শিক্ষাগ্রহণ ছাড়া সরকারী সুযোগ-সুবিধাকে প্রাধান্য দেয়।

গ্রামের বিভিন্ন প্রান্তে 50টি পরিবার ঘুরে প্রত্যক্ষভাবে তথ্য এবং গ্রামের কিছু শ্রমিক, কয়েকটি শিশু যারা কাজ করে এবং গ্রামের শিক্ষক, গ্রাম পঞ্চায়েতের একজন কর্মী এবং ইটভাটার মালিকের সঙ্গে কথা বলে এই তথ্য পাওয়া গেছে। এই তথ্যের

পেছনে প্রায় প্রত্যেকেই ব্যক্তিগতভাবে কিছু প্রশ্ন করা হয়েছে এবং সকলেই এর উত্তর দেওয়ার সাধ্যমত চেষ্টা করেছে।

গ্রামের শিক্ষকের সঙ্গে কথা বলে জানা যে শিশু শ্রমিক দাদপুর গ্রামে দেখতে পাওয়ার কারণ অভিভাবকদের অবহেলা। অবহেলা তার নিজের সন্তানের প্রতি। তিনি এক্ষেত্রে বলেন [যে শিশুরা শ্রমের সাথে যুক্ত তার অভিভাবকদের উদ্দেশ্য করে তিনি বলেছেন] “যদি কোন শিশুর অভিভাবক সকালে কাজে যাওয়ার ইচ্ছা প্রকাশ করে তাহলে হয়ত যে শিশুকে তার বয়সের তুলনায় কঠোর শ্রম করতে হয় তা করতে হত না”। ইটভাটার একটি মালিককে জিজ্ঞেস করা হয় আপনি বাচ্চা শিশুদের কাজে নিয়োগ করেন কেন? এর উত্তরে তিনি বলেন ‘আমাকে বলছ কেন? যাদের মা-বাপ তার ছেলেকে এখানে পাঠায় তাদের বল’। অর্থাৎ এখানে তিনি বলতে চেয়েছেন যে তিনি বারণ করা সত্ত্বেও শিশুরা কাজ করে। শেষে গ্রামপঞ্চগায়েতের একজন কর্মীকে জিজ্ঞেস করা হয় গ্রামের শিশু শ্রম আটকাবার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি বলেন “অনেক উদ্যোগ নেওয়া হলেও

অভিভাবকদের ও শিশুদের উৎসাহের অভাবে তা কার্যে পরিণত হয় না”।

সর্বোপরি বলা যেতে পারে দাদপুর গ্রামের শিশুশ্রম নিয়ে যে তথ্যগুলি জানা যায় তার থেকে একটি জিনিস স্পষ্ট হয়ে ওঠে যে গ্রামের সমাজটি বিশেষত দুটি ভাগে বিভক্ত, একটি সমাজে কিছু ধনীশ্রেণীর বসবাস যারা বেশিরভাগ ক্ষেত্রেই দোকানের মালিক, মাছের আড়তের ব্যবসায়ী, ইটভাটার মালিক এবং অন্য দিকে একটি অবহেলিত শ্রেণী রয়েছে যাদের শিক্ষার মান নেই বললেই চলে। যারা অত্যন্ত দরিদ্র শ্রেণী, অর্থাৎ একটি সমাজের কিছু প্রভাবশালী ব্যক্তি রয়েছে যারা অন্য শ্রেণীকে প্রভাবিত করে। তবে শিশু শ্রমিকের মূল কারণ হল দরিদ্র এবং শিক্ষার অভাব। এরা যে একেবারে নিঃকৃষ্ট তা কিন্তু নয়। এরাই সমাজের সঙ্গে মিশতে পারে এবং কিছু পরিবার অবশ্যই শিক্ষার সঙ্গে যুক্ত।

এই শিশু শ্রমকে আটকানোর জন্য বেশ কিছু ব্যবস্থা নেওয়া প্রয়োজন রয়েছে। সরকার এক্ষেত্রে অনেকটাই অগ্রসর হয়েছে। সরকার ব্যতীত গ্রামের মানুষদের এর জন্য কিছুটা ভূমিকা পালন করতে হবে।

শিক্ষা অর্জনের জন্য অভিভাবকদের দায়িত্ব নিয়ে যেসব বাড়ির শিশুরা মাঠে, ঘাটে, দোকানে কাজ করে তাদের স্কুলে পাঠাতে হবে। স্কুলে ভর্তি করা হলেও তারা যেন স্কুল যাওয়া-আসা করে সেক্ষেত্রে অভিভাবকদের দৃষ্টি দেওয়া প্রয়োজন। অভিভাবকরা যতটা সম্ভব বাড়িতে শিশুদের পড়তে বসতে যেন আগ্রহী করে তোলে এবং খুব জরুরী দরকার না হলে শিশুদের যেন কাজ না করায়। অভিভাবকদের এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। স্কুলে শিশুদের যদি সিলেবাসের বাইরে মূল্যবোধের শিক্ষা দেওয়া যায় তবে তাদের নিজের মধ্যে বড় হয়ে ওঠার প্রবণতা দেখা দিতে পারে। অর্থাৎ শিক্ষা কি, এর মাধ্যমে কত উন্নত হওয়া যায় তা বোঝানোর মধ্য দিয়ে শিশুদের শিক্ষার দিকে আগ্রহী করে তুলতে হবে। সমাজের দায়িত্ব হচ্ছে যেসব শিশুরা কাজ করে তাদেরকে শিক্ষার আলোয় আনার চেষ্টা করা এবং তারা যাতে সমাজের মধ্যে নিজেকে অন্তর্ভুক্ত করতে পারে সেক্ষেত্রে সবাইকে সাধ্যমত চেষ্টা করা। এছাড়া সরকার শিশু শ্রম আটকানোর জন্য প্রয়োজনীয় যে ব্যবস্থা নিয়েছে তা কার্যকর করার জন্য আরও সক্রিয় হতে হবে, তবেই হয়তো শুধু দাদপুর গ্রাম নয়

ভারতবর্ষের প্রতিটি গ্রাম থেকে শিশু শ্রমের অবসান ঘটবে।

তথ্যসূত্র/References

- Satyarthi, Kailash, Child Labour in India, Manorama Year Book, 2015.
- Maheshwari M and Maidul Singh, *Child Labour in India; Welfarist to Economic Perspective* in South Asia Journal of Management, Special Issue, 2009
- The Constitution of India, 2009 (reprint)
- www.ilo.org (Accessed on 4.11.2016 at 10.30 am)

আয়লা পরবর্তী সুন্দরবনের একটি গ্রামের কথা

মিন্টু দাস

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (তৃতীয় বর্ষ), রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

ভারতবর্ষ এক বিচিত্র বৈশিষ্ট্যসম্পন্ন রাষ্ট্র। এই বৈচিত্র্য যেমন ভারতবাসীর মধ্যে সংস্কৃতিগত পার্থক্যের কারণে পরিলক্ষিত হয় তেমনি প্রকৃতিগতভাবে এই বৈচিত্র্য আমাদের সামনে প্রস্ফুটিত হয়ে ওঠে। সামগ্রিকভাবে ভারতবর্ষের মতো বৈচিত্র্য পশ্চিমবঙ্গেও দেখা যায়। এই পশ্চিমবঙ্গে যেমন রয়েছে শ্বেতশুভ্র বরফাবৃত হিমালয় তেমনি অপরদিকে রয়েছে গভীর নীলাভ জলরাশি পরিবৃত বঙ্গোপসাগর ; অন্যদিকে যেমন রুক্ষ, শুষ্ক মালভূমি রয়েছে তেমনি রয়েছে গঙ্গার সজীব, শ্যামল পৃথিবীর বৃহত্তম বদ্বীপ। ভারতের এই পতিতোদ্ধারীণি পুণ্যসলিলা গঙ্গার মোহনায় অবস্থিত ভারত তথা বিশ্বের খ্যাতিসম্পন্ন এবং ইউনেস্কো কর্তৃক ওয়ার্ল্ড হেরিটেজের (১৯৮৪) তকমাপ্রাপ্ত স্থান সুন্দরবন এবং তার বিখ্যাত রয়্যালবেঙ্গল টাইগার। অরণ্য পরিবৃত এই স্থানের নির্মল বায়ু ও নিস্তন্ধ অনাবিল পরিবেশ বিশ্বের ভ্রমণপিপাসু মানুষকে আকর্ষিত করে।

তবে এই মনোরম বর্ণনার মতো সুন্দরবনের অধিবাসীরা জীবন অতিবাহিত করতে পারেনা। *জলে কুমির ডাঙায় বাঘ* এই প্রবাদবাক্যের মতো তীব্র কঠিন সংগ্রামের মধ্যে দিয়ে তাদের জীবন অতিবাহিত করতে হয়। এর মাঝেই বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে কালবৈশাখী ও আশ্বিন-কার্তিক মাসে মৌসুমি বায়ুর প্রত্যাগমন কালে আশ্বিনের ঝড় *গোদের ওপর বিষ ফোঁড়া*’র মতই হাজির হয়। গত ৩০ বছরের পরিসংখ্যান অনুসারে প্রতি ৮ বা ১০ বছর অন্তর সুন্দরবনবাসী তীব্র, বিধ্বংসী ঘূর্ণিঝড় ও বন্যার কবলে পড়েছে। ২০০৯ সালের ২৫শে মে ‘আয়লা’ নামক এরকম একটি তীব্র বিধ্বংসী ঘূর্ণিঝড় সুন্দরবনের ওপর আছড়ে পড়েছিল। ৬০ বছরের উর্ধ্ব ব্যক্তিদের মতে, পূর্বের ১৯৮৮ ও ১৯৯৫ এর ঘূর্ণিঝড়ের তুলনায় আয়লা ছিল ভীষণ ভয়ংকর ও ধ্বংসাত্মক।

আয়লার বর্ণনাঃ

কেমন ছিল এই আয়লা? সেই সময়ের আয়লাবিধ্বস্ত মানুষেরা কেমন ছিল? – এই সকল প্রশ্নের উত্তর উপস্থাপকের সম্পূর্ণ ব্যক্তিগতভাবে প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে আয়লার বর্ণনার মধ্যদিয়ে দেওয়া হল।

জ্যৈষ্ঠ মাসের তীব্র দাবদাহ চলছে প্রায় পাঁচদিন

ধরে। গ্রীষ্মাবকাশ তখন শুরু হয়ে গেছে। এই দাবদাহ উত্তর বঙ্গোপসাগরে এক গভীর নিম্নচাপের সৃষ্টি করে, যার প্রভাবে ২৪শে মে রবিবার সকাল থেকে ঝিরিঝিরি বৃষ্টি শুরু হয় ও প্রবল ঝড়ো হাওয়া বইতে থাকে। বেলা বাড়ার সাথে সাথে সামান্য পরিমাণে বৃষ্টির বেগ ও ঝড়ো হাওয়া বৃদ্ধি পায়। ২৪শে মে সারাদিন ঐভাবে অতিবাহিত হয়। ২৫শে মে সকাল থেকে ঝড়ো হাওয়া ও বৃষ্টির বেগ ক্রমশ বৃদ্ধি পায়। রেডিও মারফৎ আমরা জানতে পারি যে, পশ্চিমবঙ্গের উপকূলবর্তী জেলার দিকে একটি তীব্র বিধ্বংসী ঘূর্ণিঝড় ধেয়ে আসছে। রেডিওতে এই ঘোষণা বারবার করা হচ্ছিল। ২৫শে মে সোমবার সকাল ৯টায় ঝড়ের বেগ ব্যাপকভাবে বৃদ্ধিপায় ও প্রচুর পরিমাণে বৃষ্টি হতে থাকে। ঐদিন পূর্ণিমা থাকার কারণে ও জোয়ারের প্রভাবে নদীর জল ব্যাপক পরিমাণে বৃদ্ধি পায়। এরই সাথে তীব্র ঝড়ো হাওয়ার প্রভাবে নদীর জল বাঁধের কিনারা পর্যন্ত পূর্ণ হয়ে যায়। নদীর এই জল ও ঝড়ো বাতাসের প্রভাবে বাঁধের ওপর প্রচুর পরিমাণে চাপ পড়তে থাকে। এমত অবস্থায় বাঁধের দুর্বল স্থানগুলি এই চাপ সহ্য করতে না পেরে ভেঙে পড়ে ও নদীর জল ছড়মুড়িয়ে গ্রামে প্রবেশ করতে থাকে। মনে রাখতে হবে, সুন্দরবন ছোট ছোট বদ্বীপ নিয়ে গঠিত। জল গ্রামে প্রবেশ

করার সাথে সাথে বদ্বীপের প্রান্তে বসবাসকারীরা দ্বীপের মধ্যবর্তী কোনো উচ্চ স্থানে চলে আসতে থাকে।

আমাদের বাড়ি দ্বীপের মধ্যবর্তী স্থানে অবস্থিত হওয়ায় এই সমস্ত কর্মকাণ্ড সম্পর্কে আমরা কোনো খবর পাইনি। বাড়ির সামনে রাস্তার দিকে দেখতে পাই সকাল ৯টার থেকে মানুষ দলে দলে উদ্ভাস্তের মত দৌড়ে আসছে। আমি বাড়িতে মা-বাবা'র সাথে উদ্বেগের সাথে এই সব দৃশ্য প্রত্যক্ষ করছি। এমন সময় প্রতিবেশী এক জন ছেলে আমাদের ঘর ছেড়ে দ্রুত কোনো উচ্চ স্থানে চলে যেতে বলে, কারণ পাশ্ববর্তী পাড়াগুলি জলময় হয়ে গেছে ও আমাদের দিকে সেই জল ধেয়ে আসছে। তৎক্ষণাৎ বাবা-মা একটি খাটের উপর আরেকটি খাট রেখে চালের বস্তা গুলি তুলে দিতে থাকে। অন্যদিকে আমি যতটা সম্ভব তাড়াতাড়ি খাটের নীচে বেছানো আলু বস্তার মধ্যে ভরতে থাকি। সোলারের ব্যাটারিটিকে কোনো রকম তার ছিঁড়ে খাটে তুলে দেওয়া হয়। গরু ও ছাগলগুলিকে নিয়ে আমি রাস্তাতে চলে যাই। ততক্ষণে আমাদের ঘেরিতে° জল ঢুকতে শুরু করে দিয়েছে। তারপর মাত্র ১০ মিনিটের মধ্যে গ্রীষ্মের শুকনো পুকুর গুলি চোখের নিমেষে পরিপূর্ণ হয়ে যায়। বাবা-মা প্রয়োজনীয় কাগজগুলি ট্রান্সে ভরে ঘরের আড়াতে° তুলে দিয়ে কোমর সমান জল

ঠেলে রাস্তায় চলে আসে। রাস্তাতে পাড়ার সকলেই জড়ো হয়েছে। সেখানে ততক্ষণে হাঁটু পর্যন্ত জল উঠে এসেছে। মানুষ, কুকুর, গরু, ছাগল, ভেড়া ঐ তীব্র ঝড় ও বৃষ্টির মধ্যে দাঁড়িয়ে আছে। পুকুরের মিষ্টি জলের মাছগুলি নোনা জলের সংস্পর্শে এসে মুখ ফেটে রক্ত বেরিয়ে যাচ্ছে। গরু ও ছাগলগুলিকে তাড়িয়ে আমি পাশে বাজারের একটি দোকানে রেখে আসি যেখানে নীচে সামান্য জল আছে কিন্তু বৃষ্টি পড়ছে না।

দুপুর ১২টা। প্রচন্ড তাপের মধ্যে ভয়াত মানুষগুলি রাতটা কোন রকম অতিবাহিত করার উদ্দেশ্যে আশ্রয়ের খোঁজ করতে শুরু করে। পাড়ায় ১৫টি বাড়ির মধ্যে ৩টি দোতলা পাকা বাড়ি আছে। পাড়ার মানুষরা ঐ বাড়িগুলিতে আশ্রয় নেয়। দুপুর ২ টার সময় মা-বাবা ও আমি একটি বাড়িতে পৌঁছালাম। তখন সেখানে প্রায় ৫০ জন মানুষ আশ্রয় নিয়েছে। এই সময় পর্যন্ত ঝড়ো হাওয়া পূর্বদিক থেকে প্রবাহিত হচ্ছিল। তা বিকেল ৩টের সময়ে দক্ষিণ দিক থেকে প্রবাহিত হতে শুরু করে। সন্ধ্যা ৫টার সময়ে ঝড়ের বেগ কমে গিয়েছিল। অবশেষে রাত্রি ১০টার সময় ঝড় থেমে যায়। কিন্তু সকলেই নজর রাখছিল যে রাত্রিতে কোন ভাবে জোয়ারের প্রভাবে জলস্ফীতি ঘটে কিনা।

সারা রাত্রি সকলেই অভুক্ত অবস্থায় অতিবাহিত করে। সকলে আলোচনা করছিল যে, নদীর জল যদি রাত্রি বেলা গ্রামে প্রবেশ করত তাহলে অর্ধেকের বেশী মানুষ দেওয়াল চাপা পড়ে মারা যেত। আমাদের বদ্বীপের পশ্চিমে নদীর বাঁধ ভেঙে গিয়ে জল লোকালয়ে প্রবেশ করেছিল। দ্বীপের পূর্বদিকে জলের উচ্চতা আমাদের তুলনায় সামান্য কম ছিল। গ্রামের উত্তর-পূর্ব প্রান্তে অবস্থিত জেলেদের অবস্থা আমাদের থেকেও খারাপ ছিল। জেলেরা সারা রাত্রি অতিবাহিত করেছিল মাছ ধরা নৌকায়। সুতরাং আমাদের গ্রাম সহ সমগ্র দ্বীপটি এবং সুন্দরবনের পরিধি ভুক্ত ৯০ শতাংশ দ্বীপ জলমগ্ন হয়ে গিয়েছিল, তবে কোথাও কম আবার কোথাও বেশী। সেখানে উপস্থিত অনেক বয়স্ক মানুষরা পূর্বে ঘটে যাওয়া এই ঝড়ের মত অনুরূপ ঝড় সম্পর্কে স্মৃতিচারণা করতে থাকেন।

আয়লার তাৎক্ষণিক প্রভাবঃ

আয়লা ঝড়ে উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা জেলার হাসনাবাদ, হিঙ্গলগঞ্জ, গোসাবা, বাসন্তী, পাথরপ্রতিমা, কুলতলী, নামখানা, প্রভৃতি ব্লকগুলি ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। প্রত্যক্ষ অভিজ্ঞতাটি প্রায় উপরিউক্ত সব ব্লকের

অধিবাসীদের অভিজ্ঞতার সাথে প্রযোজ্য হবে বলে মনে হয়। আয়লার তাৎক্ষণিক প্রভাবও প্রায় সমান ভাবে আয়লা কবলিত সব স্থানে প্রযোজ্য।

২৪শে মে সকলেই তাড়াতাড়ি ঘুম থেকে উঠে বাড়ির উদ্দেশ্যে রওনা দিয়েছিল। পূর্বের দিনে প্রকৃতি যে তার তাণ্ডব চালিয়েছিল তার কোনো চিহ্ন আকাশে না থাকলেও মর্ত্যভূমিতে রেখে গিয়েছিল। রাস্তায় পচা খড়, কাঁটা, আবর্জনা, মৃত মাছ প্রভৃতি ডাঁই হয়েছিল। মাঠ-ঘাট চারিদিকে জলে টইটুসুর হয়ে আছে। এই সমস্ত আবর্জনার স্তপকে পাশ কাটিয়ে আমরা বাড়িতে পৌঁছাই। দেখলাম গ্রামের অধিকাংশ মাটির বাড়ি ভেঙে গিয়েছে। আমাদের বাড়ির দক্ষিণ পাশের দেওয়াল ভেঙে গিয়েছে। সুতরাং বাড়িতে প্রবেশ করার আর কোনো রাস্তা ছিলনা। অগত্যা বাড়ির ছাউনি (আনুমানিক ৫ ফুট / ৫ ফুট পরিমাণ) কেটে বাড়ির ভেতর খুব ঝুঁকি নিয়ে প্রবেশ করা হয়। সমগ্র স্থান জলমগ্ন ছিল কিন্তু সামান্য একটু উঁচু স্থানে চালের বস্তা সহ অন্যান্য প্রয়োজনীয় দ্রব্য গুলো স্তপাকারে রাখা হয়। তারপর খুব কষ্টে খাট দুটি বাইরে বের করে তার ওপর চালের বস্তা ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি রেখে ত্রিপল দিয়ে ঢেকে দেওয়া হয়। অন্যদিকে

আমরা খুবই ভাগ্যবান ছিলাম যে আমাদের পাড়ার নলকূপগুলি ভালো ছিল। কিন্তু জল নেওয়ার জন্য বহুদূর পর্যন্ত লাইন পড়ে গিয়েছিল। পাড়ার দুজন কাকু একটি বড় ড্রামে জল নিয়ে পাড়ার সমস্ত গরু ছাগলগুলিকে জল খাওয়ায়। কিছুজন রাস্তার আবর্জনাকে একত্রিত করে জায়গা পরিষ্কার করতে থাকে। সকালে বাবা কিছু শুকনো খাবার খেয়ে রাস্তার ওপর তাঁবু তৈরী করতে শুরু করেন। আমি বাবাকে সাহায্য করতে থাকি। গ্রামের তিনটি পাকা বাড়িতে রান্না করা হয় ও পাড়ার সকলকে খাওয়ানো হয়। দুপুরবেলা মা উনুন তৈরী করেন। বিকেল থেকে খাবার তৈরী করা শুরু হয়। সবাই রাস্তাতে তাঁবু তৈরী করে প্রায় এক মাস বসবাস করেছিল। ২৭শে মে সকাল থেকে নদীর ভাঙা অংশে মেরামতের কাজ শুরু হয়। দুপুরবেলা পঞ্চগায়েতের পক্ষ থেকে ত্রিপল, চাল, চিঁড়ে-গুড়, মুড়ি বিতরণ করা হয়। আমাদের বাড়ির চাল নোনা জলের সংস্পর্শে না এলেও পাড়ার অধিকাংশ ব্যক্তিদের চাল নোনা জলে প্রায় ২৪ ঘন্টা ডুবেছিল। সেগুলি প্রায় নষ্ট হয়ে গিয়েছিল।

২৮শে মে থেকে এক সপ্তাহ পর্যন্ত নদীর বাঁধের ভেঙে যাওয়া অংশে যুদ্ধকালীন তৎপরতায় অস্থায়ী

বাঁধগুলিকে স্থায়ী করে গড়ে তোলার চেষ্টা করা হয়। তা না হলে নোনা জল জোয়ারের সময় গ্রামে প্রবেশ করত ও ভাটার সময় বেরিয়ে যেত এর ফলে আরো ভীষণভাবে মারাত্মক রকম ক্ষতি হতে পারত। আমাদের ব্লকে কুমীরমারী অঞ্চলে প্রায় বন্যা হয়ে যাওয়ার পর প্রথম ৬ মাস বাঁধ মেরারমত করা হয়নি। এর ফলে সেখানে জোয়ারের জল ঢুকেছে ও বেরিয়ে গেছে। এরপর থেকে প্রতিদিন কোন না কোনো সংস্থা ত্রাণ নিয়ে আসতো আমাদের গ্রামে যেমন রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ তাদের মধ্যে অন্যতম। মাড়োয়ারি ব্যবসায়ীরা চাল, চিঁড়ে, মুড়ি, গুড়, পানীয় জল, বাচ্চাদের জন্য শুকনো দুধ বিতরণ করেছিল। প্রায় এক পক্ষকাল অতিবাহিত হওয়ার পর বন্যার সময় যে নোনা জল প্রবেশ করেছিল তা অনেকটাই বেরিয়ে যায়। পঞ্চগয়েতের সহায়তায় মেশিনের সাহায্যে পুকুরের নোনা জল বাইরে বের করে দেওয়া হয়। এই সময়ে পঞ্চগয়েতের পক্ষ থেকে প্রতিদিন ব্লিচিং পাউডার ছড়ানো হতো ও রান্নাকরা খাবার বিতরণ করা হত। আমাদের বাস্তুজমির একটি সামান্য উঁচু অংশে দোচালা ছোট্ট বাড়ি তৈরী হয় ও ঘরের ছাউনি ত্রিপল দিয়ে ঢেকে দেওয়া হয়। প্রায় একমাস এইভাবে

অতিবাহিত হওয়ার পর রাস্তা থেকে সকলেই তাঁবু উঠিয়ে নিয়েছিল। যাদের বাড়ি বন্যাতে পুরোপুরি ভেঙে গিয়েছিল তারা আমাদের মতো অস্থায়ী বাড়ি তৈরী করেছিল আর যাদের আংশিক ক্ষতি হয়েছিল তারা বাড়িটি মেরামত করে বাস করতে থাকে। বন্যার প্রায় দেড় মাস পর ত্রাণের পরিমান কমে আসে। সবজী ও খাদ্য শষ্যের দাম আকাশ ছোঁয়া হয়ে যায়। গৃহপালিত গবাদি পশুদেরকে ভাল খড়ের গাদা থেকে খড় দেওয়া হয়। কিন্তু কিছু দিনের মধ্যে পশু খাদ্য সংকট দেখা দেয়। তাই এই গরুগুলিকে সবাই খুব অল্প দামে বিক্রি করে দেয়। মাঠে বর্ষাতে কোনো চাষ হয়নি। বন্যার প্রায় দু-মাস পর থেকে আয়লার প্রকৃত সংকট উদ্ভব হয়। আয়লাতে ক্ষয়ক্ষতির দরুন পরিবার প্রতি রাজ্য সরকার ১০,০০০ টাকা প্রদান করেছিল। কিন্তু গ্রামের কোন আয়ের উপায় না থাকায় গ্রামের পুরুষরা মুম্বাই, সুরাট, আমেদাবাদ, তামিলনাড়ু, কেরালা প্রভৃতি স্থানে কাজের খোঁজে যায়। এই সময় মৌসুমী বায়ুর প্রভাবে সংগঠিত বৃষ্টিপাতের ফলে নতুন জল ও পূর্বের নোনা জল মিশ্রিত হয়ে প্রচুর মাছের জন্ম হয় যেমন - ভেটকি, চিঙড়ি কাঠকই, গুলে প্রভৃতি। এই মাছ মানুষের আয়ের উৎস হিসাবে কিছুটা সাহায্য

করেছিল। তবে এই সময় মৎস্যজীবীরা খুব সমস্যার সম্মুখীন হয়েছিল। মাছের এই বিশাল পরিমাণ যোগান থাকার কারণে মাছের দাম ব্যাপক ভাবে কমে যায়।

শীতের মরসুমে মাঠ শুকিয়ে গেলে এলাকা পুনর্গঠনের কাজ শুরু হয়। বন্যায় জলের স্রোতে ভেঙে যাওয়া রাস্তাগুলিতে প্রায় ৯ ফুট উঁচু করে মাটি দেওয়া হয়। ২ টাকা কেজি দরে মাসে ১৬ কেজি আয়লা চাল বন্টন করা শুরু হয়। এরই সাথে পূর্বোক্ত কাজের দরুন মানুষের অর্থাগম হলে দুর্দশা কিছুটা লাঘব হয়। আয়লার পরের বছর সকলে কৃষিকাজ করে কিন্তু ফসল আশানুরূপ হয়নি। তবে দু বছর পর খরা মরশুমে চাষ করে মানুষ সেই অভাব মিটিয়ে নেয়। এইভাবে চাষ-আবাদ শুরু হলে ধীরে ধীরে এই আয়লা কবলিত গ্রামগুলির জীবন যাত্রা স্বাভাবিক ছন্দে ফিরে আসে।

আয়লা পরবর্তী একটি গ্রামের সাম্প্রতিক চিত্রঃ

আয়লার পর প্রায় ৮ বছর অতিবাহিত হয়ে গিয়েছে। মানুষের স্মৃতি থেকে প্রায় আয়লা শব্দটি মুছে গিয়েছে। আয়লা কবলিত স্থানের মানুষজন এখন কেমন আছেন? বর্তমানে সেখানকার আর্থ-সামাজিক পরিস্থিতির অবস্থা কেমন? এই প্রশ্নের উত্তর পেতে দক্ষিণ ২৪

পরগণা জেলার ক্যানিং মহকুমার অন্তর্গত গোসাবা ব্লকে অবস্থিত বালি ১ নং গ্রামপঞ্চায়েতের অধীনস্থ আমলামেথী গ্রামে ২০১৬ সালে নভেম্বরের ২ ও ৩ তারিখে একটি ক্ষুদ্র সমীক্ষা করা হয়। এই সমীক্ষার মধ্য দিয়ে আয়লা কবলিত সুন্দরবনের একটি গ্রামের সাম্প্রতিক চিত্র ফুটে উঠেছে। এখানে মূলত স্থানীয় শিক্ষক, কৃষক, মৎস্যজীবী, ভ্যানচালক ও ব্যবসায়ীদের মতামতকে প্রাধান্য দেওয়া হয়েছে। তবে বর্তমানে তারা কেমনভাবে জীবনযাত্রা অতিবাহিত করছেন বা আয়লার প্রভাব এখনও তারা কেমনভাবে অনুভব করেন – সে বিষয়ে সকলে ভিন্ন মত ব্যক্ত করেছেন।

অধিকাংশ কৃষিজীবীদের মতে, আয়লা ও আয়লার পরের বছরে উৎপাদন আশানুরূপ হয়নি। কিন্তু তারপর থেকে ধানের উৎপাদন বেড়েছে। বর্তমানে আয়লার পূর্বের থেকে বেশী ফসল উৎপাদিত হচ্ছে। তাছাড়া ২ টাকা কেজি দরে পরিবার পিছু মাসে ১৬ কেজি চাল দেওয়ার ফলে কৃষকদের অবস্থার উন্নতি ঘটেছে।

কৃষকদের অবস্থা সন্তোষজনক হলেও মৎস্যজীবীদের অবস্থা খুবই খারাপ। মৎস্যজীবীদের মতে, আয়লার বছরে এবং আয়লার পরের বছরে নদীতে মাছ

অনেক বেশী পরিমাণে পাওয়া যেত। কিন্তু তারপর থেকে বর্তমানে মাছের পরিমাণ আয়লার পূর্বের পরিমাণের থেকে কমে যায়। তাছাড়া মাছ ধরার প্রয়োজনীয় দ্রব্য যেমন- জাল, দড়ি, ড্রাম, বড়শিকাঁটা প্রভৃতির দাম ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। একটি উদাহরণ দিলে বিষয়টি পরিষ্কার হবে। আয়লার পূর্বে একটি বড়শিকাঁটার দাম ছিল আড়াই টাকা কিন্তু বর্তমানে সেটির দাম বৃদ্ধি পেয়ে হয়েছে সাত টাকা পঞ্চাশ পয়সা। অন্যদিকে ব্লক পিচিং সহযোগে নদীর বাঁধ নির্মাণের জন্য নদীর তীর থেকে চারশো ফুট করে জমি অধিগৃহীত হয়। অধিকাংশ মৎস্যজীবীর জমির পরিমাণ খুবই কম এবং নদীর ধারে তাদের বাসস্থান। অধিগ্রহণের কারণে তারা বাসস্থান হারিয়ে উদ্বাস্তু হয়ে যায়। জমির বিনিময়ে যথেষ্ট পরিমাণে অর্থ পেলেও সেই অর্থ কোন গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করতে পারেনি। তবে অনেকে ঐ অর্থ দিয়ে সামান্য জমি কিনতে পেরেছিলেন। এইসব কারণে জীবনযাত্রা নির্বাহের জন্য বেশী পরিমাণে মাছ ধরার উদ্দেশ্যে মৎস্যজীবীদের সরকারী নির্দেশ ও বাঘের ভয়কে উপেক্ষা করে বনের মধ্যস্থিত খাঁড়িগুলিতে^৬ মাছ ধরতে যেতে হচ্ছে, কারণ ঐ স্থানে বেশী পরিমাণে মাছ পাওয়া যায়। এর দরুন অনেকে তার মূল্যবান জীবন হারাতে হয়েছে। গত ৬ মাসের পরিসংখ্যান

অনুযায়ী প্রতি মাসে একজন করে মৎস্যজীবী বাঘের শিকারে পরিণত হচ্ছে।

গ্রামের শিক্ষাব্যবস্থা সম্বন্ধে কোন শিক্ষক মহাশয় সন্তোষজনক ব্যাখ্যা দিলেন না। তাদের মতে, গ্রামে শিক্ষার প্রতি মানুষের তেমন আগ্রহ ছিলনা। আয়লার পর শিক্ষা ব্যবস্থাটিই একেবারে ভেঙে পড়েছে। আয়লার পরে গ্রামে অর্থোপার্জনের কোনও সুযোগ না থাকায় পুরুষরা তামিলনাড়ু, সুরাট, কেরালা, মুম্বাই প্রভৃতি স্থানে গমন করে। ঐ সব স্থানে প্রায় ৭ বা ৮ মাস কাজ করার পর ৬০ থেকে ৭০ হাজার টাকা নিয়ে বাড়িতে ফিরে আসে। পুনরায় তারা আবার ঐসব স্থানে গমন করে। সুতরাং অধিকাংশ সময় বাড়ির অভিভাবক বাইরে থাকছে। এদিকে ছেলেরা পড়াশুনার প্রতি অমনোযোগী হয়ে উঠছে। এমনকি অনেকক্ষেত্রে মায়ের অভিভাবকত্ব তারা মানে না। যদিও আয়লার পূর্বে কিছু পুরুষ বাড়িতে থাকত ও বাবার ভয়ে ছেলেরা সামান্য পড়াশুনো করত কিন্তু আয়লার পরে এবং বর্তমান সময়ে এখানে শিক্ষার গুরুত্ব কমেছে।

অন্যদিকে বর্তমানে ইমারতি দ্রব্যের ব্যবসায়ীদের সুযোগ বেড়ে গেছে। আয়লায় গ্রামের প্রায় সমস্ত বাড়ি

ভেঙে গিয়েছিল। তারপর দু-এক বছর পর থেকে সরকার ইন্দিরা আবাস, নিজ ভূমি- নিজ গৃহ প্রভৃতি প্রকল্প থেকে গ্রামের মানুষদের ঘর দিতে শুরু করে। সেই সূত্রে ইট, বালি, সিমেন্ট, রড, অ্যাসবেস্টস প্রভৃতি ইমারতি দ্রব্যের চাহিদা বেশ বেড়ে গিয়েছে। ইমারতি ব্যবসায়ীরা এখন যথেষ্ট লাভবান হচ্ছেন।

আয়লার পর ছোট মাল বহনকারী গাড়ীর গুরুত্ব ভীষণভাবে বৃদ্ধি পেয়েছে। আয়লায় গ্রামের রাস্তাগুলি ভেঙে প্রায় বিলের^৪ সাথে মিশে গিয়েছিল। আয়লার বছর শীতের মরসুম থেকে ‘মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিত করণ প্রকল্প’ এর অধীনে ভেঙে যাওয়া রাস্তার পুনর্গঠন প্রক্রিয়া শুরু হয়। প্রায় আট ফুট উঁচু করে রাস্তাগুলি নির্মাণ করা হয়েছিল। পরের বছর থেকে ঐ রাস্তাগুলিতে ডবল সোলিং ইট পাতার কাজ শুরু হয় এবং এখন তা প্রায় শেষের পথে। ঐ সময়ে নদীর প্রান্ত থেকে ইট বহনের ক্ষেত্রে ঐ গাড়ীগুলি ব্যবহৃত হত। অন্যদিকে সরকারী প্রকল্পের ব্যক্তিগত গৃহগুলির মাল বহনের জন্য গাড়ীর চাহিদাও বেড়ে গিয়েছে। সুতরাং গাড়ী মালিকরা এখন বেশ লাভের মুখ দেখেছে।

আয়লায় আমলামেথী গ্রামের সকল মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছিল। অধিকাংশ মানুষ সেই ক্ষতি নানা উপায়ে কাটিয়ে উঠতে পেরেছে, কতিপয় মানুষ পারেনি। ভালমন্দ মিশিয়ে আয়লার পর সাত-আট বছর অতিক্রান্ত হয়ে গেছে। আয়লা কবলিত গ্রামের মানুষরা স্বাভাবিক ছন্দে ফিরে এসেছেন। অধিকাংশ মানুষের বক্তব্য যে, গ্রামে আয়লা ঝড় প্রবাহিত হয়েছিল বলে মনে হবে না কারণ যে ভাবে পঞ্চায়েতের উদ্যোগে রাস্তাঘাট নির্মিত হয়েছে ও পাকা ঘরবাড়ি তৈরি হয়েছে ও অন্যান্য উন্নয়নমূলক কাজ এখন সংগঠিত হচ্ছে তা দেখে আয়লার আর কোনও চিহ্ন পাওয়া যাবে না।

আমলামেথী তথা সমগ্র সুন্দরবনবাসীর অভাব কাটানোর উপায়-

আমলামেথী তথা সমগ্র সুন্দরবনের অধিবাসীদের একটি জলন্ত সমস্যা হল যে এই এলাকায় মানুষের আয়ের কোন উৎসও নেই। অন্যদিকে এই গ্রামের তথা সমগ্র সুন্দরবনের ৯৫ শতাংশ কিশোর ও যুবক বিপথে চালিত হচ্ছে। এইসময় থেকে তারা মাদকাসক্ত ও নেশাগ্রস্ত হয়ে পড়ছে। কোনরকমভাবে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বা অনুত্তীর্ণ হয়ে আন্দামান, সুরাট, কেরালা,

মুস্বাই প্রভৃতি স্থানে পাড়ি দিচ্ছে। এই গ্রামে আয়লার পর রাস্তা, ঘরবাড়িই সবই নির্মিত হয়েছে। কেবলমাত্র এই বস্তুগত উন্নয়ন ছাড়া বৌদ্ধিক স্তরে অর্থাৎ শিক্ষা জগতে তেমন কোন উন্নয়ন সাধিত হয়নি। এর প্রধান কারণ হিসেবে মূলত অর্থের অভাবকেই চিহ্নিত করা যেতে পারে। এই সম্যসাটিকে দূর করা যেতে পারে মানুষের নুন্যতম আয় সুনিশ্চিত করে। এর ফলে পুরুষরা বাড়িতে থাকলে তাদের ছেলেমেয়েরা পড়াশুনোর সাথে অন্তর্ভুক্ত হবে। এইভাবে কয়েক বছর অতিবাহিত হওয়ার পর শিক্ষার গুণগত মান সমাজের মূল স্তর থেকে ধীরেধীরে বৃদ্ধি পেতে থাকবে। এই গ্রামের তথা সুন্দরবনের নিরবিচ্ছিন্ন উন্নয়নের উদ্দেশ্য নিম্নলিখিত বিষয়গুলি ভাবা যেতে পারে-

প্রথমত, গোসাবা তথা সুন্দরবনের অধিকাংশ ব্লককে শহরের সাথে যুক্ত করা যায়নি। এই কারণে গ্রামের আয়ের উৎসগুলি (কাঁচা শাক-সজি, ধান, মাছ) ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। ক্যানিং বা বাসন্তীর মত গোসাবা ও গদখালিকে সেতুর দ্বারা সংযুক্ত করলে পাইকারি ব্যবসায়ীরা সরাসরি গাড়ী নিয়ে গ্রামে পৌঁছতে পারবেন এবং উৎপাদিত কৃষিপণ্য বেশ ভাল দামেই বিক্রি

করতে পারবে। এই সেতু তৈরি না হলেও নামখানার মত এখানে ভেসেল পরিষেবা শুরু হলে যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতি হবে।

দ্বিতীয়ত, আমলামেথী তথা বালি ১ নং গ্রাম পঞ্চগয়েতের ৭০ শতাংশ মানুষকে সরকারী সাহায্য, দান-অনুদান (বিভিন্ন প্রকল্পের গৃহ, বিধবা ভাতা, বার্ধক্য ভাতা) প্রদান করা হচ্ছে। তবে এর মধ্য দিয়ে অল্প সংখ্যক মানুষের খুব সামান্য চাহিদা মেটান গিয়েছে। অর্থনৈতিক ভাবে মানুষকে স্বনির্ভর করে তুলতে পারলে সাংসারিক স্বচ্ছলতা ফিরিয়ে আনা যেতে পারে। উদাহরণ স্বরূপ হুগলী, হাওড়া ও নদীয়া জেলার নাম উল্লেখযোগ্য। এই জেলাগুলিতে কৃষি কাজ ছাড়াও অধিকাংশ স্থানে তাঁতের কাপড় বোনা হয়। এই জেলার বারুইপুরের সন্নিকটে অবস্থিত পদ্মপুকুরে পাকাবাড়ির দেয়ালে রঙ করার ব্রাশ তৈরি হয়। এরকম কোন ক্ষুদ্রকুটির শিল্পের সাথে যুক্ত হলে মানুষ নিয়মিত আয় করতে পারবেন। এর ফলে গ্রামের মানুষরা কাজের সন্ধানে বাইরে পাড়ি জমাবেন না। কৃষিকাজ ছাড়াও এইসব কাজ করতে পারবেন ও অভিভাবকরা বাড়িতে থাকলে ছেলেমেয়েরা নিয়ম-শৃঙ্খলার মধ্যে থাকবে। তারা নিয়মিত পড়াশুনো করবে।

এইভাবে শিক্ষার গুণগুত মান বৃদ্ধি পাবে এবং পরবর্তী প্রজন্ম উন্নত হবে।

তৃতীয়ত, গ্রামের পূর্ববর্ণিত সীমাবদ্ধতাকে উপেক্ষা করে প্রতিবছর দুএকটি ছেলেমেয়ে যথেষ্ট কৃতিত্বের সাথে ভাল পড়াশুনো করে জীবনে সুপ্রতিষ্ঠিত হয়েছে কিন্তু তারা গ্রামের বাইরে বা শহরে থাকে। উন্নতির স্বার্থে এইসব শিক্ষিত ব্যক্তিদের গ্রামে বসবাস করা প্রয়োজন। তাঁদের আধুনিক চিন্তাভাবনার দ্বারা প্রভাবিত হয়ে ছোট ছোট ছেলে মেয়েরা শিক্ষার প্রতি আগ্রহী হয়ে উঠবে।

চতুর্থত, আমলামেথী তথা সমগ্র সুন্দরবনের উন্নতির স্বার্থে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার আমূল সংস্কার করা প্রয়োজন। একটি পাকা বাড়ির সূচনার সময় ভিতকে মজবুত করে তুলতে হয়, নয়ত পরবর্তী কালে বাড়ীটি সামান্য আঘাতে ভেঙে পড়বে। তদরূপ একজন মানুষের জীবনের ভিত প্রথম নির্মিত প্রাথমিক বিদ্যালয় থেকে। এই গ্রামের প্রাথমিক বিদ্যালয়গুলিতে কম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিদের শিক্ষক হিসেবে নিযুক্ত করা হয়। তাঁরা ছোট ছোট ছেলে মেয়েদের ভবিষ্যৎ জীবনের ভিত নির্মাণে তেমন কোন ভূমিকা নিতে পারেন না। অনেক শিক্ষক মহাশয় আবার রাজনীতি নিয়ে ব্যস্ত থাকেন। তিনি অধিকাংশ দিন স্কুলে আসেন না। ফলে

অধিকাংশ ছেলে মেয়ে শিক্ষা জগত থেকে বিচ্যুত হয়ে বিপথে চালিত হয়। অল্প কিছু জন যদিও চেষ্টা করে ও উচ্চ শিক্ষার দোরগোড়ায় আসে যেখানে তারা পূর্বের দুর্বলতার কারণে নানা বাধা বিপত্তির সম্মুখীন হয় ও পিছিয়ে পড়ে। তাই প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষার মান উন্নয়নের জন্য উচ্চ শিক্ষিত ও জ্ঞানী মানুষদের শিক্ষক হিসেবে নিযুক্ত করা প্রয়োজন এবং এরই সাথে তাঁদের উচ্চ বেতন প্রদান করতে হবে। তাঁরা এমনসব উচ্চ আধুনিক চিন্তা ভাবনা ছোট ছোট ছেলে মেয়েদের চেতনায় প্রবেশ করিয়ে দেবেন বা এমনসব উচ্চাকাঙ্খা প্রবেশ করাবেন যাতে ছেলে মেয়েরা পড়াশুনার বিকল্প কিছু ভাবতে না পারে। এরই সাথে শিক্ষাদানের পদ্ধতিকেও গুণগত দিক থেকে যথেষ্ট উন্নত হতে হবে। এইসব ছেলে মেয়েদের মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পর্যন্ত একটি শক্তিশালী নিরাপত্তার ঘেরাটোপের মধ্যে রাখতে হবে যাতে তারা বয়ঃসন্ধিকালে ভাবাবেগের বশে ভেসে না যায়।

পরিশেষে উল্লেখ্য মানবসমাজ নিজেদের সুখস্বাচ্ছন্দের জন্য যতই বস্তুগত উন্নয়ন করুক না কেন মানুষ প্রকৃতির কাছে অসহায় আর বস্তুকেন্দ্রিক উন্নয়নের বিরূপ প্রতিক্রিয়া পরিবেশে পড়বেই। বিশ্বউন্নয়নের জন্য

সমুদ্রের জলতলের উচ্চতা ক্রমশ বেড়ে চলেছে। এই প্রক্রিয়া অব্যাহত থাকলে সুন্দরবনকে একদিন সমুদ্র গ্রাস করে নেবে, যতই তাকে রক্ষার জন্য উঁচু করে বাঁধ নির্মাণ করা হোক না কেন। বিশ্বউষ্ণায়নের প্রভাবে গঙ্গার মোহনায় জলে লবনের মাত্রা বেড়ে গেছে যার ফলে সুন্দরবনের অনেক বিরল প্রজাতির উদ্ভিদ চিরতরে বিলুপ্ত হয়ে গেছে ও যাচ্ছে। এই অবস্থায় গত ৩০ বছরের পরিসংখ্যান অনুসারে প্রতি ৭ বা ৮ বছর অন্তর ঘূর্ণিঝড় সুন্দরবনে আছড়ে পড়েছে। তাই সুন্দরবন এবং পৃথিবী তথা মানবজাতিকে বাঁচিয়ে রাখতে গেলে বিশ্বউষ্ণায়ন কে নিয়ন্ত্রণ করা প্রয়োজন যা সম্পূর্ণ একটি আন্তর্জাতিক স্তরের আলোচ্য বিষয়। আয়লার পর লায়লা(২০১০), হুদহুদ(২০১৪), নাডা(২০১৬), ভারদা(২০১৬) প্রভৃতি ঘূর্ণিঝড় বঙ্গোপসাগরের পূর্ব ও পশ্চিমে অবস্থিত বিস্তীর্ণ এলাকায় আছড়ে পড়েছিল। ঐ বছরগুলিতে ঘূর্ণিঝড় তৈরি হলে সুন্দরবনের অধিবাসীরা ভীত, সন্ত্রস্ত ছিল যে কোন ঝড় সুন্দরবনের দিকে ধেয়ে আসে কিনা। সুতরাং এই সুন্দরবনের অধিবাসীদের একটি চাপা আতঙ্কের মধ্য দিয়ে দিন অতিবাহিত করতে হয়।

টীকা

১. বাংলায় প্রচলিত প্রবাদবাক্য। উভয়দিকে বিপদ বোঝাতে ব্যবহৃত হয়।
২. বাংলায় প্রচলিত প্রবাদবাক্য। বিপদের ওপর বিপদ বোঝাতে ব্যবহৃত হয়।
৩. চারটি রাস্তা দিয়ে ঘেরা বর্গাকৃতি এলাকা।
৪. মাটির বাড়িতে দেয়াল ও ছাউনিকে সংযুক্ত করার একটি শক্ত কাঠ বিশেষ।
৫. নোনা জলের একটি মাছ বিশেষ।
৬. জঙ্গলের গভীরে অবস্থিত খালের মত অনেক সরু নদী থাকে যেখানে বাঘ থাকার সম্ভাবনা প্রবল।
৭. চাষযোগ্য জমিকে স্থানীয় ভাষায় এই নামে অভিহিত করা হয়।

আয়লা ও সুন্দরবনের মৎস্যজীবীঃ অবস্থা ও

অবস্থান

মিলন বাইন

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (তৃতীয় বর্ষ), রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির



আলোচনার বিষয়সমূহঃ [ভূমিকা- গ্রামীণ মানুষের অন্যতম পেশা হিসেবে মৎস্যচাষ- ২০০৯ সালের ২৫শে মে'র পরে তাদের অবস্থা- সরকারী উদ্যোগে মাছ চাষ- পঞ্চায়েতের সাহায্য দান- প্রশিক্ষণ, ভর্তুকি ও ব্যাংকঋণ- শিক্ষিত বেকারদের অন্যতম দিক হিসেবে মৎস্যচাষ- সুবিধা ও অসুবিধা- উপসংহার]

(এই বিষয়ে আলোচনার পূর্বে বলে রাখাই ভালো যে, আলোচনাটি মূলত দক্ষিণ ২৪ পরগণা জেলার সুন্দরবন কোস্টাল থানার অন্তর্গত একটি প্রত্যন্ত

এলাকা পশ্চিম রাধানগরকে কেন্দ্র করে বিষয়টি আলোচিত হয়েছে।)

(১) ভূমিকা

প্রথমে আলোচনা করা যাক পশ্চিমবঙ্গ তথা ভারতের মাছ চাষের প্রাথমিক খবর দিয়ে। এক কথায় পশ্চিমবাংলার তথা ভারতের মাছ চাষের ভূমিকা অতি উজ্জ্বল। ভারতের প্রায় চার হাজার কিলোমিটার সমুদ্র তট। তার মধ্যে আরব ও বঙ্গোপসাগর এলাকা রয়েছে দেড় লক্ষ বর্গ কিলোমিটার জলাভূমি। যেন বোঝার উপর 'শাঁকের আঁঠির মত'। এখানে সেখানে ব-দ্বীপ। তবে ভারতে প্রায় ১,২০০,০০০ জন বয়স্ক মানুষ মাছ চাষে যুক্ত। ১৯৭২ সালে ভারত সরকারের হিসেবে দেখানো হয়েছে- সমস্ত পৃথিবীতে মাছের উৎপাদন যখন ৬৩১ লক্ষ মেট্রিক টন, তখন ভারতে উৎপাদন করছে ২৩ লক্ষ মেট্রিক টন। ভারতবর্ষের মানুষের কেবলমাত্র মাছ থেকে সারা বছর আয় করে ২,০৭০০ লক্ষ টাকা। ভারতের মাছ বিদেশে চালান করে বছরে ৩৫০০ লক্ষ বৈদেশিক মুদ্রা আয় করে। তবে এবার আলোচনার দিকটা গ্রাম বাংলার মৎসজীবীদের নিয়ে করা যাক।

(২) গ্রামীণ মানুষের অন্যতম পেশা হিসেবে মৎস্যচাষ গ্রাম-বাংলার সত্তর শতাংশ মানুষ কৃষি কাজের সঙ্গে যুক্ত থাকলেও বাকী তিরিশ শতাংশ মানুষের বেশির ভাগ মানুষই মাছ চাষের সঙ্গে যুক্ত। প্রসঙ্গত উল্লেখ্য যে, পশ্চিম রাধানগর অঞ্চলের বসবাসকারী বেশ কয়েকটি মানুষের কাছ থেকে জানা গেছে যে, বছরের বেশির ভাগ সময়ই তারা মৎস্যচাষের সঙ্গে যুক্ত থাকেন। তারা বিভিন্ন ভাবে মৎস্যচাষের সাথে যুক্ত - ক) ফিশারীতে মাছ চাষ খ) নদীতে মীন ধরে গ) নৌকায় জাল টেনে এবং ঘ) নিজেদের পুকুরে। প্রথমত, ফিশারীতে^৩ যারা মাছ চাষ করেন তাঁরা মূলত নোনা জলের মাছ চাষ করে থাকেন এবং তাঁদের নিজস্ব ঘর বাড়ি, পরিবারকে ত্যাগ করে সারা বছর ঐ ফিশারীতে এক তাঁবু তৈরি করে তাতে বসবাস করতে হয়। ঐ এলাকার ফিশারীর মালিকের সঙ্গে সাক্ষাৎ করে জানা গেছে যে তাঁরা ১৩০ বিঘার একটি জলাশয়ে মৎস্যচাষ করেন। যেখানে শুধু বাগদা, ভাঙল মাছ চাষ হয়। কিন্তু ঐ চাষের ক্ষেত্রে সরকার তাদের আর্থিক সাহায্য করেনি। ব্যাংক থেকে সীমিত মাত্রায় লোন পেয়েছেন। তাদের কাছ থেকে জানা গেছে যে ক্যানিং এ.কে.জি. এবং ঝড়খালি বিশ্বব্যাঙ্ক- এই দুটি সংস্থা

তাদের পাম্প চালিয়ে বৈজ্ঞানিক ভাবে মাছ চাষ করার পথ দেখালেও তাদের ক্ষতির দিকটা বেশি দেখা যায়। দ্বিতীয়ত, ওই অঞ্চলের অনেক মানুষকেই নদীতে জাল টেনে তাদের জীবিকা অর্জন করতে হয়, যেখানে তাদের জীবনের বেঁচে থাকার অন্য কোনো উপায় নেই। ২০১৫ সালের মে' মাস নাগাদ ওই অঞ্চলের কোনো এক মহিলা নদীতে জাল টানা কালীন তার ডান পা'র হাঁটুর নীচ থেকে কুমীরে কেটে নিয়ে যায় এবং অবশেষে তার মৃত্যু ঘটে। যে পরিবারটি ওই মহিলার নদীতে জাল টেনে মীন ধরে এবং তা বিক্রি করে যে অর্জিত টাকার উপর পরিবারটি চলত আজ সেই পরিবার দারিদ্রতার মধ্য দিয়ে জীবন কাটাচ্ছে। ওই অঞ্চলের ব্লক উন্নয়ন আধিকারীক স্বল্প মাত্রায় সাহায্য দানের পথ দেখালেও সরকারের কাছ থেকে তেমন কোনো সাহায্য পাননি। তৃতীয়ত, অনেক ব্যক্তি নিজেদের পুকুরে মাছ চাষ করে তাদের জীবন ধারণ করে থাকেন। তবে ওই সকল চাষীদেরও দুঃখ জনক হতাশার মধ্যে দিয়ে জীবন কাটাতে হয়। এমনই একটি দিন নিচে বর্ণিত হল।

(৩) ২০০৯ সালের ২৫শে মে

সুন্দরবনের বেশ কয়েকটি অঞ্চলের মানুষের কাছে দিনটি ছিল অতি হতাশাজনক। ঐ দিনটিতে এক ভয়াবহ ঘূর্ণিঝড়সহ বন্যা নাম তার ‘আয়লা’, মানুষের বেঁচে থাকার জন্য যে তিনটি বিষয়ের প্রয়োজন- খাদ্য, বস্ত্র এবং বাসাস্থান সবকিছুই কেড়ে নেয়। আর ওই অঞ্চলের যে সকল মানুষ মৎস্যচাষের ওপর জীবিকা নির্ভর করে থাকত তাদের মাছ চাষের জলাশয়গুলি মাছবিহীন জলাশয়ের মতো এক অগভীর সমুদ্রে পরিণত হয়। তাদের ওই মর্মান্তিক দিনটির ফল আজও ভোগ করতে হচ্ছে। অনেক মানুষ নিজের ঘর-বাড়ি, বিষয়-সম্পত্তি ছেড়ে বিদেশের বিভিন্ন কাজে লিপ্ত হয়েছে। তবে ওই অঞ্চলে মানুষের জন্য পশ্চিমবঙ্গ সরকার বিশেষ কয়েকটি উদ্যোগ নিয়েছেন। যেমন- দু’টাকা কেজি দরে চালের ব্যবস্থা, প্রত্যেক বাড়িতে শৌচাগার বানানো, পুনরায় বাসস্থান নির্মানের জন্য লোন প্রদান প্রভৃতি। তবে ওই সকল প্রকল্পের জন্য সরকার নির্ধারিত অর্থ প্রদান করলেও তা তৃণমূল স্তর পর্যন্ত পৌঁছাচ্ছে না।

(৪) সরকারি উদ্যোগে মাছ চাষ

তবে ঐরূপ অবস্থা থেকে মৎস্যচাষীরা যাতে পুনরায় তাদের জীবিকাতে ফিরে আসতে পারে তার জন্য সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। প্রথমেই নজর দেওয়া হয়েছে জেলে ভাইদের আর্থিক দুর্গতির দিকে। তাদের জাল, বোট ও নৌকা আর লাগোয়া যন্ত্রপাতির ওপর এবং তাদের সর্বাধুনিকীকরণ, যন্ত্রচালিত নৌকা, ট্রলার, বজরা প্রভৃতি দেওয়া হল কারণ তারা যাতে পুনরায় দূর নদীতে গিয়ে মাছ ধরতে পারে। এছাড়া ফিশারীতে যারা মাছ চাষ করত তাদেরকে পথ দেখানো হল গবেষণামূলক কেন্দ্রের দিকে যেখানে তারা জানতে পারছে কীভাবে কৃত্রিমভাবে ইঞ্জেকশন দিয়ে স্ত্রী মাছকে ডিম ছাড়তে প্রণোদিত করা যায়। এর আগে মাছ ডিম ছাড়তো নদীর জলের উজানে অথবা মোটর বা মেশিন চালিয়ে জলের ঢেউতে কিন্তু আজ পিটুইটারী ইঞ্জেকশন^৪ দিয়ে মাছের ডিম ছাড়ানোর ব্যবস্থা করা হয়েছে। সরকারের এই উদ্যোগ অনেকটাই প্রণোদিত করেছে আয়লা বিধ্বস্ত মৎস্যচাষীদের যারা পুনরায় তাদের পেশায় ফিরে আসতে পারে। এছাড়াও তারা সাহায্য পেয়েছে অন্যান্য দিক থেকে তার মধ্যে অন্যতম হল পঞ্চায়েতের সাহায্য দান।

(৫) পঞ্চগয়েতের সাহায্য দান

১৯৯৩ সালের ৭৩তম সংবিধান সংশোধন আইনের মাধ্যমে সংবিধানে একাদশ তফসিলে বর্ণিত যে ২৯টি ক্ষেত্র পঞ্চগয়েত প্রতিষ্ঠানের হাতে ন্যস্ত করা হয়েছে তার মধ্যে পঞ্চমতম ক্ষেত্র হল মৎস্যচাষ তথা মৎস্যচাষীদের জন্য আর্থিক সাহায্যদান। তদরূপ ঐ অঞ্চলের মানুষের জন্য গ্রামপঞ্চগয়েতের প্রধান পঞ্চগয়েতের সঞ্চিত তহবিল থেকে যতটুকু সম্ভব সাহায্যের হাত বাড়িয়েছে। এছাড়াও আয়লার পরবর্তী অবস্থা সামলাতে গ্রামবাসীদের পাশে দাঁড়িয়েছে। নতুন ঢালাই রাস্তা নির্মাণ, রাস্তার পাশে রোড লাইটের ব্যবস্থা, যে সমস্ত পরিবার ভীষণ দরিদ্র যারা মৎস্যচাষের ওপর নির্ভর করে বেঁচে আছে তাদের সৌরশক্তি প্রদানের ব্যবস্থা করা, এবং ফিশারীতে যে সকল ব্যক্তি তাঁবু তৈরি করে বসবাস করত তাদের ঘর নির্মাণের ব্যবস্থা করা হয়েছে। তবুও অনেকক্ষেত্রে জনগণের দ্বারা নির্বাচিত ঐ অঞ্চলের প্রধান পুরোপুরি তাদের সাহায্যের হাত বাড়ায় নি। অনেকসময় শাসকদল তাদের দলের একাধিপত্য টিকিয়ে রাখার জন্য কেন্দ্র সরকারের প্রদেয় বিভিন্ন লোনের এক-চতুর্থাংশ শাসকদলের হাতে রয়ে যায়। সুতরাং গ্রামীণ রাজনৈতিক

ব্যবস্থা পুরোপুরি দুর্নীতি মুক্ত বলা যায় না। তবে মৎস্যচাষীদের এইরূপ সাহায্য ছাড়াও আরো বিভিন্ন উপায়ে সাহায্য দেওয়া হয়।

(৬) প্রশিক্ষণ, ভর্তুকি, ব্যাঙ্কঋণ

তবে ঐ সকল মৎস্যচাষীদের বিশেষ সুযোগসুবিধার ক্ষেত্রে ব্লক অফিসে মীন সম্প্রসারণ আধিকারিক যথেষ্ট সাহায্য করেছেন। তাছাড়া ব্লক উন্নয়ন আধিকারিক তাঁদের কার্য ব্যবস্থাকে টিকে থাকার জন্য যোগাযোগের পথ দেখিয়েছেন। যেমন- ব্লক অফিসের ইন্সপেক্টরের সঙ্গে দক্ষিণ চব্বিশ পরগণার উৎসাহী মানুষ আলিপুর (কলকাতা-২৭) দক্ষিণ চব্বিশ পরগণার মৎস্যপ্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের জন্য যোগাযোগের কথা বলেছেন। এইখানে বিনামূল্যে উপরন্তু ভাতা সহ ট্রেনিং-এর ব্যবস্থা হতে পারে। প্রশিক্ষণের মেয়াদ দুই থেকে তিন মাস। এছাড়া ব্লক উন্নয়ন আধিকারিক তাদেরকে ব্যাঙ্ক থেকে লোন দেওয়ার ব্যবস্থা আছে তা জানিয়েছেন। যেখানে তারা একবছরের মধ্যে ঐ টাকা শোধ করতে পারবেন।

(৭) শিক্ষিত বেকারদের অন্যতম দিক হিসেবেঃ মৎস্যচাষ দেশে আজ তীব্র বেকারত্ব সমস্যা। প্রাদেশিক সরকার আর কেন্দ্রীয় সরকার কলকারখানায় এবং কারিগরি সংক্রান্ত যে কোনো কারণেই হোক নিয়োগ করতে পারছেন না বলে আজ বেকারত্ব সমস্যা দিনে দিনে তীব্র হয়ে দেখা দিচ্ছে। কেন্দ্রীয় সরকারের সবকটা জাতীয় ব্যাঙ্কে নির্দেশ দেওয়া আছে শিক্ষিত বেকারদের সর্বকম সুযোগ দেওয়া হবে। তার মধ্যে সবচেয়ে বেশি ঋণ দেওয়া হয় মাছ চাষের ব্যাপারে। এর কারণ হল-

ক. মাছের ব্যবসায় উৎপাদনকারী মাছ চাষীভাইয়ের লোকশানের কোনো ব্যাপার নেই

খ. মাছ চাষের ব্যাপারে একই টাকা বারবার লেনদেন হবে। আর প্রতিবার সেটা ঘোরার সঙ্গে সঙ্গে টাকার অঙ্ক অনেক বেড়ে যাবে।

গ. খাবার সঙ্গে যুক্ত যতরকম ব্যবস্থা আছে, মাছের ব্যবসায় তার লাভ সবচেয়ে বেশি।

সুতরাং মৎস্যচাষীদের বা শিক্ষিত বেকারদের অন্যতম ব্যবসা হিসেবে মাছ চাষ একটি উপায় হিসেবে দেখা যেতে পারে।

(৮) সুবিধা ও অসুবিধা

মৎস্যচাষের ক্ষেত্রে কোনো প্রাকৃতিক বিপর্যয় তথা বন্যা, খরা প্রভৃতি না হলে তেমন কোনো অসুবিধার সম্মুখীন হতে হয় না। তবে আসিড বৃষ্টি বা কোনো জল দূষিত রোগ হলে মৎস্যচাষীদের কিছু করার থাকে না। তবে রাখানগর অঞ্চলের গ্রামবাসীদের কাছ থেকে জানা গেছে তারা ‘আয়লা’ নামক প্রাকৃতিক বিপর্যয় ছাড়া তেমন কোনো বিপদের সম্মুখীন হন নি। তবে মৎস্য ব্যবসায়ীদের কাছ থেকে জানা গেছে তারা মাছ বিক্রয়ের সময় বা বিক্রি করতে যাওয়ার সময় যেমন যাতায়াতের অসুবিধা হয় তেমনি বিভিন্ন দুর্নীতির সম্মুখীন হতে হয়। তবে ‘মাছ ধরিব খাইব সুখে’^৫- এই প্রবাদ বাক্য যেমন সত্য তেমনি জলে একদিন মাছ ছাড়লে তার উপযুক্ত পরিমাণ অর্থ উপার্জন সম্ভব একথাও সত্য।

(৯) উপসংহার

ঐ অঞ্চলের মৎস্যচাষীদের কাছ থেকে জানা অভিজ্ঞতা থেকে পরিশেষে বলা যায় যে ঐ জীবিকাতে মানুষের জীবনহানির যেমন আশঙ্কা থাকে তেমনি আবার

অনেকক্ষেত্রে সুবিধাও আছে। মৎস্যচাষীদের জন্য বর্তমান কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্প প্রণয়নের ব্যবস্থা নিয়েছে এবং ব্যাঙ্কে লোন দানের ব্যবস্থা করেছে। তবে বর্তমান ভারতের প্রধানমন্ত্রীর ‘ক্যাশলেস ইন্ডিয়া নির্মাণ’ বা নোটবন্দীর ফলে এইসকল ক্ষুদ্র মৎস্যচাষীদের ভীষণ অসুবিধার সম্মুখীন হতে হয়। তবে মৎস্যচাষ মানুষের জীবন ধারণের ক্ষেত্রে ক্ষুদ্রতম দিক হলেও গ্রাম-বাংলার মানুষের কাছে আজ প্রধান পেশা হিসেবে দেখা দিচ্ছে এবং মানুষের বেঁচে থাকার অন্যতম পস্থাও হয়ে উঠেছে।

টীকাঃ

১. শাঁকের আঁটির মতো- যেন গায়ে গায়ে লেগে থাকা (প্রবাদ-প্রবচন)
২. মীন- গলদা চিংড়ির ছোটো থাকাকালীন অবস্থা
৩. ফিশারী- বিশালাকৃতি জলাশয় যেখানে মৎস্যচাষ করা হয়
৪. পিটুইটারী ইঞ্জেকশন- একপ্রকার ইঞ্জেকশান যার সাহায্যে মাছের ডিম ফোটানো হয়
৫. মাছ ধরির খাইব সুখে- সুখ,আহ্লাদ (প্রবাদ-প্রবচন)